Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

রেলে ৬২৯০৭ গ্রুপ 'ডি'
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ১০

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

পলিটেকনিকে ভর্তির পরীক্ষা
জেক্সপো-২০১৮
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ১০

বর্ষ ৩৮ সংখ্যা ৪২ কলকাতা শুক্রবার, ১৮ মে ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৩ জ্যৈষ্ঠ ১৪২৫ দাম ₹ ৪.০০ ১৬ পাতা R. N. 37120/80

# রেল সুরক্ষা বাহিনীতে ৮৬১৯ কনস্টেবল

৮,৬১৯ জন কনস্টেবল নেবে ভারতীয় রেল। মাধ্যমিক তরুণ-তরুণীরা আবেদন করতে পারেন। নিয়োগ হবে রেলওয়ে প্রোটেকশন ফোর্স (আর পি এফ) এবং রেলওয়ে প্রোটেকশন স্পেশ্যাল ফোর্সে (আর পি এস এফ)। আর পি এস এফ-এর শূন্যপদে শুধুমাত্র পুরুষরাই আবেদন করবেন। অনলাইন দরখাস্ত করা যাবে ১ জুন থেকে। উল্লেখ্য, 'কর্মক্ষেত্র'-র ২৩ মার্চ সংখ্যার 'আর পি এফে শীঘ্রই ১৪৫০০ কনস্টেবল' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত আগাম খবর জানানো হয়েছিল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর Constable/RPF-01/2018.

রেল অনুসারে আর পি এফের শূন্যপদ: গ্রুপ এ: দক্ষিণ-রেল, দক্ষিণ-পশ্চিম রেল, দক্ষিণ-মধ্য রেল: পুরুষদের জন্য শূন্যপদ: ৮০৩টি

**শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক**

(সাধারণ ৬৩৬, তফসিলি জাতি ৮২, তফসিলি উপজাতি ৩৪, ও বি সি ৫১)। মহিলাদের জন্য শূন্যপদ: ৯২৭টি (সাধারণ ৬২১, তফসিলি জাতি ১১৪, তফসিলি উপজাতি ৫৪, ও বি সি ১৩৮)।

গ্রুপ বি: মধ্য রেল, পশ্চিম রেল, পশ্চিম-মধ্য রেল, দক্ষিণ-পূর্ব-মধ্য রেল: পুরুষদের জন্য শূন্যপদ: ৪৪০টি (সাধারণ ৩২১, তফসিলি জাতি ৪৯, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ৫১)। মহিলাদের জন্য শূন্যপদ: ৭১২টি (সাধারণ ৩৮৮, তফসিলি জাতি ৯২, তফসিলি উপজাতি ৪৫, ও বি সি ১৮৭)।

গ্রুপ সি: পূর্ব রেল, পূর্ব-মধ্য রেল, দক্ষিণ-পূর্ব রেল, ইস্ট-কোস্ট রেল: পুরুষদের জন্য শূন্যপদ: ১,১৮৭টি (সাধারণ ৮৭৭, তফসিলি জাতি ১৮৩, তফসিলি উপজাতি ১৩৪, ও বি সি ৯২)। মহিলাদের জন্য শূন্যপদ: ১,০৯১টি (সাধারণ ৮১৬, তফসিলি জাতি ২০১, তফসিলি উপজাতি ১৩২, ও বি সি ২৪২)।

গ্রুপ ডি: উত্তর রেল, উত্তর-পূর্ব রেল, উত্তর-পশ্চিম রেল, উত্তর-মধ্য রেল: পুরুষদের জন্য শূন্যপদ: ১,০৪৬টি (সাধারণ ৭৬১, তফসিলি জাতি ১৫২, তফসিলি উপজাতি ৬৮, ও বি সি ৬৫)। মহিলাদের জন্য শূন্যপদ: ১,০০৬টি (সাধারণ ৬৪৬, তফসিলি জাতি ১৪১, তফসিলি উপজাতি ৭৫, ও

এরপর পাঁচের পাতায়

# রেল সুরক্ষা বাহিনীতে ১১২০ সাব-ইনস্পেক্টর

**শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক**

১,১২০ জন সাব-ইনস্পেক্টর নেবে ভারতীয় রেল। যে-কোনও শাখার গ্র্যাজুয়েট তরুণ-তরুণীরা আবেদন করতে পারেন। নিয়োগ হবে রেলওয়ে প্রোটেকশন ফোর্স (আর পি এফ) এবং রেলওয়ে প্রোটেকশন স্পেশ্যাল ফোর্সে (আর পি এস এফ)। আর পি এস এফ-এর শূন্যপদে শুধুমাত্র পুরুষরাই আবেদন করবেন। অনলাইন দরখাস্ত করা যাবে ১ জুন থেকে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: SI/RPF - 02/2018.

রেল অনুসারে আর পি এফের শূন্যপদ: গ্রুপ এ: দক্ষিণ-রেল, দক্ষিণ-পশ্চিম রেল, দক্ষিণ-মধ্য রেল: পুরুষদের জন্য শূন্যপদ: ১২৬টি (সাধারণ ৭৫, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ২১, ও বি সি ২১)। মহিলাদের জন্য শূন্যপদ: ৫২টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ৫,

এরপর পনেরোর পাতায়

# নৌবাহিনীতে বাদ্যযন্ত্রী

ট্রেনিং দিয়ে বেশ কিছু বাদ্যযন্ত্রী নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। নিয়োগ করা হবে নাবিক পদে ম্যাট্রিক রিক্রুট (মিউজিশিয়ান) এন্ট্রিতে। শুধুমাত্র অবিবাহিত পুরুষরা আবেদন করতে পারবেন। ট্রেনিং হবে ০২/২০১৮ ব্যাচে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। নির্দিষ্ট বাদ্যযন্ত্র বাজানোর দক্ষতা থাকতে হবে। বাদ্যযন্ত্রগুলি হল— কী বোর্ড, উইন্ড ইনস্ট্রুমেন্ট, গিটার, তবলা, মৃদঙ্গ, পাখোয়াজ এবং ঢোল। সেইসঙ্গে স্টাফ নোটেশন-সহ সঙ্গীতের থিওরি সম্পর্কে প্রাথমিক জ্ঞান থাকতে হবে এবং গান গাইতে জানতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫৭ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা

এরপর পনেরোর পাতায়

স্বনির্ভরতার লক্ষ্যে
কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
বিস্তারিত ৫ পাতায়

বিহার স্টেট পাওয়ার হোল্ডিং কোম্পানিতে

www.banglajobguide.tk

# ৩৫০ জুনিয়র অ্যাকাউন্টস ক্লার্ক

জুনিয়র অ্যাকাউন্টস ক্লার্ক পদে ৩৫০ জন কর্মী নেবে বিহার স্টেট পাওয়ার (হোল্ডিং) কোম্পানি। নিয়োগ করা হবে বিহারের বিভিন্ন বিদ্যুৎ উৎপাদক ও বিদ্যুৎ সরবরাহকারী সংস্থায়। প্রবেশন ২ বছরের। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদের জন্যই আবেদন করতে পারবেন। তাই এখানে সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট ১১৫টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 04/2018.

শিক্ষাগত যোগ্যতা: কমার্স গ্র্যাজুয়েট। বয়স: ১-১-২০১৮ তারিখে ২১ থেকে ৩৭ বছরের মধ্যে হতে হবে।

বেতনক্রম: প্রবেশন চলাকালীন প্রথম বছরে প্রতি মাসে ৯,২০০-১০,৫০০ টাকা এবং দ্বিতীয় বছরে সপ্তম বেতন কমিশনের প্রস্তাব অনুসারে প্রতি মাসে ২১,৭০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল নলেজ, লজিক্যাল রিজনিং, জেনারেল ইংলিশ অ্যান্ড কম্প্রিহেনশন, জেনারেল হিন্দি, কম্পিউটার এবং কমার্স বিষয়ে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই

এরপর পনেরোর পাতায়

# আই আই টি কানপুরে চাকরি

জুনিয়র টেকনিশিয়ান, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, স্টুডেন্টস কাউন্সেলর-সহ বিভিন্ন পদে ৬৫ জন কর্মী নেবে কানপুরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি। চুক্তিতে নিয়োগ হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 1/2018.

শূন্যপদের বিবরণ: জুনিয়র টেকনিশিয়ান: ৩৭টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৬, ও বি সি ৯)। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রি বা ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছর মেয়াদের ডিপ্লোমা। অথবা আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ, সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে তিন বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সব ক্ষেত্রেই কম্পিউটার অ্যাপ্লিকেশনের ব্যবহার জানতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: সপ্তম বেতন কমিশনের প্রস্তাব অনুযায়ী লেভেল-৩ অনুসারে।

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট: ২১টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ১, ও বি সি ৪)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশন জানতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: সপ্তম বেতন কমিশনের প্রস্তাব অনুযায়ী লেভেল-৩ অনুসারে।

স্টুডেন্টস কাউন্সেলর: ৩টি

এরপর পনেরোর পাতায়

# ট্রেনিং দিয়ে কোস্টগার্ডে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট

ট্রেনিং দিয়ে বেশ কিছু অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট নিয়োগ করবে ভারতীয় উপকূল রক্ষীবাহিনী। জেনারেল ডিউটি, জেনারেল ডিউটি (পাইলট) শাখা এবং শর্ট সার্ভিস কমিশনে কমার্শিয়াল পাইলট লাইসেন্স (এস এস এ) এন্ট্রিতে নিয়োগ হবে। জেনারেল ডিউটি ও জেনারেল ডিউটি (পাইলট) শাখার ক্ষেত্রে শুধু পুরুষরা আবেদন করবেন। অন্য শাখার ক্ষেত্রে পুরুষ-মহিলা উভয়েই আবেদনের যোগ্য। ট্রেনিং হবে ০১/২০১৯ ব্যাচে।

জেনারেল ডিউটি ও জেনারেল ডিউটি (পাইলট): শিক্ষাগত যোগ্যতা: উভয়ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স ও ফিজিক্স পড়ে থাকতে হবে। বি ই বা বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরা আবেদন করবেন না।

কমার্শিয়াল পাইলট এন্ট্রি: শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক,

এরপর ষোলোর পাতায়

# দিল্লি এইমসে ৬৬

টেকনিশিয়ান, অ্যাসিস্ট্যান্ট ডায়েটিশিয়ান, জুনিয়র ইঞ্জিনিয়ার-সহ বিভিন্ন পদে ৬৬ জন কর্মী নেবে দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিকাল সায়েন্সেস (এইমস)। নিয়োগ হবে গ্রুপ 'এ' এবং গ্রুপ 'বি' ক্যাটেগরিতে।

শূন্যপদের বিবরণ: **টেকনিশিয়ান (রেডিওলজি):** ১৮টি (সাধারণ ১৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** রেডিওগ্রাফিতে অনার্স-সহ বি এসসি বা বি এসসি ডিগ্রি। **বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৯,৩০০-

এরপর পাঁচের পাতায়

# প্যারামেডিক্যাল টেকনোলজির ডিপ্লোমা কোর্সে ভর্তির পরীক্ষা ৮ জুলাই

সরকারি মেডিক্যাল কলেজ, হাসপাতাল এবং পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানে প্যারামেডিক্যাল টেকনোলজির বিভিন্ন শাখায় ২ বছরের ডিপ্লোমা কোর্সে ভর্তি নেওয়া হবে। প্রার্থী বাছাই করা হবে 'স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অব ওয়েস্ট বেঙ্গল এন্ট্রান্স এক্সামিনেশন-২০১৮'-র মাধ্যমে। পরীক্ষা ৮ জুলাই। পরীক্ষাটি পরিচালনা করবে স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অব ওয়েস্ট বেঙ্গল।

**আসনসংখ্যা:** সরকারি প্রতিষ্ঠানে আসনসংখ্যা ১১৭৬ এবং সরকার অনুমোদিত অন্যান্য প্রতিষ্ঠানে সম্ভাব্য আসনসংখ্যা ৯১৮। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ। **বয়স:** ১-৯-২০১৮ তারিখে অন্তত ১৭ বছর হতে হবে।

**কোর্স ফি:** সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৩০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৮ জুলাই। পরীক্ষা নেওয়া হবে এই সব জেলায় (ব্র্যাকেটে ডিস্ট্রিক্ট কোড): কলকাতা (০১), বাঁকুড়া (০২), বর্ধমান (০৩), শিলিগুড়ি (০৪), মেদিনীপুর (০৫), মালদা (০৬), নদিয়া (০৭), মুর্শিদাবাদ (০৮)।

অনলাইনে আবেদন করতে হবে এই দুটি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.smfwb.in বা www.smfwbee.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১১ জুন। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর রঙিন ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ড থাকতে হবে, ১০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৩ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন বা অফলাইন ব্যবস্থায় দিতে হবে ৫০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ই-চালানের মাধ্যমে। অথবা, অনলাইনে ফি জমা দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে।

অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর পূরণ করা আবেদনপত্র এবং কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। পূরণ করা আবেদনপত্রের প্রিন্ট আউটটি পাঠাতে হবে।

**আবেদনপত্রের প্রিন্ট আউটের সঙ্গে দেবেন:** ✓উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কশিট। ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের প্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓ব্যাঙ্ক চালানের কপি (অফলাইনে ফি জমা

এরপর পনেরোর পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন



Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১ এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in
বর্ষ ৩৮ সংখ্যা ৪২ □ ১৮ মে ২০১৮

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ: karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ: advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ: circulation@swarnakshar.in

## কর্মখালি

### আল-আমীন মিশন
### খলতপুর, হাওড়া
### আবাসিক শিক্ষক-শিক্ষিকা চাই।

মিশনের বিভিন্ন শাখার জন্য বাংলা, ইংরেজি, পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিদ্যা বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর আবাসিক শিক্ষক-শিক্ষিকা চাই। ১০ দিনের মধ্যে দরখাস্ত জমা দিন অথবা ই-মেল করুন এই ঠিকানায়: আল-আমীন মিশন, ৫৩বি, ইলিয়ট রোড, কলকাতা-৭০০ ০১৬। e-mail: gazi.alameen mission@gmail.com

□

### চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা
**বেতন: 10,600/- –28700/-**

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং প্রক্রিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**SBI/Vodafone/Jio** কাস্টমার কেয়ারে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 10,500/-. এখনই যোগাযোগ করুন: Zea Management Service, Salt Lake, Sec-V, Kol-91. M: 90075-59111.

□

**ভারতের সর্বত্র স্টার হোটেলে**
৭ দিনে জয়েনিং। ন্যূনতম মাধ্যমিক আয় ৮,০০০ + থাকা খাওয়া + টিপস। বয়স ৩০-এর মধ্যে। Career Hub (ISO স্বীকৃত ও গভঃ রেজিঃ) 7A, রূপচাঁদ মুখার্জি লেন, ভবানীপুর, কোল-25. (M): 92319-65679.

□

**Jio/SBI/Voda** কাস্টমার কেয়ারে বাংলা জানা M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 10,500/-. Z. M. GROUP, Salt Lake, Sec-V, Kol-91, M: 90517-30543.

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৯ মে দুপুর ২টো পর্যন্ত।
□□□
১ জুন **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৬ মে দুপুর ২টো পর্যন্ত।
□□□
**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 90739-82781.

□

**VODA/ JIO/ AIRTEL/ 4G** কাস্টঃ কেয়ারে (10-6 P.M) NEW SIM সংক্রান্ত কাস্টমারদের Incoming Call verify-এর জন্য রাজ্যের বিভিন্ন জেলা থেকে (M/F) সরাসরি নিয়োগ চলছে। মাধ্যমিক-M.A, বয়স: 18-38. SAL: 10,800/- – 45,800 + PBA + OT + ESI + মেস + CAR. IING, Kol-08. বেহালা: 96742-56755, দঃ ২৪ পরগনা: 82769-83240, ডায়মন্ড: 90515-85928, পূঃ মেদিনীপুর: 81011-02499.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি
### ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে প্রার্থী চাই

হাওড়া ও হুগলি: 70443-81672
ব্যান্ডেল ও বেলুড়: 85838-65904
ব্যারাকপুর ও সোদপুর: 86975-95918
বসিরহাট ও এয়ারপোর্ট: 80174-18654
বজবজ ও ঢাকুরিয়া: 86976-16060
বারাসাত ও বনগাঁ: 84208-88113
দমদম ও ডানলপ: 74497-02185
রাজারহাট ও শিয়ালদহ: 97484-94791
সোনারপুর ও গড়িয়া: 86976-16100
নৈহাটি ও কল্যাণী: 86975-95917
বারুইপুর ও ক্যানিং: 82769-01033
Need Counseling, ডানলপ-108.

□

### BANK KYC-তে 28 জন কম্পিউটার অপারেটর

চাকরির জন্য কোনও ডোনেশন লাগে না। স্থায়ী পদে অফিসিয়াল Database Operate করতে H.S পাশ / Appeared (18-32) ব্যাক অফিস Executive নিয়োগ। বেতন: 8,470/- – 12,730/-. Innovative Technology, Dunlop Kol-108. বারাসাত: 83368-25979, কলকাতা: 83368-25980.

□

### কর্মপ্রার্থী চাই ২৩৭ জন

**www.gcajob.co.in** ৪র্থ-বি. এ যোগ্যতা, প্রতিটি জেলায় ATM/ শপিং মল/ Tower/ নার্সিং হোম/ BANK ও MNC-তে বিনা ডোনেশনে অফিসে বসে স্থায়ী কাজ। বয়স: ১৮–৪৮। বেতন: 11,200/- – 28,700/-, ESI+PF. গ্যারান্টি পেপার-সহ জয়েনিং। (G.C.A.), MG Rd, Kol-7, (M): 77184-52562.

□

### এয়ারপোর্ট ও মেট্রো

গভঃ লাইসেন্সপ্রাপ্ত কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে D গ্রুপে ফর্ম দেওয়া চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,800/- – 45,800/-. বয়স: 18-45. M: 87684-73851, S. C. P/25, CIT Rd., Kol-54.

□

### DIRECT নিয়োগ

জেলায় জেলায় ATM গার্ড, টাওয়ার গার্ড Pvt. হাসপাতালে কাজের জন্য কর্মী চাই। বেতন: 12,500/- – 18,500/-. M: 78728-49742, R. S-11 RM L, Kol-09.

□

**Airtel/Vodafone** কাস্টমার কেয়ারে বাংলাভাষী M/F চাই। বেতন: INC + OT-সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol-91. M: 85848-87134.

□

### AIRPORT ও মেট্রোরেলে

বিভিন্ন Pvt. ব্যাঙ্ক (DSA)-তে বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 42,500/-. ফর্ম দেওয়া চলছে। 77187-18137, G. P. CIT Rd, Kol-54 (G.P).

□

## কর্মখালি

DISH TV কাস্টমার কেয়ারে নিয়োগ। মাধ্যমিক-M.A. (18-35). Salary: 11,800/-, On Point, বারুইপুর, Kol-144, 98308-34004 / 98308-33834.

□

### জরুরী বিজ্ঞপ্তি
**M: 8327097516**

কোনওরকম ডোনেশন ছাড়াই যোগ্যতানুযায়ী Airport, মেট্রোরেল ও প্রাইভেট BANK (DSA) সংস্থায় সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ স্পট জয়েনিং। যোগ্যতা: (নামসই-স্নাতক)। বেতন: (10,500/- – 42,700/-). থাকা খাওয়া-সহ OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশনের বিশেষ সুবিধা। কাজ পেতে সত্বর যোগাযোগ করুন। Sara Corporate, S. T. Rd, শ্যামনগর।

www.banglajobguide.tk

### আর্জেন্ট ভ্যাকান্সি
**Govt Reg. L O-WB. 7562**
**M: 8348032205**

উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী Airport, মেট্রোরেল ও Pvt. BANK (DSA) সংস্থায় সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সরাসরি স্থায়ী পদে লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (12,500/- – 42,700/-). থাকা খাওয়া-সহ যাতায়াত খরচ কোম্পানির। এছাড়া OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশনের বিশেষ সুবিধা। কাজের বিশদ জানতে যোগাযোগ করুন। N. Corporate, S. T. Rd, Nowa Para, শ্যামনগর।

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট
**Govt Reg. L/No WB. 6290**
**M: 8327062290**

সম্পূর্ণ বিনা ডোনেশনে 4-5 দিনের মধ্যে স্পট জয়েনিংয়ের বিশেষ সুবিধা Airport, মেট্রোরেল ও BANK (DSA) সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে পার্মানেন্ট চাকরি। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (9,500/- – 38,700/-). OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। Sara Corporate, S. T. Rd, N P. Shyamnagar.

□

**পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাইভেট** ব্যাঙ্কে ব্যাক অফিস, ডেটা এন্ট্রি ও অন্যান্য পদে নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বয়সসীমা ১৮–৩০ বছর। বেতন: ১২,৭০০/- – ১৯,৩০০/-, EPF, ESIC, Medical. IPC, Salt Lake, Kol-91. কোলকাতা/ হাওড়া: 98742-35889, বর্ধমান/ হুগলি: 74777-93461, আসানসোল/ দুর্গাপুর: 97351-46325, পুরুলিয়া/ বাঁকুড়া: 84361-40813, বীরভূম/ নদিয়া: 74777-93463, মেদিনীপুর/ খড়গপুর: 74494-06185.

□

**কাস্টমার কেয়ার ও BANKING প্রসেসে** স্পট জয়েনিং। Salary: 10,800/- – 22,400/-. সুবিধা: P.F., ESI, OT, Car, স্থায়ী চাকরি, Inc-সহ থাকা-খাওয়ার সুবিধা। Star Creation, Nalpur-310. হাওড়া, হুগলি, কলকাতা: 98746-20315; মেদিনীপুর, বাঁকুড়া: 98308-68587.

□

### সরাসরি নিয়োগ

জেলায় জেলায় A. T. M গার্ড, টাওয়ার Co. ও নার্সিং হোম ও MNC Co.-তে বিভিন্ন পদের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 18,500), M. J. S, 11C, R. B. L, Kol-09. (M): 90519-14620.

□

**BPO-তে বাংলা/হিন্দি জানা M/F চাই।** Maa Durga Management Service, Sonarpur, Kol-150. সত্বর যোগাযোগ করুন: 84788-99784.

□

**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## কর্মখালি

**Naptol, Airtel, Vodafone,** Banking-এ Spot joining চলছে। বাংলা-হিন্দি জানা M/F নিয়োগ চলছে। মাধ্যমিক-MA, জেলাভিত্তিক নিয়োগ। বেতন: 10,850/- – 22,800/-, P.F, ESI, Incentive-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। NIGAM TORI, KGP, Medinipur কলকাতা: 98007-80569, বাঁকুড়া ও মেদিনীপুর: 84368-61388.

□

**SBI Care ও JIO B.O Process-এ** বাংলাভাষী বিনা টার্গেটে, স্থায়ী পদে ১৮–৩৫, M/F নিয়োগ (MP-M.A), বেতন: 10,600/- – 15,200/- + PF + ESI + O.T. G. Next হাওড়া / মেদিনীপুর: 90736-50002 & Others: 90736-50001.

## স্কুল-কলেজ শিক্ষা

### CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY

**GNM & B.Sc Nursing & BSS** Govt. of India স্বীকৃত DMLT DPT ECG X-Ray Scan MRI Dialysis OT ICU Eye ডেন্টাল হোমিওপ্যাথি আয়ুর্বেদ কোর্সে ভর্তি চলছে। যোগ্যতা: MP/HS. কলেজ ক্যাম্পাস-126B, রাজা রামমোহন সরণি, কোল-9. শিয়ালদা পূরবী সিনেমার কাছে। হেড অফিস-22, রাধানাথ মল্লিক লেন, কোল-12, কলেজ স্কোয়ার, CU-র কাছে। 93310-62421.

□

### B. Ed-M.Ed
### D. El. Ed

**UGC-NCTE approved, 50%** Scholarship, Installment Facility, Nursing, Pharma, Animation, AIHS-Kol-84, Near Khudiram Metro, 98314-45550, 97337-09928. www.aih.org.in

□

**Math & Eng.** সোনারপুর Rail (স্পেশ্যাল), WBCS, MICS, Bank প্রাইমারি TET, পুলিশ, Gr.D Clerkship সেকেন্ডে কৌশল। A. P. Nagar, Kol-150, Alakesh Sir: 90510-89736.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### টিচার্স ট্রেনিং

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS. & NCVT Govt. of India approved. Placement assistance. রবীন্দ্র পাঠভবন হাওড়া: 90510-74736/ 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 / 84500-34033, শ্যামবাজার: 98308-15220/ 84428-66912.

□

### ANM নার্সিং ট্রেনিং

কোর্সের ফর্ম দেওয়া হচ্ছে। সত্বর যোগাযোগ করুন। এছাড়াও X-Ray, E.C.G., DMLT (প্যাথোঃ) DPT (ফিজিও) কোর্সে সরাসরি ভর্তি চলছে। ২০তম বর্ষপূর্তিতে প্রতিটি কোর্সের ভর্তির সঙ্গে সম্পূর্ণ বিনামূল্যে স্কুল ব্যাগ দেওয়া হচ্ছে। MRIT-শ্রীরামপুরে। Mob No.: 92318-39309.

□

### নার্সিং কোর্সে ভর্তি

**INC ও KNC অনুমোদিত B.Sc ও** GNM কোর্সে ভর্তি চলছে। Bank Loan সুবিধা। Placement, Installment Facility. Gurukul Nursing Institute, বারুইপুর, কোল-700 144. 85849-23750, 98303-88027.

□

**WBCS, PSC, SSC, ব্যাঙ্ক, রেল,** স্পোকেন ইংলিশ ইত্যাদি কোর্স সঠিকভাবে প্রশিক্ষণ নিয়ে বহু স্টুডেন্ট চাকরি পেয়েছে। কেবলমাত্র ছাত্রীরাই ফোন করবে। পি. মুখার্জি, হাওড়া শিবপুর, 90075-34791.

□

**12,500 টাকা স্কলারশিপ পান WBCS,** RAIL, PRIMARY, COMB প্রস্তুতিতে শুধু দুঃস্থ মেধাবী ছাত্রছাত্রীদের জন্য Real Competitive Institute 98746-06164 / 96749-24507 রাজারহাট, দমদম, নিউ গড়িয়া।

□

**ভর্তি চলছে WBCS (Plm/Main) 55%** (110) কমন না পেলে টাকা ফেরত। PSC, SSC Others পড়ানো হয়। সোনারপুর, মুনাক্সঠার: 90077-36900.

□

### কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

## স্বর্ণাক্ষরের বেড়াবার বই ছোটদের বই

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশে ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹৪৫
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত। পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০
**হরিণের সঙ্গে খেলা** ₹১৫
**আমার বনবাস** ₹১২

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# কাচ কাটার মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



নিজস্ব প্রতিনিধি: ড্রেসিং টেবিল, শোকেস, আলমারি, ডাইনিং টেবিল ইত্যাদি তৈরি করতে এবং দরজা-জানলায় কাচ বসানোর জন্য নির্দিষ্ট মাপের কাচ দরকার হয়। কাচ কাটার এই মেশিনের সাহায্যে মসৃণভাবে কাচ কেটে তা বিভিন্ন আসবাবপত্র তৈরির দোকানে সরবরাহ করতে পারেন।

**কীভাবে করবেন:** কাচের পাত সস্তায় পাওয়া যায় চিনাবাজার অথবা ধর্মতলার কাছে মেট্রো সিনেমার পিছনের দিকের অঞ্চলে। বাজার থেকে প্রথমে কাচের পাত কিনে আনতে হবে। এবার মেশিনের নির্দিষ্ট জায়গায় কাচের পাতটিকে রেখে প্রয়োজন অনুযায়ী মাপ নির্দিষ্ট করে বোতাম টিপলেই আপনা থেকে নির্দিষ্ট মাপে কাচ কেটে বেরিয়ে আসবে।

**কোন মেশিনের কী দাম:** সম্পূর্ণ অটোম্যাটিক এই মেশিনের দাম আড়াই লাখ টাকা। তবে এই মেশিনটি যদি হস্তচালিত হয়, তবে মোটর সমেত মেশিনটির দাম পড়বে ৫০,০০০ টাকা। মোটর সমেত গ্রাইন্ডিং মেশিনের দাম পড়বে ৯,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

□ *মাশরুমের চাষ শিখতে চাই। কোথায় শেখানো হয় এবং কত ফি জানতে চাই। —রোমিয়া ভদ্র, দমদম, কলকাতা-৫২।*

□□ আপনার ঠিকানার কাছাকাছি প্রতিষ্ঠান এগ্রি-হর্টিকালচারাল সোসাইটি অব ইন্ডিয়ায় মাশরুমের চাষ শেখানো হয়। ২ মাসের কোর্স। প্রতি শনিবার বেলা ১২টা থেকে ২টো পর্যন্ত ক্লাস। ফি ১,৫০০ টাকা। পরবর্তী ব্যাচের কোর্স শুরু হবে অগস্ট মাসের প্রথম সপ্তাহে। যোগাযোগের ঠিকানা: ১, আলিপুর রোড, কলকাতা-২৭। ফোন: ২৪৭৯-১৭১৩/ ০৮৩৪।

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বয়স্ক শিক্ষাকেন্দ্রে মাশরুম চাষের স্বল্পমেয়াদি প্রশিক্ষণ দেওয়া হয়। ফি ৪০০ টাকা। যোগাযোগের ঠিকানা: বয়স্ক শিক্ষাকেন্দ্র, কল্যাণী বিশ্ববিদ্যালয়, কল্যাণী (ট্রেনে ঘোষপাড়া স্টেশনে নামতে হবে), নদিয়া। ফোন: ২৫৮০-৮৩৭১, ৯৪৩৩৩ ৪২২৮৬।

মাশরুমের চাষ ও মাশরুমের বীজ তৈরির ৬ মাসের প্রশিক্ষণ হয় কোলাঘাটের বাথানবেড়িয়া শ্রীনিবাস বিদ্যামন্দিরে (উচ্চমাধ্যমিক)। ফি ৫০০ টাকার মধ্যে। ঠিকানা: বাথানবেড়িয়া শ্রীনিবাস বিদ্যামন্দির (উচ্চমাধ্যমিক), কোলাঘাট, পূর্ব মেদিনীপুর। ফোন: ৯৭৩২৮ ৭০৮২২।

□ *পশ্চিমবঙ্গে নারকেলের উৎপাদন কম নয়। নারকেলের ছোবড়ার অপচয় ঘটে। এই ছোবড়া দিয়ে দড়ি, কার্পেট, কম্বল, জিওটেক্সটাইল সামগ্রী তৈরি হতে পারে। পশ্চিমবঙ্গে নারকেলের ছোবড়া বা কয়ার শিল্পের সম্ভাবনা সম্পর্কে জানতে চাই। কীভাবে জানা যেতে পারে? —প্রতাপচন্দ্র মণ্ডল, ডায়মন্ড হারবার, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ইন্টারনেটে 'prospectus of coir industry in West Bengal' লিখে সার্চ করলে পশ্চিমবঙ্গের ছোবড়া শিল্পের সম্ভাবনা-বিষয়ক বিশদ তথ্য পাবেন। এটি ছোবড়া শিল্প বিষয়ক একটি রিপোর্টের পঞ্চম অধ্যায়। রিপোর্টের এই অংশবিশেষটি পাবেন এই ওয়েবসাইটে: www.sodhganga.inflibnet.ac.in

প্রসঙ্গত, অনেক সম্ভাবনা সত্ত্বেও পশ্চিমবঙ্গে ছোবড়া শিল্পের চোখে পড়ার মতো বিকাশ ঘটেনি এ পর্যন্ত। সমস্যাগুলো কী? সমস্যাগুলো নিয়ে অধ্যাপক আশিসকুমার সানা ও সুব্রত সরকারের একটি গবেষণাপত্র রয়েছে। আগ্রহী হলে 'Problems of Coir Industry in West Bengal' শীর্ষক এই গবেষণাপত্রটি দেখতে পারেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইটে: www.caluniv.ac.in

দক্ষিণ ২৪ পরগনা জেলায় ছোবড়া শিল্পের ভালো সম্ভাবনা রয়েছে কাঁচামালের পর্যাপ্ত জোগানের কারণে। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন দক্ষিণ ২৪ পরগনা জেলা শিল্পকেন্দ্রে। ঠিকানা: এম এস বিল্ডিংস, তৃতীয় তল, কসবা ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, ফেজ-থ্রি, কলকাতা-১০৭। ফোন: ২৪৪২-৬৬৪৫/ ৯৮৭৬।

www.banglajobguide.tk

RPF (RAIL) স্পেশাল Batch শুরু 28th May '18 (2.00 P.M.) থেকে।
RAIL এবং Technical চাকরির ক্ষেত্রে পূর্বভারতের নিঃশব্দ বিপ্লব ঘটানো প্রতিষ্ঠান
তপোবন স্টাডি সেন্টার ফর টেকনিক্যাল® Govt. Regd.
ভদ্রেশ্বর, জেলা : হুগলি আমাদের কোনো শাখা নেই
M. : 8820022385, 9681026768 (8am-5pm)
FOR ITI, DIPLOMA & B.TECH STUDENTS : RAIL (SSE,JE, ALP,Technician),SAIL, MES, ORDNANCE, NTPC, DVC, TCL, PDCL, DRDO, BSNL
FOR MP, HS & Graduate students : RAIL (ASM, GOODS GUARDS, TC, CLERK) PSC, SSC, BANK, GRD'
ALP, Technician & Gr'D' স্পেশাল নতুন ব্যাচে ভর্তি চলছে
চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ মিঃ সুকুমার পালের বিশেষ গাইড নিয়ে আপনিও হতে পারেন ভারতীয় রেল পরিবারের একজন

BEST HOTEL MANAGEMENT INSTITUTE IN WEST BENGAL
An ISO 9001 : 2008 Certified Institute
(Estd. in 1997)
SIHM SCHOOL OF INDIAN HOTEL MANAGEMENT
ADMISSION OPEN
কোর্স শেষে দেশে ও বিদেশে
নিশ্চিত চাকরির
লিখিত গ্যারান্টি
A Unit of "Sumana Foundation"
AUTHORISED TRAINING CENTRE OF "BHARAT SEVAK SAMAJ"
( A NATIONAL DEVELOPMENT AGENCY, ESTABLISHED IN 1952 BY PLANNING COMMISSION, GOVT. OF INDIA.)
SIHM is a member of HOTEL & RESTAURANT ASSOCIATION OF EASTERN INDIA
বিগত ২১ বছরে এই প্রতিষ্ঠান থেকে পাশকরা
সমস্ত ছাত্র-ছাত্রীরা দেশে ও বিদেশে সুপ্রতিষ্ঠিত
Email: sihm97@gmail.com
Visit Us : www.sihm.co.in
TRAINING & PLACEMENT
Only in 5 STAR HOTELS in India & Abroad
100% PLACEMENT TILL DATE



HEAD OFFICE & CAMPUS : B 12 / 283, KALYANI, NADIA, W.B. (Sunday Open)
(Near Central Park, Oppsite of Fish Farm )
For Admission Contact : 9831616989 / 9830852189

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*নিজের কথা দিয়ে বলতে পারি, আমার ক্ষমতাগুলো খুবই সাধারণ, তবে সেগুলির প্রয়োগে আন্তরিকতার অভাব ছিল না। নিজেকে কাজে লাগানো, প্রয়োগ করতে পারাটাই বড় কথা।*

*— স্যার আইজ্যাক নিউটন*
*(ব্রিটিশ গণিতজ্ঞ, মাধ্যাকর্ষণ শক্তির ব্যাখ্যাতা)*

*✓ ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করার পরে ইংরেজি অনার্স সম্পূর্ণ করেছি ২০১৬-য়। বর্তমানে ইংরেজির স্নাতকোত্তর কোর্স পড়ছি। সঙ্গে চলছে সরকারি চাকরির পড়াশোনা। কেন্দ্রীয় বা রাজ্য সরকারের কোনও চাকরির জন্য এখনই দরখাস্ত করার সুযোগ থাকলে জানাবেন। আর প্রস্তুতি নিতে এমন কয়েকটি চাকরির কথা জানাবেন।*

*পূর্ণা দাশগুপ্ত, বেলগাছিয়া, কলকাতা-৩৭।*

☐ বিভিন্ন সরকারি চাকরির জন্যই আপনি আবেদনের যোগ্য। তবে কোন কোন চাকরির জন্য আপনি প্রস্তুতি নেবেন, তা বিচার-বিবেচনা করে আপনাকেই বেছে নিতে হবে। এক্ষেত্রে নিজস্ব পছন্দ এবং পছন্দের চাকরির পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য প্রয়োজনীয় জ্ঞান, ক্ষমতার মধ্যে সাযুজ্য বজায় রেখে চাকরি বাছাই করতে হবে। একটি চাকরির পরীক্ষায় কৃতকার্য হওয়ার সম্ভাবনা কতখানি সে-সম্পর্কে ধারণা পাওয়া যায় সংশ্লিষ্ট চাকরির পরীক্ষার সিলেবাস পর্যালোচনা করলেই। একটু খোঁজ করলেই এখন ইন্টারনেটে সরকারি চাকরির সিলেবাস পাওয়া যায়। যে সব চাকরির পরীক্ষার সিলেবাস একইরকম বা প্রায় একইরকম, সেই সব চাকরির পরীক্ষার জন্য একযোগে প্রস্তুতি নেওয়া সুবিধাজনক।

***এখনই আবেদন করতে পারেন:*** কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগ ও অফিসে অফিসার নিয়োগ করা হয় কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। ২০১৮-র পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। 'কর্মক্ষেত্র'-র ১১ মে সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো গ্র্যাজুয়েট' শীর্ষক সংবাদে এই পরীক্ষা এবং নিয়োগ প্রক্রিয়া-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। ৪ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssconline.nic.in

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগ ও অফিসে অফিসার নিয়োগ করা হয় কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। ২০১৮-র পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। 'কর্মক্ষেত্র'-র ১১ মে সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো গ্র্যাজুয়েট' শীর্ষক সংবাদে এই পরীক্ষা এবং নিয়োগ প্রক্রিয়া-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

***পরে আবেদন করতে পারবেন:*** রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ক্লার্ক ও প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রেলে কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, ট্রাফিক অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন।

মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বিভাগে অফিসার গ্রেডে চাকরি হয়। আপনি এই পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের কৃষিবিভাগে কৃষিপ্রযুক্তি সহায়ক পদে আবেদন করতে পারবেন। চাইলে ডব্লু বি সি এস পরীক্ষায় বসতে পারেন। আগ্রহ থাকলে কেন্দ্রীয় সিভিল সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারেন ভালো প্রস্তুতি নিয়ে। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন। পাবেন আরও নানা চাকরির খবর।

*✓ আমি তফসিলি জাতিভুক্ত একজন তরুণ। বাংলা সাহিত্যের অনার্স গ্র্যাজুয়েট। অনার্সে ৫৭ শতাংশ নম্বর আছে। এম এ পড়া যেত, কিন্তু তাড়াতাড়ি চাকরির প্রয়োজন বলে স্নাতকোত্তর কোর্সে ভর্তি হইনি। বর্তমানে কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স করছি। চাকরির খবর দিলে বাধিত হব।*

*সত্যজিৎ মণ্ডল, চক্রবেড়িয়া, হাওড়া-৭১১ ১০৪।*

☐ গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন। মনোমতো কয়েকটি চাকরি বেছে নিয়ে আগে থেকে প্রস্তুতি নেওয়া শুরু করলে পরীক্ষার জন্য তৈরি হতে সুবিধা হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার নেবে জেনারেল ইনশিওরেন্স কর্পোরেশন। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১১ মে সংখ্যায় 'জেনারেল ইনশিওরেন্স কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২৯ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.gicofindia.in

কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল' পরীক্ষায় বসতে পারেন। এই পরীক্ষায় বসার জন্য এখনই আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১১ মে সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো গ্র্যাজুয়েট' শীর্ষক সংবাদে এই নিয়োগ ও পরীক্ষা-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ৪ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: ssconline.nic.in

www.banglajobguide.tk

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, ট্রাফিক অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। একটিই পরীক্ষার মাধ্যমে এই চার পদের জন্য প্রার্থী বাছাই করা হয়। পশ্চিমবঙ্গ সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের কৃষিবিভাগে কৃষিপ্রযুক্তি সহায়ক এবং খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের ক্লার্ক, প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলির অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

*✓ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা করেছি। ডিপ্লোমায় ৭২ শতাংশ নম্বর আছে। এখন চাকরির চেষ্টা করব নাকি অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে নিলে ভালো হবে বুঝতে পারছি না। চাকরি ও অ্যাপ্রেন্টিসশিপের খবর দেবেন।*

*জয় ভৌমিক, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

☐ অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং না করা থাকলে যে চাকরি পেতে খুব সমস্যায় পড়তে হবে, এমনটা নয়। তবে অ্যাপ্রেন্টিসশিপ কোর্স করা থাকলে চাকরির বাজারে অবশ্যই কদর বাড়ে। অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং মানে, শিক্ষান্তে হাতেকলমে কাজের প্রকৌশলগুলো রপ্ত করা, প্র্যাক্টিক্যাল কাজের দক্ষতা বাড়ানো। ফলে যে-কোনও সংস্থাই নিয়োগের ক্ষেত্রে আগে এরকম হাতেকলমে কাজ জানা প্রার্থীকে বেছে নেবে। তাই অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য বছরখানেক সময় ব্যয় করার ক্ষেত্রে খুব সমস্যা না থাকলে হাতেকলমে প্রশিক্ষণ নিয়ে নেওয়াই ভালো হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের কিছু ডিপ্লোমাধারীকে ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে চাঁদা অর্ডন্যান্স ফ্যাক্টরি। ফাইনাল ইয়ারের পরীক্ষায় অন্তত ৫৭ শতাংশ নম্বর থাকলে ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করা যাবে। ট্রেনিং চলাকালীন মাসে ৩,৫৪২ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। 'কর্মক্ষেত্র'-র ১১ মে সংখ্যায় 'অস্ত্র কারখানায় অ্যাপ্রেন্টিস' শীর্ষক সংবাদে এই ট্রেনিং-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। নির্দিষ্ট বয়ানে দরখাস্ত করতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইট থেকে: www.ofchanda.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত সাধারণ ডাকে ২৬ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Sr. General Manager, Ordnance Factory Chanda, Distt : Chandrapur (MS), PIN No.: 442 501.

***পরে আবেদন করতে পারবেন:*** ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন, ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া লিমিটেড, ন্যাভাল ডকইয়ার্ড, অর্ডন্যান্স ফ্যাক্টরির মতো বিভিন্ন সংস্থা এখন টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ট্রেনিং দিচ্ছে। ডিপ্লোমাধারী ইঞ্জিনিয়ারদের টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে ট্রেনিং হয়। ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়।

ট্রেনিং-সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানাতেও: রিজিওনাল ডিরেক্টর, রিজিওনাল ডিরেক্টরেট অব অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং, এম এস ও বিল্ডিং, 'ই'-উইং, দ্বিতীয় তল, ডি এফ ব্লক, সেক্টর-ওয়ান, সল্টলেক, কলকাতা-৬৪। ই-মেল: rdatkolkata-cr@yahoo.in

কেন্দ্রীয় সরকারে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। রেলটেল এন্টারপ্রাইস, সেন্ট্রাল টুল রুম মিনারেল এক্সপ্লোরেশন লিমিটেড, রাইটস লিমিটেড, ইরকন ইন্টারন্যাশনাল, হিন্দুস্তান অ্যারোনটিক্স, বিভিন্ন শিপইয়ার্ড, নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন প্রভৃতির মতো সংস্থা প্রচুর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার নিয়োগ করে থাকে। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও চাকরির খবর পাবেন।

## যে কাজ করতে চান তা নিয়ে ভাবনাচিন্তা শুরু করুন আগে থেকেই



ডঃ সাধন কুমার ঘোষ, প্রফেসর ও প্রাক্তন বিভাগীয় প্রধান, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ
কো-অর্ডিনেটর, সেন্টার ফর কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম, যাদবপুর বিশ্ববিদ্যালয়

আপনি একটা নির্দিষ্ট চাকরি পেতে চাইছেন। কিন্তু সেই চাকরিটির প্রার্থী তো আপনি একাই নন, আরও প্রার্থী থাকবেন। ধরা যাক, শূন্যপদ একটিই। অর্থাৎ, সংস্থা কর্তৃপক্ষকে অনেকের মধ্যে থেকে একজনকেই বেছে নিতে হবে। শিক্ষাগত যোগ্যতা একই। কেননা, শিক্ষাগত যোগ্যতার মাপকাঠিটা বেঁধে দেওয়া হয়। এক্ষেত্রেও ধরে নেওয়া যেতে পারে, একাধিক প্রার্থীরই অ্যাকাডেমিক রেজাল্ট বেশ ভালো। এবার প্রার্থী বাছাইয়ের দায়িত্বে যাঁরা রয়েছেন, তাঁদের করণীয় কী? বিভিন্ন ইন্টারভিউ বোর্ডের সদস্য হিসেবে দায়িত্ব পালন করতে হয়েছে। সেই অভিজ্ঞতার নিরিখে বলতে পারি, প্রার্থী বাছাইয়ের দায়িত্বে যাঁরা থাকেন, তাঁরা এরকম পরিস্থিতিতে প্রার্থীর অতিরিক্ত গুণাবলির খোঁজ করেন। কেমন সেটা? একজন প্রার্থীর রেজাল্ট বেশ ভালো, আরেকজন প্রার্থীর রেজাল্ট ভালোই, তবে তুলনামূলকভাবে অতটা ঝকঝকে নয়। কিন্তু দ্বিতীয় প্রার্থী তাঁর সম্ভাব্য চাকরিটির দায়দায়িত্ব সম্পর্কে অনেক বেশি ওয়াকিবহাল। কাজের ক্ষেত্রে কোথায় কোথায় তিনি চ্যালেঞ্জের মুখোমুখি হতে পারেন, সে-সম্পর্কে তাঁর প্রত্যক্ষ অভিজ্ঞতা না থাকলেও মোদ্দা একটা ধারণা আছে এবং ওরকম চ্যালেঞ্জিং পরিস্থিতি মোকাবিলায় তাঁর করণীয় কী, সে-বিষয়েও তিনি নিজের মতো করে ভেবেছেন। এই দ্বিতীয় প্রার্থীই কিন্তু সংস্থা-কর্তৃপক্ষের কাছে গ্রহণীয় হবেন। কারণ তিনি প্রমাণ করেছেন যে, তিনি চাকরি-সংক্রান্ত কাজকর্ম নিয়ে যুক্তি-বুদ্ধির পথ ধরে অনেকটা ভেবেছেন। নিজের মতো করে সমস্যা মোকাবিলা করার মানসিকতা রয়েছে তাঁর। এই প্রয়াস, এই মানসিকতা অন্য অনেকের সঙ্গে তাঁর তফাত গড়ে দেবে।

একটা বড় সংস্থায় অনেকে মিলে একটি দায়িত্ব সম্পাদন করতে হয়। বিভিন্ন বিভাগের কাজের মধ্যে সমন্বয় ঘটাতে হয়। একজন প্রার্থীর সবক'টি বিভাগের কাজ জানা থাকবে না। কিন্তু বিভাগগুলির কাজের প্রকৃতি সম্পর্কে যদি তাঁর একটা সাধারণ ধারণাও থাকে, তবে তাঁর নিজের কাজটা করতে যেমন সুবিধা হয়, তেমনি প্রকারান্তরে অন্যদের কাজেও সুবিধা করে দেওয়া হয়। আর এরকম কর্মীই পরবর্তীকালে নেতৃস্থানীয় হয়ে ওঠেন। যে-কোনও সংস্থাই এরকম লোকের খোঁজে থাকে।

ধরা যাক, আপনি ব্যাঙ্কের চাকরি করতে চান। তাহলে ব্যাঙ্কিং ব্যবস্থা সম্পর্কে আপনার একটা ধারণা থাকতে হয়। একজন টেকনিক্যাল লোকের আধুনিক প্রযুক্তি, তার ব্যবহার নিয়ে অবহিত থাকতে হবে। যিনি প্রশাসনিক চাকরি করবেন, তাঁকেও উপযুক্ত ব্যক্তিত্বের অধিকারী হয়ে উঠতে হয়।

যেমন-তেমন করে একটা চাকরি পেলেই তো আমার হ'ল, এভাবে ভাববেন কেন? হ্যাঁ, অর্থ উপার্জন চাকরির প্রধান শর্ত, তবে একমাত্র শর্ত কি? চাকরিটা আপনাকে দীর্ঘদিন ধরে করতে হবে। তাহলে কাজটা ভালো করে করাই কি যুক্তিযুক্ত নয়? কাজের বিনিময়ে যদি অর্থ হয়, তবে ভালো কাজের জন্য বেশি অর্থ, এই ভাবনাটাও যুক্তিযুক্ত নয় কি? এ ছাড়াও ভালো কাজের জন্য আপনি যে সন্তুষ্টি অর্জন করবেন, যে প্রশংসা পাবেন তার মূল্যও কিন্তু কম কিছু নয়।

তাই, কী কাজ করবেন, কেমন চাকরি করবেন তা নিয়ে আগে থেকেই ভাবনাচিন্তা করুন। সেই কাজের বৈশিষ্ট্যগুলি সম্পর্কে অবহিত হোন। দেখবেন, নিয়োগকর্তারা আপনাকে ঠিক চিনে নেবেন।

### কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য

### কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# দিল্লি এইমসে ৬৬

প্রথম পাতার পর

৩৪,৮০০ টাকা। গ্রেড পে ৪,২০০ টাকা।

**টেকনিশিয়ান (রেডিওথেরাপি)-গ্রেড টু**: ১২টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে রেডিওথেরাপি টেকনোলজিতে বি এসসি, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা। অথবা রেডিওথেরাপি টেকনোলজিতে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা। **বয়স**: ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৯,৩০০-৩৪,৮০০ টাকা। গ্রেড পে ৪,২০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট ডায়েটিশিয়ান**: ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: ফুড অ্যান্ড নিউট্রিশনে এম এসসি, সঙ্গে কোনও মেডিক্যাল কলেজ বা হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স**: ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৯,৩০০-৩৪,৮০০ টাকা। গ্রেড পে ৪,২০০ টাকা।

**জুনিয়র ফিজিওথেরাপিস্ট**: ১টি, **জুনিয়র অকুপেশনাল থেরাপিস্ট**: ৪টি। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪। **শিক্ষাগত যোগ্যতা**: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে ফিজিওথেরাপি বা অকুপেশনাল থেরাপিতে ডিগ্রি। **বয়স**: ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৯,৩০০-৩৪,৮০০ টাকা। গ্রেড পে ৪,২০০ টাকা।

**জুনিয়র ইঞ্জিনিয়ার**: **ইলেক্ট্রিক্যাল**: ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। **সিভিল**: ৩টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: সিভিল বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায় তিন বছরের ডিপ্লোমা। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স**: ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৯,৩০০-৩৪,৮০০ টাকা। গ্রেড পে ৪,২০০ টাকা।

**মেডিক্যাল সোশ্যাল সার্ভিস অফিসার-গ্রেড টু**: ৩টি (সাধারণ ১, ও বি সি ২)। এর মধ্যে ও বি সি ক্যাটেগরির ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা**: সোশ্যাল ওয়ার্কে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে কোনও ওয়েলফেয়ার বা হেলথ এজেন্সিতে মেডিক্যাল বা পাবলিক হেলথ সার্ভিস-সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকতে হবে। সাইকিয়াট্রিক সার্ভিস-সহ মেডিক্যাল সোশ্যাল ওয়ার্ক-সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স**: ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ৯,৩০০-৩৪,৮০০ টাকা। গ্রেড পে ৪,২০০ টাকা।

**ক্লিনিক্যাল সাইকোলজিস্ট/সাইকোলজিস্ট**: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: সাইকোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি, স্নাতকোত্তরস্তরে অন্যতম বিষয় হিসেবে এক্সপেরিমেন্টাল সাইকোলজি পড়ে থাকতে হবে। সেইসঙ্গে মেডিক্যাল (ক্লিনিক্যাল) সাইকোলজিতে ডিপ্লোমা। অধ্যাপনায় অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স**: ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ১৫,৬০০-৩৯,১০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা।

**সায়েন্টিস্ট-১**: ৫টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ২)। **শিক্ষাগত যোগ্যতা**: বায়োইনফরমেটিক্স বা অপ্টোমেট্রি অ্যান্ড অপথ্যালমিক টেকনোলজি বা বায়োস্ট্যাটিস্টিক্স বা স্ট্যাটিস্টিক্সে এম এসসি। অথবা বটানি, এগ্রিকালচার, অ্যানথ্রপলজি, ওশানোগ্রাফি ছাড়া লাইফ সায়েন্সের যে-কোনও শাখায় এম এসসি। পি এইচ ডি করে থাকলে অগ্রাধিকার। **বয়স**: ৪৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ১৫,৬০০-৩৯,১০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা।

**টিউটর (নার্সিং)**: ৪টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: বি এসসি নার্সিং অথবা সিস্টার টিউটরসে ডিপ্লোমা, সঙ্গে নার্সিং কাউন্সিলে নার্স ও মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। কোনও শিক্ষাপ্রতিষ্ঠানে টিউটর হিসেবে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স**: ৫০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম**: ১৫,৬০০-৩৯,১০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiims.edu প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৮ জুন।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। বিস্তারিত তথ্যের জন্য আগ্রহী প্রার্থীরা দেখতে পারেন এই ওয়েবসাইট: www.aiims exams.org

# রেল সুরক্ষা বাহিনীতে ৮৬১৯ কনস্টেবল

প্রথম পাতার পর

বি সি ১৪৪)।

**গ্রুপ ই**: **উত্তর সীমান্ত রেল**: পুরুষদের জন্য শূন্যপদ: ১৬০টি (সাধারণ ১৩৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১২, ও বি সি ৭)। মহিলাদের জন্য শূন্যপদ: ১৮০টি (সাধারণ ১২৮, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ২১)।

**গ্রুপ এফ**: আর পি এস এফের মোট শূন্যপদ: শুধুমাত্র পুরুষদের জন্য শূন্যপদ: ৬৬৬টি (সাধারণ ৩৭৮, তফসিলি জাতি ৬৬, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ২০৪)।

মোট শূন্যপদের ১০ শতাংশ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। এ বছর যারা মাধ্যমিক পরীক্ষা দিয়েছেন, তারা রেজাল্ট হাতে পেলে তবেই আবেদন করতে পারবেন।

**বয়স**: ১-৭-২০১৮ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। জন্মতারিখ সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ২-৭-১৯৯৩, ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে ২-৭-১৯৯০, তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ২-৭-১৯৮৮-র আগে হলে চলবে না এবং কোনও ক্ষেত্রেই ১-৭-২০০০ তারিখের পরে হলে চলবে না। বয়সে তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, বিবাহবিচ্ছিন্ন এবং আইনত স্বামীবিচ্ছিন্ন মহিলারা ফের বিবাহ না করে থাকলে ২ (তফসিলিরা ৭, ও বি সি-রা ৫) বছরের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক**: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে অন্তত ১৬৫ সেমি (তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি, গোর্খাদের ক্ষেত্রে ১৬৩ সেমি)। বুকের ছাতি: না ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (শুধু তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬.২ ও ৮১.২ সেমি)। মহিলাদের ক্ষেত্রে— উচ্চতা অন্তত ১৫৭ সেমি (তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ১৫২ সেমি, গোর্খাদের ক্ষেত্রে ১৫৫ সেমি)।

**বেতন**: সপ্তম সেন্ট্রাল পে কমিশনের লেভেল-থ্রি অনুসারে বেতনক্রম নির্ধারিত হবে। শুরুতে বিভিন্ন ভাতা-সহ মোট বেতন ২১,৭০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই ও দৈহিক সক্ষমতার পরীক্ষা, মেডিক্যাল টেস্ট ও নথিপত্র যাচাইয়ের মাধ্যমে। কম্পিউটারভিত্তিক পরীক্ষা আয়োজিত হবে সেপ্টেম্বর-অক্টোবর মাস নাগাদ। সবক'টি গ্রুপের রেলের পরীক্ষা একই সঙ্গে আয়োজিত হবে। ফলে যে-কোনও একটি গ্রুপের শূন্যপদে আবেদন করবেন। শুধু তফসিলি প্রার্থীরা পরীক্ষাকেন্দ্রে যাতায়াতের জন্য রেলের পাস পাবেন। এ জন্য দরখাস্তের সময়ই তাঁদেরকে আবেদন করতে হবে।

কম্পিউটারভিত্তিক পরীক্ষা দেড় ঘণ্টার। মোট ১২০টি অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে— জেনারেল অ্যাওয়ারনেস (৫০ নম্বর), পাটিগণিত (৩৫ নম্বর), জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (৩৫ নম্বর)। মাধ্যমিক মানের প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য অতিরিক্ত এক-তৃতীয়াংশ নম্বর কাটা যাবে। পশ্চিমবঙ্গের প্রার্থীরা বাংলা ভাষায় পরীক্ষা দিতে পারবেন। সে ক্ষেত্রে অনলাইন দরখাস্তে ভাষার উল্লেখ করে দিতে হবে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে, পুরুষদের ক্ষেত্রে ৫ মিনিট ৪৫ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়, ১৪ ফুট লং জাম্প ও ৪ ফুট হাই জাম্প। মহিলাদের ক্ষেত্রে থাকবে ৩ মিনিট ৪০ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়, ৯ ফুট লং জাম্প ও ৩ ফুট হাই জাম্প।

অনলাইন দরখাস্ত করতে হবে। ১ জুন থেকে ৩০ জুন পর্যন্ত দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্তের লিঙ্ক পাওয়া যাবে এই ওয়েবসাইটে: http://www.indianrailways.gov.in/railwayboard/ প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। প্রার্থীকে অনলাইন দরখাস্তের জন্য পছন্দের একটি গ্রুপ বেছে নিতে হবে। ই এবং এফ গ্রুপ ছাড়া অন্য যে-কোনও গ্রুপের ক্ষেত্রে পছন্দের ক্রমানুসারে রেল বেছে নেওয়া যাবে। অনলাইন দরখাস্তের শুরুতে নাম, জন্মতারিখ, বাবা-মায়ের নাম, আধার নম্বর (থাকলে), রাজ্যের নাম, মাধ্যমিকের রোল নম্বর, মাধ্যমিক পাশের বছর, মোবাইল নম্বর, ই-মেল আইডি ইত্যাদি উল্লেখ করে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর রেজিস্ট্রেশন নম্বর ও ওয়ান টাইম পাসওয়ার্ড পাওয়া যাবে প্রার্থীর মোবাইল নম্বর ও ই-মেলে। এই পাসওয়ার্ড ব্যবহার করে অনলাইন দরখাস্ত করবেন ও ফি জমা দেবেন। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (জে পি জি ফর্ম্যাটে ১৫ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। যেসব তফসিলি প্রার্থী পরীক্ষাকেন্দ্রে যাতায়াতের জন্য রেলের পাস চাইবেন, তাদের কাস্ট সার্টিফিকেট স্ক্যান করে (জে পি জি ফর্ম্যাটে ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (মহিলা, তফসিলি, প্রাক্তন সমরকর্মী, সংখ্যালঘু এবং অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। যেসব প্রার্থীর বার্ষিক পারিবারিক উপার্জন ৫০ হাজার টাকার নীচে, তারা অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থী হিসেবে গণ্য হবেন। এই প্রার্থীদের বার্ষিক পারিবারিক আয়ের সার্টিফিকেট জমা দিতে হবে নথিপত্র যাচাইয়ের সময়। সংখ্যালঘুদের ক্ষেত্রেও নথিপত্র যাচাইয়ের সময় সার্টিফিকেট জমা দিতে হবে। কম্পিউটারভিত্তিক পরীক্ষায় উপস্থিত থাকলেই সাধারণ এবং ও বি সি ক্যাটেগরির প্রার্থীরা ৪০০ টাকা এবং সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা পুরো ফি ফেরত পাবেন। সবক্ষেত্রেই ব্যাঙ্ক চার্জ বাবদ একটা অংশ কেটে নেওয়া হবে। ফি দেওয়া যাবে অনলাইন ব্যবস্থায় ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ২ জুলাই পর্যন্ত। স্টেট ব্যাঙ্কের চালানের মাধ্যমেও নগদে ফি জমা দেওয়ার ব্যবস্থা আছে। চালান ডাউনলোড করা যাবে ওয়েবসাইট থেকে। চালানের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে ৫ জুলাই পর্যন্ত।

উল্লিখিত সবক'টি রেলের ওয়েবসাইটেও এই নিয়োগ সংক্রান্ত তথ্য পাবেন। নথিপত্রের বয়ান পাবেন ভারতীয় রেলের উপরোক্ত ওয়েবসাইটে।

# রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্সে ম্যানেজমেন্ট ট্রেনি

২৫ জন ম্যানেজমেন্ট ট্রেনি নেবে রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স। নিয়োগ হবে কেমিক্যাল শাখায়। প্রথমে ১ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে ই-ওয়ান গ্রেডে। প্রার্থীর অবশ্যই ২০১৮ সালের গেট পরীক্ষার বৈধ স্কোর কার্ড থাকতে হবে।

**মোট শূন্যপদ**: ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **শিক্ষাগত যোগ্যতা**: কেমিক্যাল শাখায় বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং। স্নাতকস্তরের শেষ চার সেমেস্টারে অন্তত ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। সেইসঙ্গে গেট-২০১৮ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার চালনায় জ্ঞান থাকতে হবে। **বয়স**: ১-৪-২০১৮ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছর এবং সরকারি নিয়মানুসারে প্রাক্তন সমরকর্মীরা বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড**: ট্রেনিং চলাকালীন প্রতি মাসে ৩০,০০০ টাকা। ট্রেনিং শেষে **বেতনক্রম**: ১৬,৪০০-৪০,৫০০ টাকা।

গেট-২০১৮ পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rcfltd.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ১২ জুন। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর ফটো (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) এবং গেট-২০১৮-র স্কোর কার্ড আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৭০০ টাকা। তফসিলিদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কবে কোন পরীক্ষা

**বিজ্ঞপ্তি নম্বর 5/2018** অনুসারে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত মোটর ভেহিক্যল ইনস্পেক্টর (টেকনিক্যাল) পদে নিয়োগের ইন্টারভিউ ১৪ মে-র পরিবর্তে নেওয়া হবে ১৯ মে। ইন্টারভিউয়ের কললেটার ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.pscwbapplication.in খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ADMISSION GOING ON
PARAMEDICAL COURSES

| | | |
|---|---|---|
| DMLT (Pathology) | H.S (PCB) | 2 Yrs. |
| DRIT (Radio Imagine) | H.S (PCB) | 2 Yrs. |
| DOTT (Operation) | H.S (PCB) | 2 Yrs. |
| BMLT | H.S (PCB) | 3 Yrs. |
| BRIT | H.S (PCB) | 3 Yrs. |
| B.Optm | H.S (PCB) | 3+1 Yrs. |
| MMLT | BMLT | 2 Yrs. |
| M.Optm | B.Optm | 2 Yrs. |

CAREER ACADEMY OF MEDICAL SCIENCES
Garia Station Road, Choto Battala
Kolkata-700084
Call-9230707463 7044716334

WBCS - WBJS
BANK - SSC - RLY
CAT - MAT - JECA
JEXPO Campus Placement Training
TARGET
SEALDAH-9830461694
www.target-education.org

আজও সফলতার শীর্ষে এবং সবচেয়ে পুরানো ও বিশ্বস্ত প্রতিষ্ঠান
HALDAR ACADEMY
ISO 9001 : 2008 Certified
ভর্তি চলছে : B.Ed., D.El.Ed., M.Ed., D.Pharm, মাধ্যমিক, H.S, BA, MA, B.Sc., M.Sc., BBA, BCA etc.
NCTE, WBBPE & PCI App.
9007697749, 7890017038
সোনারপুর, কলকাতা-১৫০

www.banglajobguide.tk

## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

## আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**জুন-এর প্রতিযোগিতার জন্য মে মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ জুন-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওস্তাগর লেন ... 

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# জীবিকাজিজ্ঞাসা

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় দপ্তরে সার্ভে, ট্রেনিং অ্যান্ড কোয়ালিটি কন্ট্রোল বিভাগে মার্কেটিং অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —সোনা চক্রবর্তী, ক্যানিং, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় দপ্তরে সার্ভে, ট্রেনিং অ্যান্ড কোয়ালিটি কন্ট্রোল বিভাগে মার্কেটিং অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচার বা বটানি বা এগ্রিকালচারাল ইকনমিক্স বা এগ্রিকালচারাল মার্কেটিং বা ইকনমিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। কমার্সে স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে অন্যতম বিষয় হিসেবে ইকনমিক্স পড়ে থাকতে হবে। সব ক্ষেত্রেই কো-অপারেটিভ মার্কেটিং-সহ এগ্রিকালচারাল মার্কেটিংয়ে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে অথবা ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফুড টেকনোলজি বা কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মার্কেটিং ম্যানেজমেন্টে ডিপ্লোমা করে থাকতে হবে। বিশদ তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## এস এস সি

□ *স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০১৮'-র মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার পদে আবেদনের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —শৈবাল মজুমদার, জিতপুর, পশ্চিম বর্ধমান।*

□□ স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০১৮' পরীক্ষায় অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে নিম্নলিখিত যে-কোনও একটি যোগ্যতা থাকলে অগ্রাধিকার: চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট, কোম্পানি সেক্রেটারি, এম কম, বিজনেস স্টাডিজে স্নাতকোত্তর ডিগ্রি, এম বি এ (ফিনান্স), বিজনেস ইকনমিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। দেখুন এই ওয়েবসাইট: www.ssconline.nic.in

## ব্যাঙ্ক

□ *ই এস এ এফ স্মল ফিনান্স ব্যাঙ্কে রিটেল অ্যাসেটস অ্যান্ড লায়াবিলিটি বিভাগে সেলস অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —দেবাঞ্জন হাজরা, বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর।*

□□ ই এস এ এফ স্মল ফিনান্স ব্যাঙ্কে সেলস অফিসার (রিটেল অ্যাসেটস অ্যান্ড লায়াবিলিটি) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। সঙ্গে সেলস-সংক্রান্ত কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ব্যাঙ্কিং ও ফিনান্সিয়াল প্রোডাক্ট সেলস বা টেলিকম বা ফাস্ট-মুভিং কনজিউমার গুডস (এফ এম সি জি) বা হসপিটালিটি সেক্টরে সেলস-সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে অবজেক্টিভ টেস্ট, গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। ৭৫ নম্বরের অবজেক্টিভ টেস্টে প্রশ্ন হবে রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড, ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন, জেনারেল/ইকনমি/ ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ বিষয়ে। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা। ওয়েবসাইট: www.esafbank.com

□ *ব্যাঙ্ক অব বরোদায় ফিনান্স/ক্রেডিট শাখায় স্পেশ্যালিস্ট অফিসার পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —জয়ন্তদীপ চক্রবর্তী, রূপপুর, বীরভূম।*

□□ ব্যাঙ্ক অব বরোদায় ফিনান্স/ক্রেডিট শাখায় স্পেশ্যালিস্ট অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সি এ বা আই সি ডব্লু এ বা এম বি এ বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। এ আই সি টি ই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সমতুল বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা থাকলেও আবেদনের যোগ্য। এ ছাড়া সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofbaroda.co.in শেষ তারিখ ১৭ মে।

□ *ব্যাঙ্ক অব বরোদা ফিনান্সিয়াল সলিউশনসে সেলস এক্সিকিউটিভ (গ্র্যাজুয়েট) পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —সোনালী মণ্ডল, বেরুগ্রাম, পূর্ব বর্ধমান।*

□□ ব্যাঙ্ক অব বরোদা ফিনান্সিয়াল সলিউশনসে সেলস এক্সিকিউটিভ (গ্র্যাজুয়েট) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় ডিপ্লোমাধারীরাও আবেদনের যোগ্য। সেই সঙ্গে রিটেল ফিনান্সিয়াল প্রোডাক্ট সেলস-সংক্রান্ত কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি ২৫ মে-র মধ্যে পাঠাতে হবে এই ই-মেল ঠিকানায়: salesforce.bob@bobcards.com ই-মেলের সাবজেক্ট লাইনে যে-পদের জন্য আবেদন করছেন তার নাম উল্লেখ করে দেবেন। প্রার্থীর নিজস্ব ই-মেল আই ডি থাকতে হবে। ওয়েবসাইট: www.bobfinancial.com

## কোর্স, ট্রেনিং

□ *ওড়িশার উৎকল বিশ্ববিদ্যালয়ে এগ্রিবিজনেসের মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —দেবদীপ চন্দ, বাদকুল্লা, নদিয়া।*

□□ এগ্রিবিজনেসের মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সে ভর্তি নিচ্ছে উৎকল বিশ্ববিদ্যালয়ের বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বিভাগ। কোর্সের মেয়াদ ২ বছর। আসনসংখ্যা: ৬০। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ এগ্রিকালচার সায়েন্সেস বা এগ্রিকালচার-সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে এগ্রিকালচার বা অ্যাগ্রো/ফুড প্রসেসিং এবং রুর‍্যাল সেক্টর বা সমতুল বিষয়ে আগ্রহ ও জ্ঞান থাকতে হবে। সব ক্ষেত্রেই কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট) বা বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত উৎকল ইউনিভার্সিটি অ্যাডমিশন টেস্টের (ইউ এম টি) স্কোর করে থাকতে হবে। কোর্স ফি ২,৯৬,০০০ টাকা। প্রাথমিকভাবে ক্যাট বা ম্যাট বা ইউ এম টি-তে প্রাপ্ত স্কোরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। আবেদনের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.camutkal.org ফি বাবদ দিতে হবে ৬০০ টাকার ক্রসড ডিমান্ড ড্রাফট, এটি 'Centre For Agri-Management'-এর অনুকূলে ভুবনেশ্বরে প্রদেয় হতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে ২০ জুনের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Centre Head, Centre For Agri-Management, Department of Business Administration, Utkal University, Vani Vihar, Bhubaneswar-751 004.

□ *এগ্রি-হর্টিকালচারাল সোসাইটি বেশ কয়েকটি স্বল্পমেয়াদি কোর্সে ভর্তি নিচ্ছে শুনলাম। কী কী কোর্স? বিস্তারিত জানাবেন। —পূর্বা সেনগুপ্ত, অম্বিকানগর, বাঁকুড়া।*

□□ পাঁচটি স্বল্পমেয়াদি কোর্সে ভর্তি নেবে দি এগ্রি-হর্টিকালচারাল সোসাইটি অব ইন্ডিয়া। কোর্সগুলি হল: হোম গার্ডেনিং, ইকেবানা অ্যান্ড মডার্ন ফ্লোরাল ডেকরেশন, মাশরুম, বনসাই এবং হার্বাল মেডিসিনাল প্ল্যান্টস অ্যান্ড হার্বাল কসমেটিক্স। ক্লাসের সময়: হোম গার্ডেনিং (বুধ ও শনিবার দুপুর ২টো ৩০ মিনিট), ইকেবানা (শনিবার দুপুর ১২টা), মাশরুম (শনিবার দুপুর ১১টা ৩০ মিনিট), বনসাই (শনিবার দুপুর ২টো), হার্বাল মেডিসিনাল প্ল্যান্টস অ্যান্ড হার্বাল কসমেটিক (মঙ্গল ও শুক্রবার দুপুর ২টো ৩০ মিনিট)। শিক্ষাগত যোগ্যতা এবং বয়সের কোনও বাধা নেই। প্রতিটি কোর্সের মেয়াদ ২ মাস। কোর্স ফি: ২,০০০ টাকা। আগ্রহী প্রার্থীরা দ্রুত যোগাযোগ করুন এই ঠিকানায়: দি এগ্রি-হর্টিকালচারাল সোসাইটি অব ইন্ডিয়া, ১ আলিপুর রোড, কলকাতা-২৭। ফোন: (০৩৩)২৪৭৯-১৭১৩/ ০৮৩৪। খুঁটিনাটি বিষয়ে বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.agrihorticultureindia.com

□ *কলকাতা বিশ্ববিদ্যালয়ে হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্টের এম বি এ কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —অনীশ ঘোষ, বালি জগাছা, হাওড়া।*

□□ কলকাতা বিশ্ববিদ্যালয় হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্টের ২ বছরের এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে। কোর্স করানো হবে বিশ্ববিদ্যালয়ের আলিপুর ক্যাম্পাসে। শিক্ষাগত যোগ্যতা: বি ই বা বি টেক। মেডিক্যাল সায়েন্সে ডিগ্রি বা পেশাদারি কোর্সে স্নাতক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সেই সঙ্গে কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট) বা জয়েন্ট এন্ট্রান্স ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (জেম্যাট) বা সমতুল জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষার স্কোর থাকতে হবে। কোর্স ফি: ১,৩০,০০০ টাকা। প্রাথমিকভাবে ক্যাট বা ম্যাট বা জেম্যাট অথবা সমতুল পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ে ডাকা হবে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই দুটি ওয়েবসাইট থেকে: www.caluniv.ac.in বা www.bmcaluniv.org ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকার (তফসিলিদের ক্ষেত্রে ৭৫০ টাকা) ডিমান্ড ড্রাফট। এটি 'University of Calcutta'-র অনুকূলে প্রদেয় হতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২২ মে-র মধ্যে যে-কোনও কাজের দিন দুপুর ১২টা থেকে বিকেল ৪টের মধ্যে সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: Department of Business Management, University of Calcutta, Alipore Campus (6th Floor), 1, Reformatory Street, Kolkata-700 027.

## নার্সিং

□ *রাজ্যের সরকারি নার্সিং ট্রেনিং স্কুলে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং কোর্সে ভর্তি হতে চাই। এক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? কোর্সটি কত দিনের? —মালতী সাহা, পুন্ডিবাড়ি, কোচবিহার।*

□□ রাজ্যের সরকারি নার্সিং ট্রেনিং স্কুলে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং কোর্সে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল। বাংলা ভাষা লিখতে, পড়তে এবং বলতে জানতে হবে। উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় আবশ্যিক বিষয়ে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধাতালিকা তৈরি করা হবে। ভোকেশনাল বা অ্যাডিশনাল বিষয়ে প্রাপ্ত নম্বর গণ্য হবে না। মনে রাখবেন, প্রার্থীকে অবশ্যই আবেদনের দিন পর্যন্ত একটানা ৫ বছর স্থায়ীভাবে পশ্চিমবঙ্গে বসবাস করে থাকতে হবে। ৬ মাসের ইন্টার্নশিপ ট্রেনিং-সহ মোট তিন বছরের কোর্স এটি। খুঁটিনাটি বিষয়ে বিশদে জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.wbhealth.gov.in

## রেল

□ *রেল বিকাশ নিগমে সাইট ইঞ্জিনিয়ার পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —প্রণব দাস, আটপুকুর, উত্তর ২৪ পরগনা।*

□□ রেল বিকাশ নিগমে সাইট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা টেলি-কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে ২০১৭ বা ২০১৮ সালের গেট পরীক্ষার স্কোর থাকতে হবে। প্রাথমিকভাবে গেট ((গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং) পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। কলকাতায় ইন্টারভিউয়ের সম্ভাব্য তারিখ ২ থেকে ৪ জুলাই। ৩০ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rvnl.org

নাম : ..................................

ঠিকানা : ..................................

..................................

..................................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

www.banglajobguide.tk

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:
চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯
ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in
পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## ডব্লু বি সি এসের উত্তরপত্র মুছে ফেলার অভিযোগে উদ্বিগ্ন পরীক্ষার্থীরা

'কর্মক্ষেত্র' পত্রিকার গত ৪ মে সংখ্যায় 'চাই সুবিচার' বিভাগে আমার প্রেরিত পত্র 'ডব্লু বি সি এসের মতো শীর্ষ স্তরের পরীক্ষাতেও ত্রুটি! অবিলম্বে তদন্ত প্রয়োজন' প্রকাশের জন্য অজস্র ধন্যবাদ। কিন্তু তদন্ত করে অভিযুক্তকে শাস্তি দেওয়া তো দূরস্থান, কমিশনের বিরুদ্ধেই এ বার অভিযোগ উঠেছে উত্তরপত্রই মুছে ফেলার! গত চিঠিতে এ-বিষয়ে আমি উদ্বেগ প্রকাশ করেছিলাম।

ডব্লু বি সি এস (মেন, ২০১৭) পরীক্ষার আরও চারটি কম্পালসরি বা আবশ্যিক বিষয়ের উত্তরপত্র সংক্রান্ত তথ্যভাণ্ডার মুছে ফেলার অভিযোগ উঠেছে কমিশনের বিরুদ্ধে। এমনকী গত জুলাইয়ে লিখিত পরীক্ষা শেষ হলেও, প্রায় দশ মাস যাবৎ এই বিষয়গুলির মূল্যায়ন করা হয়নি। এই দীর্ঘসূত্রিতা নিয়েও প্রশ্ন দানা বাঁধছে। খবরে প্রকাশ, গত মাসেই কমিশনের এক উচ্চপদস্থ আধিকারিক ই-মেলে ওয়েবেলের কর্তাদের অনুরোধ করেন, আবশ্যিক চারটি উত্তরপত্রের মূল্যায়ন যেন দ্রুত করা হয়। এই চারটি বিষয় হল— জাতীয় আন্দোলন-সহ ভারতের ইতিহাস ও ভারত-পশ্চিমবঙ্গের ভূগোল বিষয়ে জেনারেল স্টাডিজ, আধুনিক কালের সাধারণ জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির বিষয়ে জেনারেল স্টাডিজ, ভারতের সংবিধান ও রিজার্ভ ব্যাঙ্কের ভূমিকা-সহ ভারতীয় অর্থনীতি এবং পাটিগণিত-সহ রিজনিং। ওয়েবেলের তরফে প্রত্যুত্তরে জানানো হয়, ও এম আর সংবলিত উত্তরপত্রগুলি সাত মাস আগে স্ক্যান করে তথ্যভাণ্ডারে রাখা ছিল। এতদিন পরে সেই স্ক্যানগুলির নির্ভরযোগ্যতার বিষয়ে তাঁরা নিশ্চিত নন। প্রসঙ্গত, ও এম আর স্ক্যানিং রুম পি এস সি দপ্তরের মধ্যেই। সাত মাস আগে উত্তরপত্র স্ক্যান করা হলেও খাতাগুলির কেন মূল্যায়ন হয়নি তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। কমিশনের কর্তারা ওয়েবেলকে ফের ই-মেল করে মূল্যায়ন দ্রুত শেষ করার অনুরোধ করে। ওয়েবেলের তরফে জানানো হয়, উত্তরপত্রগুলি ফের স্ক্যান করতে হলে পূর্ববর্তী স্ক্যানগুলি মুছে ফেলতে হবে। এখানেই প্রশ্ন উঠছে, এই 'মুছে ফেলার' প্রক্রিয়ার মধ্যে আবার কোনও কেলেঙ্কারির সূত্র লুকিয়ে নেই তো? এর আগে যে ভাবে এক বিশেষ প্রার্থীর নম্বর ইংরেজিতে শূন্য থেকে ১৬২ ও বাংলায় ১৮ থেকে বেড়ে ১৬৮ হয়েছে, তাতে এই সম্ভাবনা একেবারেই উড়িয়ে দেওয়া যাচ্ছে না। গত সাত মাস ধরে আরও চারটি আবশ্যিক বিষয়ের খাতা মূল্যায়ন করার পরিবর্তে স্ক্যানিং রুম থেকে পুরো তথ্যভাণ্ডারই মুছে ফেলার তোড়জোড় করে বিশেষ কোনও প্রার্থীকে সুবিধা পাইয়ে দেওয়ার চেষ্টা চলছে না তো? না হলে নতুন স্ক্যানের পাশাপাশি পুরনো স্ক্যান রেখে দিতে বাধা কোথায়? স্ক্যান তো একটা ডিজিটালাইজড ভার্সান, তা তো কখনওই নষ্ট হওয়ার নয়। কমিশনের গ্রহণযোগ্যতা তলানিতে এসে ঠেকছে। ডব্লু বি সি এসের মতো অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি পরীক্ষায় এহেন কেলেঙ্কারি কখনওই মেনে নেওয়া যায় না। প্রশাসনের দ্রুত পদক্ষেপের আশায় রইলাম।

**ধীরেশচন্দ্র সমাদ্দার, রামেশ্বরপুর, উত্তর ২৪ পরগনা।**

**গত সাত মাস ধরে আরও চারটি আবশ্যিক বিষয়ের খাতা মূল্যায়ন করার পরিবর্তে স্ক্যানিং রুম থেকে পুরো তথ্যভাণ্ডারই মুছে ফেলার তোড়জোড় করে বিশেষ কোনও প্রার্থীকে সুবিধা পাইয়ে দেওয়ার চেষ্টা চলছে না তো? না হলে নতুন স্ক্যানের পাশাপাশি পুরনো স্ক্যান রেখে দিতে বাধা কোথায়?**

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সহজে শিখুন কম্পিউটার

যে-কোনও পড়াশোনার সঙ্গে সঙ্গে কম্পিউটার শিক্ষা এখন অবশ্যপ্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। শুধু কম্পিউটার-সংক্রান্ত পেশায় প্রবেশের জন্যই নয়, যে-কোনও কাজ করতে গেলেই জানতে হচ্ছে কম্পিউটারের ব্যবহার। ছাত্র-ছাত্রী এবং চাকরিপ্রার্থীদের প্রয়োজনের কথা মনে রেখেই সহজে কম্পিউটার শেখার এই বিভাগ।

## মাইক্রোসফট এক্সেল

**Formula → Financial**

### NPER

এই সূত্রটির সাহায্যে কোন ঋণ নির্দিষ্ট সুদের হারে নির্দিষ্ট পরিমাণে, নির্দিষ্ট সময়ের মধ্যে কত পিরিয়ডে জমা দিতে হবে অর্থাৎ মোট কত কিস্তিতে (কিস্তির সংখ্যা) জমা দিতে হবে তা বের করা যায়। এর Syntax-টি হল—

=NPER (rate, pmt, pv, fv, type)

এখানে, Rate = সুদের হার

pmt = প্রতি কিস্তিতে জমাকৃত অর্থ

pv = ঋণের মোট টাকা (বর্তমান মূল্য)

fv = ভবিষ্যৎ মূল্য

type = 1, 0

(মনে রাখতে হবে, কিস্তির শুরুতে টাকা দিলে type = 1 হবে এবং কিস্তির শেষে টাকা দিলে type = 0 হবে)

মনে করুন, প্রতি মাসে যদি টাকা দিতে হয়, সেক্ষেত্রে মাসের 1 তারিখে জমা দিলে type = 1 হবে, আর মাসের শেষে অর্থাৎ 30 বা 31 তারিখে জমা দিলে type = 0 হবে।

আসুন, একটি উদাহরণ দিয়ে বোঝানো যাক—

মনে করুন, আপনি ব্যাঙ্ক থেকে 10000 টাকা ঋণ নিয়েছেন। শর্ত হল, 12% সুদের হারে প্রতি মাসে 1000 টাকা করে জমা দিতে হবে। তাহলে মোট কত মাস টাকা জমা দিলে টাকা শোধ হয়ে যাবে অর্থাৎ কতগুলি কিস্তিতে টাকা জমা দিতে হবে তা নির্ণয় করতে হবে। মনে করুন, মাসের শেষে অর্থাৎ, 30 বা 31 তারিখে আপনি টাকা জমা দেবেন। অর্থাৎ, Type = 0.

এখানে, সুদের হার, rate = 12%

প্রতিমাসে জমাকৃত অর্থ, pmt = 1000

বর্তমান মূল্য, pv = 10000

∴ =NPER (12%/12, –1000, 10000)

= 11 (প্রায়)

অর্থাৎ, মোট 11টি (প্রায়) কিস্তিতে টাকা জমা দিতে হবে।







Function Arguments-এর মাধ্যমে NPER-এর মান বের করতে হলে—

⇨ Formula→ Financial→ NPER-এ ক্লিক করুন। Function Arguments-এর ডায়ালগ বক্স আসবে।

⇨ Rate-এর ঘরে লিখুন— 12%/12

⇨ Pmt-এর ঘরে লিখুন— –1000 (প্রতি কিস্তিতে দেয় টাকা)

⇨ Pv-এর ঘরে লিখুন— 10000 (বর্তমান মূল্য)

⇨ Type-এর ঘরে লিখুন 0

(যেহেতু মাসের শেষে অর্থাৎ, 30 বা 31 তারিখে আপনি টাকা জমা দেন।)

⇨ দেখুন, Formula result-এ দেখাচ্ছে 10.58864446 (প্রায় 11)







### IPMT

এখন, আমরা শিখব 'IPMT' এই ফাংশনটির ব্যবহার। এই ফাংশনটির সাহায্যে কোনও নির্দিষ্ট সময়ের জন্য নির্দিষ্ট সুদের হারে কোন কোন সময়ের জন্য (প্রতি কিস্তির নির্দিষ্ট সময়) কত সুদ দিতে হবে, তা নির্ণয় করা যায়। এর Syntax-টি হল—

=IPMT(rate, per, nper, pv, [fv], [type])

এখানে,

rate = সুদের হার

per = যে সময়ের জন্য প্রদেয় সুদ বের করা দরকার সেই সময়।

nper = মোট কিস্তির সংখ্যা

pv = বর্তমান মূল্য

fv = ভবিষ্যৎ মূল্য

type = 1 অথবা 0 (Type সম্পর্কে এর আগে আলোচনা করা হয়েছে)

এবার একটি উদাহরণ দিয়ে দেখাই আপনাদের—

বার্ষিক 15% সুদের হারে 5 বছরের জন্য 500000 টাকা ঋণের প্রথম মাসের সুদ কত টাকা হবে? আমি এখানে আরও একটি শর্ত জুড়ে দিলাম। এই 500000 টাকা সুদের মধ্যে 100000 টাকা down payment করা হয়েছে। মনে রাখবেন, এখানে প্রতি মাসে কিস্তিতে টাকা জমা দেওয়ার কথা বলা হয়েছে। আসুন, এটিকে চার্ট আকারে লিখি।

| বস্তু | গাড়ি |
|---|---|
| মূল্য | 500000 |
| Down Payment | 100000 |
| বছরের সংখ্যা | 5 |
| সুদের হার | 15% |
| EMI | 9516 |

| মাস | Interest |
|---|---|
| 1 | =IPMT(rate, per, nper, pv) |
| 2 | |
| 3 | |
| 4 | |
| 5 | |

এখানে, rate = সুদের হার 15%

কিন্তু এটি বার্ষিক, তাই মাসিক-এর জন্য = 15% /12

per = যে মাসের জন্য interest বের করতে চাইছি (এখানে 1)

nper = কিস্তির সংখ্যা = 5

কিন্তু প্রতি বছরে 12 মাস, তাই 12 × 5 = 60 মাস

pv = এটি হল বর্তমান মূল্য যা হল 500000, কিন্তু এর মধ্যে 100000 টাকা down payment করা হয়েছে। তাই বর্তমান মূল্য হল— (500000 – 100000) = 400000 টাকা

এবার আসা যাক, function-টিতে—

=IPMT(15%/12, 1, 5*12, 500000–100000) ↵ (ENTER)

= 5000

অর্থাৎ, প্রথম মাসে কিস্তির টাকা দিতে হবে 5000। এখানে একটি ব্যাপার লক্ষ করুন, 60 মাসের কিস্তি। প্রত্যেক মাসে কিস্তির পরিমাণ কমছে। আপনারা চাইলে 1 মাস, 12 মাস, 22 মাস... এই ভাবে যে-কোনও মাসের কিস্তির টাকার পরিমাণ জানতে পারবেন। এটি আমাদের বাস্তব জীবনে খুব প্রয়োজনে লাগবে। আপনারা এই ভাবে যে-কোনও বস্তু কিস্তিতে কিনলে তার প্রত্যেক মাসের কিস্তির পরিমাণ নির্ণয় করতে পারবেন।







ক্রমশ

বাসুদেব চট্টোপাধ্যায়

# কম্পিউটারজিজ্ঞাসা



আমার কম্পিউটারটি কিছুদিন বন্ধ ছিল। ফের চালাতে গিয়ে সমস্যা হচ্ছে। মাঝে মাঝেই চলতে চলতে সিপিইউ বন্ধ হয়ে যাচ্ছে। আমি র‍্যাম খুলে ফের লাগিয়েছি। কিন্তু সমস্যা থেকেই যাচ্ছে। এটা কেন হচ্ছে জানতে চাই? —সুদীপ অধিকারী, বাঁকুড়া।

□□ আপনার কম্পিউটারের মাদার-বোর্ডে সমস্যা আছে বলে মনে হয়। এসএমপিএস-ও দেখা দরকার।

কম্পিউটারে একটি ফাইলকে Rename করার পরে ফাইলটি আর খুলতে পারছি না। file may become unusable কথাটি ডায়ালগ বক্সে দেখাচ্ছে। ফাইলটিকে আগের মতো করা যাবে কীভাবে? —সন্দীপ পাল, শিলিগুড়ি, জেলা-দার্জিলিং।

□□ ফাইলটি open করার সময় সেটির এক্সটেনশন নাম কোনওভাবে পাল্টে গিয়ে থাকলে ফাইল open হবে না। কোনও ফাইলকে rename করার সময় সবসময় খেয়াল রাখবেন ফাইলটির এক্সটেনশন নামটি যেন পাল্টে না যায়।

আমার কম্পিউটার চালু করবার সময় পাসওয়ার্ড দেওয়ার পর তা চালু হচ্ছে না। প্রতিবারই রিস্টার্ট করতে হচ্ছে। —অতনু সাহা, ডোমকল, মুর্শিদাবাদ।

□□ কিছু ড্রাইভগুলোতে ভাইরাস থাকলে এরকম হতে পারে। সেক্ষেত্রে ভালো অ্যান্টিভাইরাস সফটওয়্যার ব্যবহার করতে হবে। এছাড়া আপনার কম্পিউটারে RAM-ও কম থাকতে পারে। এছাড়া বেশি সংখ্যায় সফটওয়্যার ইনস্টল করা থাকলেও কম্পিউটার বার বার হ্যাং হয়ে যেতে পারে। এক্ষেত্রে কম্পিউটারের RAM বাড়ানোর দরকার।

IISWBM
Pioneer in Management Education in India
FIRE SAFETY MANAGEMENT
Affiliated to West Bengal State Council of Technical & Vocational Education and Skill Development
ADMISSION GOING ON for ADVANCED DIPLOMA in FIRE SAFETY MANAGEMENT
Last date of issue and receipt of application form: June 30, 2018
For details, please see website: www.iiswbm.edu
Contact: 4023 7474, 8336010006
Registrar
Our graduates nurture and build companies

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

২ মে-৯ মে

**২ মে** সাংবাদিক জ্যোতির্ময় দে হত্যার ঘটনায় মাফিয়া ডন ছোটা রাজন সহ ন'জনকে যাবজ্জীবন কারাদণ্ড দিল মুম্বইয়ের বিশেষ আদালত। প্রমাণের অভাবে প্রাক্তন সাংবাদিক জিগনা ভোরা ও রাজনের গোষ্ঠীর সদস্য পলসন জোসেফকে মুক্তি দিয়েছেন বিচারক সমীর আদকর। ২০১১ সালের ১১ জুন মুম্বইয়ের পাওয়াই স্টেশনের কাছে প্রবীণ সাংবাদিক জ্যোতির্ময় দে-কে গুলি করে হত্যা করা হয়। মুম্বই অপরাধ জগতের সঙ্গে খবর সংগ্রহের খাতিরে সাংবাদিকদের যোগাযোগ থাকাটা নতুন ঘটনা না হলেও সাংবাদিকের ওপর এমন হামলার নজির কম। তদন্তকারীদের মতে, জ্যোতির্ময় দে-র ওপর অনেকদিন ধরেই রাগ ছিল ছোটা রাজনের। তার ধারণা ছিল প্রতিদ্বন্দ্বী দাউদ ইব্রাহিমের গোষ্ঠীর সঙ্গে যোগাযোগ রয়েছে জ্যোতির্ময়ের। ২০১৫ সালে ইন্দোনেশিয়া থেকে ভারতে নিয়ে আসা হয় রাজনকে। এ দিন রাজন ছাড়াও এই ঘটনায় জড়িত আরও আট অপরাধীর যাবজ্জীবন কারাদণ্ড হয়েছে।

## প্রবল ঝড়ে বিপর্যস্ত উত্তর ও পশ্চিম ভারত



৩ মে: মরুঝড় ও মেঘভাঙা বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়ল উত্তর ও পশ্চিম ভারতের বিস্তীর্ণ অংশ। প্রাকৃতিক বিপর্যয়ে উত্তরপ্রদেশ, রাজস্থান, উত্তরাখণ্ড, পাঞ্জাব, হরিয়ানা ও মধ্যপ্রদেশে প্রাণ হারিয়েছেন শতাধিক মানুষ। আহতের সংখ্যা দু'শোরও বেশি। কেবলমাত্র উত্তরপ্রদেশের চার জেলাতেই ঝড়ে মৃত্যু হয়েছে ৬৪ জনের। আগ্রায় ঝড়ের গতি ছিল সবচেয়ে বেশি, ঘণ্টায় ১২৬ কিলোমিটার। ভয়াবহ ধুলোর ঝড়ে রাজস্থানে প্রাণহানি হয়েছে ৩৩ জনের। উদ্ধার কাজে সাহায্যের আশ্বাস দিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী টুইট করে বলেছেন, 'সংশ্লিষ্ট রাজ্য প্রশাসনের সঙ্গে যোগাযোগ করে উদ্ধারে সাহায্য করার নির্দেশ দিয়েছি আধিকারিকদের।'

**৩ মে** ভারতে আধারের পক্ষে ফের সওয়াল করলেন বিল গেটস। মাইক্রোসফট প্রতিষ্ঠাতা বলেছেন, 'এটা বায়ো-আইডি প্রত্যয়িত করার প্রকল্প। গোপনীয়তা লঙ্ঘনের প্রশ্ন নেই।' অন্যান্য দেশে আধার মডেল অনুসরণ করে বিশেষ প্রকল্প গ্রহণ করার জন্য বিল অ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন আর্থিক সাহায্যও করেছে বলে জানা গেছে।

**৪ মে** সুইডিশ নোবেল অ্যাকাডেমির ৭৫ বছরের ইতিহাসে এই প্রথম সাহিত্যে নোবেল পুরস্কার এ বছর দেওয়া হবে না বলে জানিয়ে দিল নোবেল সাহিত্য অ্যাকাডেমি। সম্প্রতি কমিটির এক সদস্যের স্বামীর বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগ উঠেছে। যিনি কি না অ্যাকাডেমিরই অনুদানে চলা এক সাংস্কৃতিক সংস্থার প্রধান। যৌন হেনস্থার অভিযোগ প্রকাশ্যে আসার পর পদত্যাগের হিড়িক পড়ে গিয়েছে অ্যাকাডেমিতে। যার জেরেই কার্যত এ বছর বন্ধ রাখতে হচ্ছে সাহিত্য পুরস্কার প্রদান।

**বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা,** প্রখ্যাত অভিনেত্রী শর্মিলা ঠাকুর এবং ভাবা পরমাণু কেন্দ্রের বিজ্ঞানী এসএম ইউসুফকে সাম্মানিক ডি লিট দেওয়ার কথা ঘোষণা করল কাজী নজরুল বিশ্ববিদ্যালয়। ২৬ মে প্রাপকদের হাতে সম্মান তুলে দেওয়া হবে বলে বিশ্ববিদ্যালয় সূত্রে জানানো হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সাধন চক্রবর্তী জানিয়েছেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী এখানে আসার ব্যাপারে সম্মতি জানিয়েছেন।

**৫ মে** ভারতীয় ইঞ্জিনিয়ার শ্রীনিবাস কুচিভোটলাকে খুনের দায়ে প্রাক্তন মার্কিন নৌসেনা অ্যাডাম পিউরিটনকে যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিল মার্কিন আদালত। গতবছর কানসাস শহরের এক পানশালায় কুচিভোটলা ও তার বন্ধু অলোক মাদাসানির ওপর হামলা চালায় পিউরিটন। ওই দুই ব্যক্তিকে বাঁচাতে গিয়ে আহত হন মার্কিন যুবক ইয়ান গ্রিলটও। আদালত তার রায়ে বলেছে এই দু'জনকে খুনের চেষ্টার দায়ে আরও ১৬৫ মাস করে কারাবাস করতে হবে পিউরিটনকে। ৫২ বছর বয়সি আততায়ী তার জীবদ্দশায় আর মুক্তি পাবে না বলেই মনে করা হচ্ছে। রায় ঘোষণার পর এক ভিডিও বার্তায় কুচিভোটলার স্ত্রী সুনয়না বলেন, 'যারা হিংসা ছড়ায়, তাদের এই শাস্তিটা জরুরি ছিল।'

## জাতীয় পুরস্কার প্রদানের প্রথায় অসন্তোষ দেখিয়ে অনুষ্ঠান বয়কট শিল্পীদের



৩ মে: চলচ্চিত্রের জাতীয় পুরস্কার প্রদান অনুষ্ঠান ঘিরে বেনজির বিদ্রোহ দেখিয়ে অনুষ্ঠান বয়কট করলেন ৬৮ জন পুরস্কার প্রাপক। বিদ্রোহের মূলে রয়েছে প্রথাভঙ্গের অভিযোগ। প্রতিবারের মতোই রাষ্ট্রপতি শিল্পী-কলাকুশলীদের হাতে পুরস্কার তুলে দেবেন বলে জানানো হলেও শেষ মুহূর্তে জানানো হয় রাষ্ট্রপতি মাত্র ১১ জনকে পুরস্কৃত করবেন। বাকিদের হাতে পুরস্কার তুলে দেবেন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচারমন্ত্রী স্মৃতি ইরানি। এই 'বিভাজনে' অসম্মানিত বোধ করেন শিল্পীদের একটা বড় অংশ। তা থেকেই পুরস্কার বয়কটের সিদ্ধান্ত। এ দিন রাষ্ট্রপতি যে ১১ জনের হাতে পুরস্কার তুলে দেন তার মধ্যে বাংলা থেকে একমাত্র রয়েছেন অভিনেতা ঋদ্ধি সেন। এ ছাড়াও সঙ্গীত পরিচালক এ আর রহমান, প্রয়াত শ্রীদেবী ও বিনোদ খান্নার নামাঙ্কিত পুরস্কারগুলি তাঁদের পরিবারের হাতে তুলে দেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। ছবি: পিটিআই



“বাস্তবটা তো স্পষ্ট। বিশেষজ্ঞরাও স্বীকার করে নিয়েছেন জেসিপিওএ (জয়েন্ট কম্প্রিহেনসিভ প্ল্যান অব অ্যাকশন) কার্যকর। এটা ইরানের পরমাণু কার্যকলাপ নিয়ন্ত্রণ করেছে। এই চুক্তি উত্তর কোরিয়ার ক্ষেত্রে মডেল হিসেবে গণ্য হতে পারত। যখন আমরা উত্তর কোরিয়ার সঙ্গে কূটনীতি মজবুত করার পথে এগোচ্ছি, তখন এই চুক্তি থেকে বেরিয়ে যাওয়া বড্ড বেশি ঝুঁকিপূর্ণ।”

বারাক ওবামা, *প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট ও আমেরিকা-ইরান পরমাণু চুক্তির রূপকার*

*এই চুক্তি বিশ্বকে অনেক বেশি নিরাপদ রেখেছিল দাবি করে*

## কূটনৈতিক সফরে ফের চিনে কিম



www.banglajobguide.tk

৮ মে: মাত্র চল্লিশ দিনের ব্যবধানে ফের কূটনৈতিক সফরে চিনে গেলেন উত্তর কোরিয়ার শাসক কিম জং উন। ২০১১ সালে ক্ষমতায় আসার পর প্রথম বিদেশ সফরে চিনেই গিয়েছিলেন তিনি। তারপরে আবারও যান গত মার্চের শেষে। চিনের সরকারি সংবাদ সংস্থা শিনহুয়া এই খবর জানিয়ে বলেছে, দু'দিনে কিমের সঙ্গে দফায় দফায় বৈঠক হয়েছে প্রেসিডেন্ট চিনফিংয়ের। উত্তর কোরিয়ার দীর্ঘদিনের অর্থনৈতিক সহযোগী চিনের সঙ্গে সম্পর্ক আরও দৃঢ় করতেই কিমের এই ঘনঘন চিন সফর বলে মনে করছেন কূটনীতিকরা। এ দিনের বৈঠকের শেষে চিনা প্রেসিডেন্ট জানিয়েছেন, পরমাণু নিরস্ত্রীকরণে যেভাবে কিম উদ্যোগী হয়েছেন, তা প্রশংসনীয়। তাঁর কথায়, 'কমরেড চেয়ারম্যানের (কিম) সঙ্গে প্রথম বৈঠকের পরেই দু'দেশের সম্পর্ক সদর্থক পথে এগোচ্ছে। কোরীয় উপদ্বীপও এখন অনেকটাই শান্ত। আমি এতে খুশি।' ছবি: পিটিআই

**৬ মে** আফগানিস্তানে অপহৃত হলেন সে দেশে কর্মরত সাত ভারতীয় ইঞ্জিনিয়ার। তাঁদের গাড়ির আফগান চালককেও অপহরণ করা হয়েছে। কেইসি নামে একটি ভারতীয় বিদ্যুৎ সংস্থায় কাজ করতেন তাঁরা। আফগান সরকারের একটি সূত্র জানিয়েছে, এই অপহরণের পেছনে তালিবানদের হাত রয়েছে। উল্লেখ্য, কেইসি হল আফগানিস্তানের অন্যতম ভারতীয় সংস্থা। সে দেশের বিদ্যুৎ জোগানের অনেকটাই আসে এই সংস্থাটির কাছ থেকে। কেইসির চেয়ারম্যান হর্ষ গোয়েঙ্কা জানিয়েছেন, অপহৃতদের দ্রুত মুক্তির জন্য তাঁরা সবরকম চেষ্টা চালাচ্ছেন।

**৭ মে** কাঠুয়া কাণ্ডে নির্যাতিতার পরিবারের দাবি মেনে গণধর্ষণ ও খুনের শুনানি কাঠুয়ার বদলে পাঞ্জাবের পাঠানকোটের আদালতে স্থানান্তরের নির্দেশ দিল সুপ্রিম কোর্ট। ৯ জুলাই পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে। গণধর্ষণের ঘটনার তদন্তকারীরা চার্জশিট দাখিল করতে চাইলে কাঠুয়ার আইনজীবীরা তাঁদের বাধা দেন বলে অভিযোগ উঠেছে। সেখানে অভিযুক্তদের সমর্থনে মিছিলও বেরোয়। নির্যাতিতার পরিবারের দাবি ছিল, এই পরিস্থিতিতে নিরপেক্ষ শুনানি হওয়া সম্ভব নয়। তাঁদের পক্ষের আইনজীবী দীপিকা রাজাওয়াত নিরাপত্তা নিয়ে আশঙ্কা প্রকাশ করেন। তাঁর আবেদনের প্রেক্ষিতেই শীর্ষ আদালত বলেছে, 'ভয় ও নিরপেক্ষ শুনানি একসঙ্গে চলতে পারে না।' এ দিন প্রধান বিচারপতি দীপক মিশ্রের নেতৃত্বাধীন বেঞ্চ বলেছে, 'আমরা বিষয়টি নজরদারি করছি। অন্য কোনও আদালতে এ-সংক্রান্ত কোনও মামলার শুনানি হবে না।' এ দিন শীর্ষ আদালত জম্মু-কাশ্মীর প্রশাসনকে অভিযুক্তদের জন্য সরকারি আইনজীবী নিয়োগের দায়িত্ব দিয়েছে। সেই সঙ্গে নির্যাতিতার পরিবার, আইনজীবী ও সাক্ষীদের নিরাপত্তা বিধানের কথাও বলা হয়েছে।

**৮ মে** প্রয়াত হলেন ঋত্বিকজায়া সুরমা ঘটক (৯১)। চার দশক আগে ঋত্বিকের প্রয়াণের পর থেকে সুরমা তাঁর স্মৃতি সংরক্ষণের কাজে জড়িয়ে ছিলেন। ১৯২৮ সালে শিলং শহরে জন্ম হয় সুরমা ঘটকের। কমিউনিস্ট পার্টির সঙ্গে জড়িয়ে এক সময়ে কারাবাসও করেছেন। 'শিলং জেলের ডায়েরি' বইটিতে রয়েছে সেই সময়ের স্বাক্ষর।

## চতুর্থ দফায় প্রেসিডেন্ট পুতিন



৭ মে: চতুর্থ দফায় প্রেসিডেন্ট পদে নির্বাচিত হয়ে ক্রেমলিনে শপথ নিলেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। শপথ নিতে গিয়ে রাশিয়ার সংবিধানে হাত রেখে তিনি বলেন, দেশের বর্তমান ও ভবিষ্যৎ উন্নতির জন্য নিজের সেরাটা উজাড় করে দেবেন। ১৯৯৯ সালে বরিস ইয়েলৎসিনের অধীনে প্রথমবার প্রধানমন্ত্রী হন পুতিন। পরে হন কার্যনির্বাহী প্রেসিডেন্ট। ২০০০ সালে প্রথমবার নির্বাচিত হন প্রেসিডেন্ট পদে। ২০০৪-এ পুনর্নির্বাচিত। দু'দফার বেশি প্রেসিডেন্ট পদে থাকা সম্ভব নয় বলে ২০০৮ সালে প্রধানমন্ত্রী পদে থাকা দিমিত্রি মেদভেদেভের সঙ্গে পদ বিনিময় করে নিজে হন প্রধানমন্ত্রী। ২০১২ সালে ফের নির্বাচিত হন প্রেসিডেন্ট পদে। চলতি বছর ১৮ মার্চ চতুর্থ দফায় প্রেসিডেন্ট নির্বাচিত হলেন তিনি। ছবি: পিটিআই

**২০১৯-এর লোকসভা নির্বাচনে প্রধানমন্ত্রী** নরেন্দ্র মোদীর বিকল্প হিসেবে নিজেকে তুলে ধরলেন রাহুল গান্ধী। কর্নাটকে বিধানসভা নির্বাচনের প্রচারে গিয়ে আত্মবিশ্বাসী রাহুল বলেন, 'মোদীর ফের প্রধানমন্ত্রী হওয়া কার্যত অসম্ভব। বিরোধী-দের জোট ভারতের সবচেয়ে বিপজ্জনক বস্তু। এর সামনে যা পড়ে, সব গুঁড়িয়ে দেয়।' রাহুল ২০১৯-এ প্রধানমন্ত্রী হবেন কি না, সাংবাদিকদের এই প্রশ্নের উত্তরে তিনি জানিয়েছেন সেটা নির্ভর করছে কংগ্রেস কতটা ভালো ফল করছে তার ওপর। আর বিরোধী জোটের সরকার হলে কংগ্রেস যদি বৃহত্তম দল হয় তবেই তিনি প্রধানমন্ত্রী হবেন বলে জানান রাহুল।

**৯ মে** ভারতের বৃহত্তম ই-কমার্স সংস্থা ফ্লিপকার্ট-এর ৭৭ শতাংশ অংশীদারিত্ব প্রায় ১ লক্ষ ৮ হাজার কোটি টাকায় কিনে নিল মার্কিন বহুজাতিক রিটেল সংস্থা ওয়ালমার্ট। এই বিক্রির মধ্যে দিয়ে ফ্লিপকার্টের অন্যতম প্রতিষ্ঠাতা সচিন বনশল সংস্থায় তাঁর অংশীদারিত্ব ৭,৬৫০ কোটি টাকায় বেচে সংস্থা ছেড়ে দিচ্ছেন বলে জানা গেছে। সংস্থার অপর প্রতিষ্ঠাতা বিনি বনশল তাঁর শেয়ার খানিকটা বিক্রি করলেও সংস্থা ছাড়ছেন না।

**ছয় ও সাতের দশকের বিশিষ্ট** চিত্রাভিনেত্রী ললিতা চট্টোপাধ্যায় (৮১) প্রয়াত হলেন। প্রেসিডেন্সি কলেজের কৃতী ছাত্রী ললিতা উত্তমকুমারের অনুপ্রেরণায় অভিনয়ে আসেন। ১৯৬৪ সালে 'বিভাস' ছবিতে উত্তমকুমারেরই নায়িকা হয়ে অভিনয় জীবন শুরু করেন। পর্দায়, নাটক ও যাত্রামঞ্চে দাপটের সঙ্গে অভিনয় করে গেছেন তিনি। তাঁর অভিনীত উল্লেখযোগ্য ছবিগুলির মধ্যে রয়েছে 'মোমের আলো', 'অ্যান্টনি ফিরিঙ্গি', 'জয়-জয়ন্তী', 'মেমসাহেব'। অভিনয় করেছেন বেশ কিছু হিন্দি ছবিতেও। তাঁর শেষ ছবি আদিত্যবিক্রম সেনগুপ্ত পরিচালিত 'জোনাকি'। শিবপ্রসাদ মুখোপাধ্যায়ের প্রথম ছবি 'ইচ্ছে'তেও অভিনয় করেছিলেন তিনি। ললিতা চট্টোপাধ্যায়ের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। টুইট বার্তায় তিনি লিখেছেন, 'চার দশকেরও বেশি সময় তিনি অভিনয়ের সঙ্গে যুক্ত ছিলেন। ২০১২ সালে রাজ্য সরকার তাঁকে বিশেষ চলচ্চিত্র পুরস্কারে ভূষিত করে। তাঁর প্রয়াণে অভিনয় জগতে অপূরণীয় ক্ষতি হল।'

## ইরান পরমাণু চুক্তি বাতিল করলেন ট্রাম্প



৮ মে: মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষণা করলেন, ইরান পরমাণু চুক্তি থেকে বেরিয়ে আসছে আমেরিকা। ২০১৫ সালে, তখনকার মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামার সময়ে ইরানের সঙ্গে তিন বছরের পরমাণু নিরস্ত্রীকরণ চুক্তি করেছিল ব্রিটেন, ফ্রান্স, রাশিয়া, জার্মানি, চিন এবং আমেরিকা। সেই চুক্তি অনুযায়ী বলা হয়েছিল, ইরান পরমাণু অস্ত্র তৈরি বন্ধ রাখলে তেহরানের ওপর বসানো বিপুল আর্থিক নিষেধাজ্ঞা তুলে নেবে রাষ্ট্রপুঞ্জ সহ বেশ কিছু দেশ। তবে প্রেসিডেন্ট হওয়ার পর থেকেই ট্রাম্প বলে এসেছেন, 'এই চুক্তি ওবামার অত্যন্ত ভুল পদক্ষেপ। এর ফলে আমেরিকার কোনও সুবিধে হয়নি। উল্টে ব্যাপক লাভ হয়েছে ইরানের।'

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার বাঘা পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## কোনও কাজকেই ছোট মনে না করে যেখানেই সুযোগ পাবে, শুরু করে দাও



অজিতা বৈদ্য বিশ্বাস
ভাইস প্রেসিডেন্ট-ডিটিএইচ
ওয়ান্ডারশেফ হোম অ্যাপ্লায়েন্স-ইন্ডিয়া

আমার মা মারা গিয়েছিলেন ছয় বছর বয়েসে। আমি যখন ক্লাস ইলেভেনে পড়ি, তখন বাবা মারা যান। সেই পরিস্থিতিতেই বোর্ডের পরীক্ষায় বসতে হয়। লরেটো কলেজে ভর্তি হই। কিন্তু যত তাড়াতাড়ি সম্ভব নিজের পায়ে দাঁড়াতে চাইছিলাম। কলেজে ক্লাস শেষ হতো চারটে নাগাদ। তারপর চলে যেতাম একজন চিকিৎসকের ডিসপেনসারিতে। রিসেপশনিস্টের চাকরি নিয়েছিলাম। চারশো টাকা মাইনে। আটটায় ছুটি হতো। বাড়ি ফিরে পড়তে বসতাম। জীবনই আমাকে অভিজ্ঞ ও বাস্তববাদী করে তুলেছিল।

স্নাতক হওয়ার পর অ্যারো ব্র্যান্ডের শোরুমে কাজ শুরু করি সেলস গার্ল হিসেবে। খবরের কাগজে বিজ্ঞাপন দেখে গিয়েছিলাম ইন্টারভিউ দিতে। চাকরিটা হয়ে গেল, যদিও অনেক প্রার্থী ছিলেন। শোরুমের পুরো দায়িত্ব আমার ওপর। সেই সময় অ্যারোর শার্ট সাধারণ মানুষ খুব একটা পরতেন না। নামী সংস্থার উচ্চপদস্থ ব্যক্তিরাই বেশি আসতেন। ফলে ওখানে কাজ করতে করতে তাঁদের সঙ্গে কথা হতো। জনসংযোগ বাড়ছিল এভাবেই। তারপর পার্ক হোটেলে যোগ দিই ফ্রন্ট অফিসের কাজে। আগের অফিসের যোগাযোগ আর অভিজ্ঞতা কাজে দিয়েছিল।

এখন যে সংস্থায় আছি, ভারত ছাড়া লন্ডন, দুবাই, অস্ট্রেলিয়া, আমেরিকাতেও তার শাখা রয়েছে। ফলে দায়িত্ব এখন অনেক। মাসে কুড়িদিনই ট্যুর থাকে। কলকাতায় শ্বশুরবাড়ি হলেও এখন আছি পুণেতে। ন'বছরের একটি মেয়ে আমাদের। যখন আমি ট্যুরে, স্বামী তার কাছে থাকেন। আবার কখনও উল্টোটা হয়। অফিসের মতোই সংসার ম্যানেজমেন্টেও কোথাও আটকায়নি।

### চ্যালেঞ্জের জন্য তৈরি থাকো

কখনও কোনও কাজকেই ছোট মনে করিনি। আমার জীবনের অভিজ্ঞতাই বলে, কোন কাজ কখন কোন সাফল্যের শীর্ষে পৌঁছে দেবে, কেউ জানে না। সুতরাং কোনও কাজকেই না করবে না। যেখানেই সুযোগ পাবে, শুরু করে দাও। কাজ করতে করতেই নিজের স্পেশ্যালাইজেশনের জায়গাটা উপলব্ধি করতে পারবে। আমরা যাঁরা বই না পড়ি, বাস্তবের সঙ্গে তার কিছু অমিলটাই জানবে। ফলে নিজের যোগ্যতা বুঝতে সময় লাগে।

নতুন প্রার্থীর যে-কোনও চ্যালেঞ্জের জন্য তৈরি থাকা উচিত। বাজারে সবকিছুর জন্যই এখন নানা ধরনের কাজ। যারা খুব ভালো কথা বলতে পারে, তারা সেলসের চাকরি খুঁজতে পারে। সেলসের কাজে সুযোগটাও বেশি। সেলসের কাজ ভালো না লাগলে অ্যাকাউন্টসের কাজ করা যায়, কল সেন্টারে কাজ করা যায়। ডোমেস্টিক আর ইন্টারন্যাশনাল দুটি ভাগে কাজ হয় কল সেন্টারে। ইংরেজিতে খুব ভালো হলে, ইন্টারন্যাশনাল প্রসেসের মধ্যে কাজ করা যায়।

### ইন্টারভিউয়ের জন্য প্রস্তুতি

আজকাল যে-কোনও সংস্থার ওয়েবসাইটেই একটি অংশ থাকে, যেখানে সেই সংস্থায় কোনও পদ খালি থাকলে জানানো হয়। হিউম্যান রিসোর্স ম্যানেজারের ইমেল আইডি দেওয়া থাকে। এই আইডিতে নিজের আবেদনপত্র পাঠিয়ে দিতে পারো। এছাড়া, খবরের কাগজের বিজ্ঞাপন দেখে চাকরির খোঁজ পাওয়ার চিরাচরিত প্রথা তো আছেই। সেইসঙ্গে পড়ার বইয়ের বাইরেও অনেক বই পড়ো। এমন নয় যে, যা পড়বে সেটাই কাজে লাগবে। যা তোমার কাজে লাগবে সেটাই পড়বে। বই পড়লে জ্ঞান বাড়ে, আত্মবিশ্বাস বাড়ে, দুনিয়ার সামনাসামনি হওয়ার জোর পাওয়া যায়।

ইন্টারভিউ দেওয়া, চাকরি খোঁজার সময়গুলোয় বেশ ভয়-ভয় লাগে সবারই। যতই প্রস্তুতি নাও, নিজেকে গড়েপিটে তৈরি করো, একটুআধটু টেনশন হবেই। তবে মাত্রাটা যাতে বেশি না হয়ে যায় সেদিকে খেয়াল রাখতে হবে। যে-বিষয়টাকে ভয় পাও বা যে-বিষয়ে তোমার দুর্বলতা আছে বলে জানো, যদি সেটা নিয়েই ইন্টারভিউ দিতে যাওয়ার সময় বেশি ভাবতে থাকো, তাহলে টেনশন আরও বাড়বে। তার চেয়ে, সেই সময়টায় নিজের অন্য কোনও পছন্দের বিষয় নিয়ে কাটাও। গান শুনতে ভালোবাসলে শোনো, বই পড়তে ভালো লাগলে পড়ো। ইন্টারভিউ দিতে যাওয়ার পথটুকু সেই সংক্রান্ত কোনও চিন্তা মাথাতেই রেখো না। কারণ, অযথা ভেবে টেনশন বাড়িয়ে ফেললে উল্টে কাজটাই পণ্ড হয়ে যায়।

### ইন্টারভিউয়ের আদবকায়দা

যে-সংস্থাতেই ইন্টারভিউ হোক না কেন, পোশাক ভালোভাবে কাচা ও ইস্তিরি করা হতে হবে। জুতো অবশ্যই পালিশ করে নেবে। তাতে কোনওভাবেই যেন ধুলো-কাদা না থাকে। মেয়েরা যদি খোলা জুতো পরো, তাহলে খেয়াল রাখবে পা যেন পরিচ্ছন্ন থাকে। সময়ের আগে ইন্টারভিউ কেন্দ্রে পৌঁছে অপেক্ষা করো। আদবকায়দা মেনে পরিশীলিত ব্যবহার করো। এতে বোঝায় যে তুমি কাজটাকে গুরুত্ব দিচ্ছ।

নতুনদের ক্ষেত্রে একটা সমস্যা খুব বেশি হয়। সেটা হল, বয়স অল্প বলে, বাস্তবের সঙ্গে প্রত্যাশা না মিললেই তারা খুব তাড়াতাড়ি ভেঙে পড়ে। সেটা এড়াতে নিজের সম্পর্কে উচ্চধারণা একটু কম রাখো। এমনিতেও যে-কোনও চাকরিতেই প্রতিদ্বন্দ্বিতা বর্তমানে খুব তীব্র। সকলেই প্রচুর পরিশ্রম করে প্রস্তুতি নেয়।

## কী পড়বেন, কোথায় পড়বেন

### ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউটে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স



পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং, স্মার্ট গ্রিড টেকনোলজিস, পাওয়ার সিস্টেম অপারেশন, রিনিউয়েবল এনার্জি অ্যান্ড গ্রিড ইন্টারফেস টেকনোলজিস এবং এনার্জি মার্কেট ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউট। কোর্সগুলি করানো হবে প্রতিষ্ঠানের দুর্গাপুর, ফরিদাবাদ, বদরপুর, নাঙ্গল, নেভেলি, গুয়াহাটি, নাগপুর এবং বেঙ্গালুরুর ক্যাম্পাসে। প্রতিটি কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে অগাস্টে।

**আসনসংখ্যা:** পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং: ৪৮০টি। **স্মার্ট গ্রিড টেকনোলজিস:** ২৪০টি। **পাওয়ার সিস্টেম অপারেশন:** ২৪০টি। **এনার্জি মার্কেট ম্যানেজমেন্ট:** ২৪০টি। **রিনিউয়েবল এনার্জি অ্যান্ড গ্রিড ইন্টারফেস:** ২৪০টি।

পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং কোর্সটি পড়ানো হবে সবক'টি ক্যাম্পাসেই। বাকি চারটি কোর্স পড়ানো হবে প্রতিষ্ঠানের দুর্গাপুর, ফরিদাবাদ, নাগপুর এবং বেঙ্গালুরু ক্যাম্পাসে।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে। মোট আসনসংখ্যার মধ্যে ২৫ শতাংশ আসন স্পনসর্ড প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা কন্ট্রোল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে বি ই বা বি টেক।

স্মার্ট গ্রিড টেকনোলজিসের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা কন্ট্রোল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি বা সমতুল বিষয়ে বি ই বা বি টেক।

বাকি তিনটি কোর্সের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা কন্ট্রোল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে বি ই বা বি টেক।

সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে পাশ করতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য।

কোর্স ফি: ২,৩০,০০০ টাকা। স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে ফি ৩,৮০,০০০ টাকা। অতিরিক্ত ১৮ শতাংশ জি এস টি দিতে হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষা এবং কাউন্সেলিংয়ের মাধ্যমে। প্রবেশিকা পরীক্ষা ২৪ জুন। পরীক্ষা নেওয়া হবে প্রতিষ্ঠানের সবক'টি ক্যাম্পাসে। পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। প্রতিটি পার্ট থাকবে ৬০টি করে মাল্টিপল চয়েস প্রশ্ন। প্রথম পার্টে প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউড এবং দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে জেনারেল ইঞ্জিনিয়ারিং বিষয়ে। কাউন্সেলিংয়ের জন্য নির্বাচিত প্রার্থীতালিকা প্রকাশিত হবে ১১ জুলাই। কাউন্সেলিং ২৪ ও ২৫ জুলাই।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npti.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৮ জুন। অনলাইন আবেদনের পর অ্যাপ্লিকেশন আই ডি পাওয়া যাবে। এটি টুকে রাখবেন। পরে কাজে লাগবে। ফি বাবদ অনলাইনে দিতে হবে ২,০০০ টাকা (জি এস টি-সহ)।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।



Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. গ্যাস থেকে তরলে পরিণত হওয়ার ঘটনাকে কী বলে?
(a) বাষ্পীভবন (b) ঘনীভবন (c) বাষ্পমোচন (d) গলন
2. কড মাছের তেল থেকে প্রাপ্ত ভিটামিন সংশ্লেষ হল:
(a) ভিটমিন B Complex (b) ভিটামিন-C (c) ভিটামিন-A (d) ভিটামিন-D
3. বন্ধ্যাত্ব প্রতিরোধকারী ভিটামিন হল:
(a) E (b) D (c) A (d) P
4. মানুষের দেহে জলের পরিমাণ প্রায়:
(a) 50% (b) 70% (c) 40% (d) 60%
5. সমত্বরণে গতিশীল বস্তুকণার বেগ:
(a) ক্রমশ বাড়ে (b) ক্রমশ কমে (c) স্থির থাকে (d) শূন্য হয়
6. ভর বাড়লে বস্তুর জাড্য:
(a) বাড়বে (b) কমবে (c) একই থাকবে (d) প্রথমে বাড়বে পরে কমবে
7. সমবেগে চলমান কণার কোনটির মান শূন্য:
(a) বেগ (b) দ্রুতি (c) সরণ (d) ত্বরণ শূন্য হয়
8. জেট প্লেন চলার ব্যাখ্যা নিউটনের কোন গতিসূত্র থেকে পাওয়া যায়?
(a) প্রথম সূত্র (b) দ্বিতীয় সূত্র (c) তৃতীয় সূত্র (d) প্রথম ও দ্বিতীয় সূত্র
9. (নিউটন × মিটার) কোন ভৌতরাশির একক?
(a) ভরবেগ (b) কার্য (c) শক্তি (d) ভর
10. SI-তে কাজ মাপার একক কোনটি?
(a) জুল (b) ওয়াট (c) নিউটন (d) কিলোওয়াট
11. 'Chemical Messenger' কাকে বলে?
(a) ভিটামিন (b) হরমোন (c) খনিজ লবণ (d) প্রোটিন
12. স্ক্রু ড্রাইভারের গতি হল:
(a) সরলরৈখিক গতি (b) বৃত্তপথের গতি (c) ঘূর্ণন গতি (d) মিশ্র গতি
13. কোনটি চরম স্থির অবস্থায় আছে?
(a) সূর্য (b) অন্য নক্ষত্ররা (c) পৃথিবী (d) কোনওটিই নয়
14. ঘড়ির যে-কোনও একটি কাঁটার গতি হল:
(a) পর্যাবৃত্ত গতি (b) সরলদোল গতি (c) কম্পন (d) ঘূর্ণন গতি
15. পান গাছে দেখা যায়:
(a) ঠেসমূল (b) বায়বীয় মূল (c) আরোহী মূল (d) চোষক মূল
16. খাদ্য প্রস্তুত করে:
(a) পত্রফলক (b) পত্রবৃন্ত (c) পত্রমূল (d) মূল
17. নীচের কোনটি বীজহীন ফল:
(a) কলা (b) আতা (c) ঢ্যাঁড়শ (d) আম
18. ফুলের যে অংশটি ফলে পরিণত হয় সেটি হল:
(a) বৃতি (b) দলমণ্ডল (c) পরাগধানী (d) ডিম্বাশয়
19. মূলের ডগার টুপির মতো অংশকে বলে:
(a) মূলরোম (b) মূলত্র (c) উপপত্র (d) মূলাবরণী
20. মৃদগত কাণ্ডের উদাহরণ হল:
(a) ওল (b) মুলো (c) গাজর (d) বীট
21. কয়েক'টি কিশমিশ জলে ভিজিয়ে রাখলে ফুলে ওঠে। এটি:
(a) ব্যাপন (b) অভিস্রবণ (c) বাষ্পমোচন (d) বাষ্পায়ন
22. হেপাটাইটিস হল:
(a) ভাইরাস (b) ব্যাক্টেরিয়া (c) আদ্যপ্রাণী (d) ছত্রাকঘটিত রোগ
23. চিকুনগুনিয়ার জন্য দায়ী:
(a) এডিস মশকী (b) কিউলেক্স মশকী (c) অ্যামিবা (d) অ্যানোফিলিস মশকী
24. WHO-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) প্যারিস (b) নিউ ইয়র্ক (c) জেনেভা (d) ওয়াশিংটন ডি সি
25. গলগণ্ড রোগ যার অভাবে হয়:
(a) সোডিয়াম (b) ক্যালশিয়াম (c) আয়োডিন (d) ফসফরাস
26. পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনের পদ্ধতি হল:
(a) ফিসন (b) ফিউসন (c) ফিসন ও ফিউসন (d) কোনওটিই নয়
27. মাটির pH যদি 3 হয়, তাহলে সেটি হল:
(a) তীব্র অম্ল (b) অম্ল (c) তীব্র ক্ষার (d) ক্ষারধর্মী মৃত্তিকা
28. UNICEF প্রতিষ্ঠিত হয়:
(a) 1945 সালে (b) 1946 সালে (c) 1947 সালে (d) 1948 সালে
29. কোন ভিটামিনকে পাইরিডক্সিন বলা হয়?
(a) ভিটামিন-B6 (b) ভিটামিন-A(c) ভিটামিন-B12 (d) ভিটামিন-C
30. প্লেগ রোগের কারণ কী?
(a) মশা (b) মাছি (c) ইঁদুর (d) বিড়াল
31. ইবনবতুতা কার আমলে ভারতে আসেন?
(a) আলাউদ্দিন খিলজি (b) ইলতুৎমিস (c) মহম্মদ বিন তুঘলক (d) গিয়াসউদ্দিন বলবন
32. মহম্মদ বিন তুঘলক তাঁর রাজধানী দিল্লি থেকে স্থানান্তরিত করেছিলেন:
(a) হায়দ্রাবাদে (b) সেকেন্দ্রাবাদে (c) দৌলতাবাদে (d) ভোপালে
33. নীচের কোনটি গ্যালেনা নামে পরিচিত?
(a) দস্তা (b) সীসা (c) তামা (d) অভ্র
34. সমুদ্রের ওপরের জলে বসবাসকারী মাছকে বলে:
(a) পেলাজিক (b) ডেমার্সাল (c) অ্যানাড্রোমাস (d) ক্যাটাড্রোমাস
35. কোন ফসল উৎপাদনকে বাদামি বিপ্লব বলে?
(a) চা (b) কোকো (c) পাট (d) গম
36. পুলিৎজার পুরস্কার দেওয়া হয় নীচের কোন ক্ষেত্রে?
(a) সাহিত্য (b) খেলাধুলো (c) সাংবাদিকতা (d) পরিবেশ সচেতনতা
37. 'কোকোনাট ট্রায়েঙ্গেল' কথাটি কোন দেশের সঙ্গে যুক্ত?
(a) বাংলাদেশ (b) নেপাল (c) ভুটান (d) শ্রীলঙ্কা
38. যে হরমোন ফুল ফোটাতে সহায়তা করে তা হল:
(a) অক্সিন (b) জিব্বারেলিন (c) ফ্লোরিজেন (d) কাইনিন
39. বর্তমানে ভারতের সেন্ট্রাল বোর্ড অব ফিল্ম সার্টিফিকেশন বা সেন্সর বোর্ডের চেয়ারম্যান কে?
(a) পহলাজ নিহালনি (b) প্রসুন যোশী (c) শর্মিলা ঠাকুর (d) শেখর কাপুর
40. ভারতে প্রথম ব্যাঘ্র প্রকল্প কত সালে গৃহীত হয়েছিল?
(a) 1972 সালে (b) 1973 সালে (c) 1974 সালে (d) 1975 সালে
41. মন্ট্রিল প্রোটোকল চুক্তি কী কারণে করা হয়েছিল?
(a) গ্রিন হাউস প্রভাব (b) ওজোনস্তর ক্ষয় (c) বনসৃজন (d) পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ
42. বয়লার আইন গৃহীত হয়:
(a) 1920 সালে (b) 1922 সালে (c) 1923 সালে (d) 1925 সালে
43. কিউই পাখির দেশ হল:
(a) অস্ট্রেলিয়া (b) নিউজিল্যান্ড (c) ইতালি (d) ফ্রান্স
44. গরবা নাচের জন্য প্রসিদ্ধ রাজ্য হল:
(a) মহারাষ্ট্র (b) গুজরাট (c) পাঞ্জাব (d) হরিয়ানা
45. পাইরোলুসাইট:
(a) ম্যাংগানিজ (b) তামা (c) দস্তা (d) অভ্রের আকরিক
46. সদ্যপ্রকাশিত আত্মজীবনী 'ইমপারফেক্ট' কোন ভারতীয় ক্রিকেটারের?
(a) মহম্মদ আজাহারউদ্দিন (b) রবীন সিং (c) অজয় জাদেজা (d) সঞ্জয় মঞ্জরেকর
47. সন্দীপ লামিছানে কোন দেশের ক্রিকেটার?
(a) ভুটান (b) নেপাল (c) আফগানিস্তান (d) বাংলাদেশ
48. এ বছর প্রজাতন্ত্র দিবসে কোন রাজ্যের ট্যাবলো প্রথম হয়েছে?
(a) পশ্চিমবঙ্গ (b) মহারাষ্ট্র (c) গুজরাট (d) পাঞ্জাব
49. বার্ড ল্যাঙ্গুয়েজ কোন দেশের ভাষা?
(a) ইজরায়েল (b) লেবানন (c) তুরস্ক (d) জর্ডন
50. কোন ভারতীয় অভিনেতা ফ্রান্সের সর্বোচ্চ অসামরিক সম্মান পেলেন?
(a) প্রসেনজিৎ চ্যাটার্জি (b) সৌমিত্র চ্যাটার্জি (c) কৌশিক সেন (d) ব্রাত্য বসু
51. গোরু আমাদের দুধ দেয়। তাহলে শিক্ষক আমাদের দেয়:
(a) জ্ঞান (b) বিদ্যা (c) বুদ্ধি (d) লেসন
নির্দেশ (52 and 53): *কোনটি বিসদৃশ?*
52. (a) পিয়ানো (b) বেহালা (c) হারমোনিয়াম (d) ব্যাঞ্জো
53. (a) পঞ্চতন্ত্র : বিষ্ণুশর্মা (b) অগ্নিবীণা : নজরুল ইসলাম (c) কামসূত্র : বাৎস্যায়ন (d) ইন্ডিয়া উইনস ফ্রিডম : রাধাকৃষ্ণন
54. a ___ ba ___ cbaac ___ aa ___ ba
(a) ccbb (b) cabc (c) cbcb (d) bbcc
55. একটি বিশেষ কোডের ভাষায় 15729-কে লেখা হয়েছে AEGBI এবং 2346 -কে লেখা হয়েছে BCDF তাহলে 23549-কে কী লেখা হবে?
(a) BCEDI (b) CEBDI (c) CBEDI (d) ABEDI
56.




(a) 5 (b) 6 (c) 8 (d) 9
57. কোনও মাসের শেষদিন যদি শুক্রবার হয়,তাহলে সেই নির্দিষ্ট মাসটিতে ক'টি মঙ্গলবার থাকবে?
(a) 4 (b) 5 (c) 3 (d) 6
58. একটি ঘড়িকে যখন আয়নার মধ্য দিয়ে দেখা যায়, তখন সেটি 4টা 20 মিনিট দেখায়। তাহলে তখন সঠিক সময় কত?
(a) 4টে 20 মিনিট (b) 3টে 20 মিনিট (c) 7টা 40 মিনিট (d) কোনওটিই নয়
59. বেমানান শব্দটি সন্ধান করুন:
(a) STR (b) PQR (c) MNO (d) WXY
60. নীচের ছবিতে ক'টি ত্রিভুজ আছে?



(a) 12 (b) 14 (c) 13 (d) 11
61. লুপ্ত সংখ্যাটি কত?

| | | |
|---|---|---|
| 0 | –1 | – 2 |
| 1 | 0 | – 1 |
| 2 | ? | 0 |

(a) 1 (b) – 1 (c) –2 (d) 4
62. 9, 28, 65, ? 217
(a) 126 (b) 131 (c) 56 (d) 295
63. 1 : 6 : : 8 : ?
(a) 11 (b) 13 (c) 12 (d) 14
64. N × M : 14 × 13 : X × Z : ?
(a) 24 × 23 (b) 23 × 24 (c) 24 × 26 (d) 26 × 23
65. 3 : 28 : : 5 : ?
(a) 179 (b) 126 (c) 124 (d) 125

এরপর এগারোর পাতায়

# পলিটেকনিকে ভর্তির পরীক্ষা জেক্সপো-২০১৮

রাজ্যের বিভিন্ন সরকারি-বেসরকারি পলিটেকনিক কলেজে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির পরীক্ষা জেক্সপো ২০ মে। পরীক্ষায় বসার যোগ্যতামান: মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ। এবছর যাদের মাধ্যমিক সম্পন্ন হচ্ছে, তারাও শর্তসাপেক্ষে বসতে পারে। পরীক্ষার প্রশ্ন সম্পূর্ণ MCQ পদ্ধতিতে হবে এবং উত্তর OMR Sheet-এ দিতে হবে। অঙ্কে ১০০, পদার্থবিদ্যায় ৫০ এবং রসায়নে ৫০টি প্রশ্ন থাকবে। প্রথমে নিজে উত্তর লিখুন এবং পরে উত্তর ও সমাধানের সঙ্গে মিলিয়ে দেখুন। প্রস্তুত করেছেন ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট-এর অধ্যাপক, **ডঃ শক্তিপদ নন্দ**

1. $x = \sqrt{\frac{\sqrt{5}+1}{\sqrt{5}-1}}$ হলে, $x^2 - x - 1$-এর মান:
(a) 0 (b) 1 (c) 2 (d) – 1
2. একটি গোলকের আয়তন $179\frac{2}{3}$ cu.m; গোলকের ব্যাস:
(a) $\frac{7}{2}$ m (b) 7m (c) $\frac{5}{2}$ m (d) 5 m
3. একটি ব্যাগে সমান সংখ্যক 1 টাকার, 50 পয়সার ও 25 পয়সার মুদ্রা আছে। সবগুলি মুদ্রার মূল্যমান 35 টাকা হলে 1 টাকার মুদ্রার সংখ্যা হবে:
(a) 15 (b) 16 (c) 20 (d) 25
4. একটি ত্রিভুজের কোণগুলির অনুপাত 1 : 3 : 5 হলে ত্রিভুজের বৃহত্তম কোণের মান হবে:
(a) $90^\circ$ (b) $95^\circ$ (c) $100^\circ$ (d) $105^\circ$
5. $10g2\sqrt{2\sqrt{2...}}\ \infty =$
(a) – 1 (b) 2 (c) 0 (d) 1
6. 52টি তাসের একটি প্যাকেট থেকে 1টি তাস তুলে নিলে সেটি একটি হরতনের তাস হওয়ার সম্ভাবনা হল:
(a) $\frac{1}{52}$ (b) $\frac{1}{13}$ (c) $\frac{1}{4}$ (d) $\frac{3}{4}$
7. $\Delta ABC$-এ $\angle A = 90^\circ$, AB = 6 cm, AC = 8 cm, যদি $\Delta ABC$-র মধ্যমা AD হয় তবে AD-র দৈর্ঘ্য হবে:
(a) 9 cm (b) 5 cm (c) 4 cm (d) 3 cm
8. $\Delta ABC$ সমবাহু ত্রিভুজ একটি বৃত্তে অন্তঃলিখিত আছে। বৃত্তের কেন্দ্র O হলে, $\angle BOC$-এর পরিমাণ:
(a) $30^\circ$ (b) $60^\circ$ (c) $90^\circ$ (d) $120^\circ$
9. একটি পাত্রে দুধ ও জলের অনুপাত 7 : 3 এবং অপর পাত্রে 11 : 4; এখন মিশ্রণ দু'টিকে 5 : 2 অনুপাতে মেশালে মিশ্রণে দুধ ও জলের অনুপাত হবে:
(a) 4 : 3 (b) 3 : 4 (c) 2 : 3 (d) 3 : 2
10. K-র মান কত হলে, $\frac{9}{16}x^2 - 3x + k^2 - 12$ রাশিটি একটি পূর্ণবর্গ হবে?
(a) ± 3 (b) ± 4 (c) ± 5 (d) ± 6
11. $x^2 + mx + 4 = 0$ সমীকরণের বীজদ্বয় সমান হলে m-এর মান হবে:
(a) ± 4 (b) ± 3 (c) ± 2 (d) ± 1
12. $x^2 + y^2 - 4x + 4y + 8 = 0$ হলে, (x + y)-এর মান হবে:
(a) –1 (b) 0 (c) 1 (d) 2
13. একটি কাজ A ও B 36 দিনে, B ও C 24 দিনে এবং A ও C 18 দিনে করতে পারেন, তিনজনের একত্রে কাজটি সম্পন্ন করতে দিনের সংখ্যা:
(a) 20 (b) 18 (c) 16 (d) 14
14. 2000 টাকায় একটি ঘোড়া ও একটি গোরু কিনে ঘোড়াটি 20% লাভে এবং গোরুটি 10% লোকসানে বিক্রয় করে মোটের ওপর 2% লাভ হল। ঘোড়াটির ক্রয়মূল্য:
(a) 760 টাকা (b) 780 টাকা (c) 800 টাকা (d) 820 টাকা
15. 2x + 3y = 6 সরলরেখা x ও y অক্ষদ্বারা যে ত্রিভুজ তৈরি করে তার ক্ষেত্রফল (বর্গএককে):
(a) 3 (b) 6 (c) 9 (d) 12
16. 100 m দীর্ঘ একটি ট্রেন একটি টেলিগ্রাফ পোস্টকে 10 s-এ এবং বিপরীত দিকে ছুটন্ত সমান দৈর্ঘ্যের একটি ট্রেনকে 8 s-এ সম্পূর্ণ অতিক্রম করে। দ্বিতীয় ট্রেনের বেগ (km/hr)-এ:
(a) 54 (b) 72 (c) 90 (d) 80
17. 20 m লম্বা ও 12 m চওড়া একটি হল ঘরের মেঝেকে সম্পূর্ণ আবৃত করতে 75 cm চওড়া যে দৈর্ঘ্যের কার্পেটের প্রয়োজন হবে:
(a) 360 m (b) 340 m (c) 320 m (d) 300 m
18. 14 cm বাহুর একটি বর্গক্ষেত্রের মধ্যে সবচেয়ে বড় অন্তর্লিখিত বৃত্তের ক্ষেত্রফল ($cm^2$ এককে):
(a) 144 (b) 154 (c) 164 (d) 174
19. একটি দড়ি দ্বারা বর্গক্ষেত্র তৈরি করলে ওই বর্গক্ষেত্রের ক্ষেত্রফল হয় 22 $cm^2$; ওই দড়ি দিয়ে একটি বৃত্ত তৈরি করলে $cm^2$ এককে বৃত্তের ক্ষেত্রফল হবে:
(a) 21 (b) 24 (c) 28 (d) 32
20. $x = 2 + \sqrt{3}$ হলে $(x^3 - 7x^2 + 13x)$-এর মান:
(a) 0 (b) 1 (c) 2 (d) 3

এরপর বারোর পাতায়

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

দশের পাতার পর

66. Carpenter : Furniture হলে নীচের কোনটি ঠিক?
(a) Book : Author (b) Magazine : Editor (b) Cook : Soup (d) Dam : Engineer
67. JTIS : HRGQ : : FPEO : ?
(a) DNCM (b) DCNQ (c) CNDM (d) CNDQ
68. কোনটি বিজাতীয় শব্দ?
(a) গ্যালন (b) টন (c) কুইন্টাল (d) কিলোগ্রাম
69. বিজাতীয় সংখ্যা কোনটি?
(a) 120-560 (b) 91-299 (c) 78-169 (d) 104-429
70. বিজাতীয় শব্দ কোনটি?
(a) Ring (b) Tyre (c) Plate (d) Bangle
71. বিজাতীয় শব্দ কোনটি?
(a) চোখ (b) কান (c) গলা (d) ত্বক
72. কোনটি বিজাতীয়?
(a) DFIMR (b) CEHLQ (c) GILPU (d) HJMPT
73.

| | | |
|---|---|---|
| 4, 2 | 9, 4 | 6, 20 |
| 72 | 720 | ? |
| 3, 3 | 10, 2 | 1, 6 |

(a) 72 (b) 720 (c) 7200 (d) 38
74.

| | | |
|---|---|---|
| 6 | 9 | 12 |
| 36 | 81 | 144 |
| 24 | 63 | ? |

(a) 120 (b) 80 (c) 94 (d) 102
75.

| | | |
|---|---|---|
| AZ | BY | CX |
| DW | EV | FU |
| GT | ? | IR |

(a) HR (b) HS (c) HV (d) HU
76. একজন কৃষক তার একটি ট্রাক্টর দিয়ে 10 বিঘা জমি 2 দিনে চাষ করতে পারেন। তার জমির পরিমাণ যদি 40 বিঘা হয়, তবে জমি চাষ করতে তার কতদিন সময় লাগবে?
(a) 8 (b) 10 (c) 20 (d) 40
77. 5 জন মৃৎশিল্পী এক সপ্তাহে 15টি মাটির পুতুল তৈরি করতে পারেন। 25 জন মৃৎশিল্পী এক সপ্তাহে কতগুলি মাটির পুতুল তৈরি করতে পারবেন?
(a) 50টি (b) 75টি (c) 100টি (d) 125টি
78. আমি বাসে 12000 মিটার পথ 30 মিনিটে গেলাম। বাসের গতিবেগ হবে:
(a) 400 মিটার/মিনিট (b) 300 মিটার/মিনিট (c) 500 মিটার/মিনিট (d) 600 মিটার/মিনিট
79. 5 কিমি/ঘণ্টা গতিবেগে কোনও স্থানে গিয়ে 4 কিমি/ঘণ্টা গতিবেগে ফিরে এলে সমগ্র যাত্রাপথের গড় গতিবেগ কত?
(a) 40 কিমি/ঘণ্টা (b) $\frac{40}{9}$ কিমি/ঘণ্টা (c) $\frac{39}{9}$ কিমি/ঘণ্টা (d) কোনওটিই নয়
80. $0.\dot{2} + 0.\dot{3} + 0.\dot{4} + 0.\dot{5} + 0.\dot{6} = ?$
(a) $1.\dot{5}$ (b) $1.0\dot{5}$ (c) $1.00\dot{5}$ (d) $1.000\dot{5}$
81. $2.66 \times 2.66 + 0.66 \times 0.66 - 0.66 \times 5.32$-এর মান কত?
(a) 9 (b) 4 (c) 16 (d) 1
82. $(5.3 + 3.5)^2 + (5.3 - 3.5)^2$-এর মান কত?
(a) 40.34 (b) 80.68 (c) 40 (d) 80
83. প্রথম 48টি জোড় সংখ্যার গড় কত?
(a) 49 (b) 48 (c) 50 (d) 47
84. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4 এবং গ.সা.গু. 4 হলে ল.সা.গু. কত?
(a) 24 (b) 36 (c) 48 (d) 72
85. দু'টি সংখ্যার গ.সা.গু. 12 এবং তাদের অনুপাত 3 : 5 হলে তাদের গুণফল কত?
(a) 1620 (b) 1800 (c) 1980 (d) 2160
86. A, B, C যথাক্রমে 1500 টাকা, 1000 টাকা, 1750 টাকা মূলধন দিয়ে একটি ব্যবসা শুরু করল। বছরের শেষে 425 টাকা ক্ষতি হলে C-এর ক্ষতির পরিমাণ কত?
(a) 170 টাকা (b) 175 টাকা (c) 180 টাকা (d) 185 টাকা
87. A, B, C যৌথ ব্যবসায় যথাক্রমে 1000 টাকা, 1200 টাকা, 1400 টাকা মূলধন বিনিয়োগ করল। A-এর লভ্যাংশ 75 টাকা হলে C-এর লভ্যাংশ কত?
(a) 110 টাকা (b) 100 টাকা (c) 105 টাকা (d) 115 টাকা
88. ভাজ্য =
(a) ভাজক × ভাগফল + ভাগশেষ (b) ভাজক + ভাগফল × ভাগশেষ (c) ভাজক × ভাগফল (d) ভাজক + ভাগফল
89. পরপর যে-কোনও দু'টি সংখ্যার গুণফল সর্বদা কত দ্বারা বিভাজ্য হবে?
(a) 2 (b) 3 (c) 4 (d) 5
90. পরপর তিনটি সংখ্যার যোগফল সর্বদা কত দ্বারা বিভাজ্য হবে?
(a) 2 (b) 3 (c) 4 (d) 5
91. দু'টি সংখ্যার যোগফল ও বিয়োগফলের অনুপাত 9 : 5 হলে, সংখ্যাদু'টির অনুপাত কত?
(a) 9 : 5 (b) 7 : 2 (c) 5 : 9 (d) 81 : 25
92. $312 \times 219 \times 517 \times 613$-এর একক ঘরের অঙ্কটি কত?
(a) 1 (b) 7 (c) 9 (d) 8
93. 7231-এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল 5 এবং 9 দ্বারা বিভাজ্য হবে?
(a) 19 (b) 7 (c) 11 (d) 14
94. একটি দ্রব্যের বাজারমূল্য 80 টাকা। 68 টাকায় দ্রব্যটি বিক্রয় করলে ছাড়ের হার কত?
(a) 12% (b) 15% (c) 13% (d) 14%
95. এক অসৎ ব্যবসায়ী দাঁড়িপাল্লার কারচুপি করে 1 Kg-এর পরিবর্তে 950 গ্রাম মাল দেয়। ওই ব্যবসায়ীর শতকরা লাভের হার কত?
(a) 5% (b) $4\frac{1}{6}$ % (c) $5\frac{5}{19}$ % (d) $6\frac{1}{4}$ %
96. 10 টাকা লিটার দরে 12 লিটার দুধে কত লিটার জল মিশ্রিত করলে 8 টাকা লিটার দরে বিক্রি করা যাবে?
(a) 3 লিটার (b) 5 লিটার (c) 4 লিটার (d) 3.5 লিটার
97. একটি ট্রেন $1\frac{1}{2}$ ঘণ্টায় 66 কিমি পথ অতিক্রম করে। ট্রেনটির মিনিটে গতিবেগ কত?
(a) $733\frac{1}{3}$ মিটার (b) $703\frac{1}{3}$ মিটার (c) $710\frac{1}{3}$ মিটার (d) $337\frac{1}{3}$ মিটার
98. 350 এর x % = 21 হলে, x = ?
(a) 8 (b) 6 (c) 7 (d) 5
99. A : B = 2 : 3, B : C = 5 : 4 এবং C : D = 7 : 8 হলে, A : D = ?
(a) 35 : 48 (b) 48 : 35 (c) 7 : 8 (d) 8 : 7
100. A-এর $87\frac{1}{2}$ % = B-এর $41\frac{2}{3}$ % হলে, A : B = ?
(a) 2 : 3 (b) 6 : 5 (c) 10 : 7 (d) 10 : 21

### উত্তর

1(b), 2(c), 3(a), 4(b), 5(a), 6(a), 7(d), 8(c), 9(b), 10(a), 11(b), 12(d), 13(d), 14(a), 15(c), 16(a), 17(a), 18(d), 19(b), 20(a), 21(b) 22(a), 23(a), 24(c), 25(c), 26(b), 27(a), 28(b), 29(a), 30(c), 31(c), 32(c), 33(b), 34(a), 35(b), 36(c), 37(d), 38(c), 39(b), 40(b), 41(b), 42(c), 43(b), 44(b), 45(a), 46(d), 47(b), 48(b), 49(c), 50(b), 51(a), 52(b), 53(d), 54(b), 55(a), 56(d), 57(a), 58(c), 59(a), 60(b), 61(a), 62(a), 63(c), 64(b) 65(b), 66(c), 67(a), 68(a), 69(a), 70(c), 71(c), 72(d), 73(b), 74(a), 75(b), 76(a), 77(b), 78(a), 79(b), 80(a), 81(b), 82(b), 83(a), 84(c), 85(d), 86(b), 87(c), 88(a), 89(a), 90(b), 91(b), 92(d), 93(d), 94(b), 95(c), 96(a), 97(a), 98(a), 99(c), 100(c):

### সমাধান

76(a): 10 বিঘা জমি 2 দিনে চাষ করে
1 বিঘা জমি $\frac{2}{10}$ দিনে চাষ করে
40 বিঘা জমি $\frac{2 \times 40}{10}$ দিনে অর্থাৎ 8 দিনে চাষ করে।
77(b): 5 জন মৃৎশিল্পী সপ্তাহে 15টি পুতুল তৈরি করে
1 জন মৃৎশিল্পী সপ্তাহে $\frac{15}{5}$ টি পুতুল তৈরি করে
25 জন মৃৎশিল্পী সপ্তাহে $\frac{15 \times 25}{5} = 75$টি পুতুল তৈরি করে।
78(a): গতিবেগ = অতিক্রান্ত দূরত্ব ÷ প্রয়োজনীয় সময় = 12000 ÷ 30 = 400 মিটার/মিনিট।
79(b): গতিবেগ $= \frac{2 \times 5 \times 4}{5 + 4} = \frac{40}{9}$ কিমি/ঘণ্টা।
80(a): $0.\dot{2} + 0.\dot{3} + 0.\dot{4} + 0.\dot{5} + 0.\dot{6} = 0.\dot{2}\dot{2} + 0.\dot{3}\dot{3} + 0.\dot{4}\dot{4} + 0.55$
$= \frac{22}{99} + \frac{33}{99} + \frac{44}{99} + \frac{55}{99} = \frac{154}{99} = 1\frac{55}{99} = 1\frac{5}{9} = 1.5.$
81(b): $2.66 \times 2.66 + 0.66 \times 0.66 - 0.66 \times 5.32$
$= 2.66 \times 2.66 - 5.32 \times 0.66 + 0.66 \times 0.66 = 2.66 \times 2.66 - 2 \times 2.66 \times 0.66 + 0.66 \times 0.66$, 2.66 = a, 0.66 = b
$a^2 - 2ab + b^2 = (a - b)^2 = (0.266 - 0.66)^2 = (2)^2 = 4.$
82(b): 5.3 = a, 3.5 = b হলে, $(a + b)^2 + (a - b)^2 = 2(a^2 + b^2)$
$= 2(5.3)^2 + (3.5)^2 = 2(28.09 + 12.25) = 2 \times 40.34 = 80.68.$
83(a): নির্ণেয় গড় = 48 + 1 = 49.
84(c): ল.সা.গু. = গ.সা.গু. × আনুপাতিক পদগুলির গুণফল
∴ 4 × (3 × 4) = 48.
85(d): দু'টি সংখ্যার গুণফল = সংখ্যাদু'টির অনুপাতের পদগুলির গুণফল × $(\text{গ.সা.গু.})^2 = (3 \times 5) \times (12)^2 = 15 \times 144 = 2160.$
86(b): A : B : C -এর মূলধন = 1500 : 1000 : 1750 = 150 : 100 : 175 = 6 : 4 : 7
এখন 6 + 4 + 7 = 17, C-এর ক্ষতির পরিমাণ $= \frac{7}{17} \times 425$ টাকা = 175 টাকা।
87(c): A : B : C-এর লভ্যাংশের অনুপাত = 1000 : 1200 : 1400 = 10 : 12 : 14
C-এর লভ্যাংশ = 7x টাকা, এখানে 5x = 75 বা, x = 15 টাকা
∴ C-এর লভ্যাংশ = 7 × 15 = 105 টাকা।
88(a): ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ।
89(a) 2 দ্বারা বিভাজ্য হবে। যেমন 22 × 23, 2 দ্বারা বিভাজ্য।
90(b): 3 দ্বারা বিভাজ্য হবে। যেমন 17 + 18 + 19, 3 দ্বারা বিভাজ্য হবে।
91(b): সূত্রানুসারে সংখ্যাদু'টির অনুপাত = (9 + 5) : (9 − 5) = 14 : 4 = 7 : 2.
92(d): 312-এর একক অঙ্ক = 2 এবং 219-এর একক অঙ্ক = 9
∴ 2 × 9-এর একক অঙ্ক = 8
আবার 517-এর একক অঙ্ক = 7 এবং 613-এর একক অঙ্ক = 3
∴ 7 × 3-এর একক অঙ্ক = 1 ∴ নির্ণেয় একক অঙ্ক = 8.
93(d): 5 এবং 9 দ্বারা বিভাজ্য ক্ষুদ্রতম সংখ্যা = 5 এবং 9-এর ল.সা.গু. = 45, 45 দিয়ে 7231-কে ভাগ করলে অবশিষ্ট থাকে 31
∴ নির্ণেয় সংখ্যা = (45 − 31) = 14.
94(b): নির্ণেয় ছাড় $= \frac{80 - 68}{80} \times 100 = \frac{12 \times 100}{80} = 15\%.$
95(c): নির্ণেয় লাভের হার $= \left(\frac{1000 - 950}{950}\right) \times 100 = 5\frac{5}{19}\%.$
96(a): $\frac{12 \times (10 - 8)}{8} = 3$ লিটার।
97(a): ট্রেনের গতি মিনিটে $66000 \div 90 = 733\frac{1}{3}$ মিটার।
98(a): $350 \times \frac{x}{100} = 21, x = \frac{21 \times 100}{350} = 6.$
99(c): A : B = 2 : 3 × 5 = 10 : 15
B : C = 5 : 4 × 3 = 15 : 12
∴ A : B : C = 10 : 15 : 12 ∴ B : C = 5 : 4 × 7 = 35 : 28
C : D = 7 : 8 × 4 = 28 : 32 ∴ B : C : D = 35 : 28 : 31
∴ C : D = 28 : 32 = 7. 8.
100(c): A : B = 10 : 7.

প্রস্তুত করেছেন: সৃষ্টিধর বেরা

# ইতিহাসের প্রশ্নোত্তর

## (পাল বংশ, সেন বংশ, কুষাণ বংশ)

1. পাল বংশের শ্রেষ্ঠ রাজা কে?
(a) ধর্মপাল (b) গোপাল (c) প্রথম মহীপাল (d) দেবপাল
2. দেবপালের পর কে সিংহাসনে বসেন?
(a) মহেন্দ্রপাল (b) দ্বিতীয় বিগ্রহপাল (c) প্রথম বিগ্রহপাল (d) নয়পালপাল
3. গোপালের মৃত্যু হয় কত খ্রিস্টাব্দে?
(a) 750 খ্রিস্টাব্দে (b) 760 খ্রিস্টাব্দে (c) 770 খ্রিস্টাব্দে (d) 780 খ্রিস্টাব্দে
4. ওদন্তপুর বিহারের নির্মাণকাজ কে শেষ করেন?
(a) প্রথম মহীপাল (b) মদনপাল (c) দেবপাল (d) ধর্মপাল
5. দীপঙ্কর শ্রীজ্ঞান যখন ওদন্তপুর বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন তখন ওখানকার অধ্যক্ষ কে ছিলেন?
(a) অনিরুদ্ধ ভট্ট (b) শীলভদ্র (c) নাগভট্ট (d) শীল রক্ষিত
6. দীপঙ্কর শ্রীজ্ঞানের বাল্যনাম কী ছিল?
(a) আদিনাথ চন্দ্রগর্ভ (b) আদিনাথ গর্ভচন্দ্র (c) আদিনাথ চন্দ্রগর্ভ (d) চন্দ্রনাথ আদিগর্ভ
7. আদিনাথ চন্দ্রগর্ভকে 'দীপঙ্কর শ্রীজ্ঞান' উপাধিতে ভূষিত করেন:
(a) অনিরুদ্ধ ভট্ট (b) শীলভদ্র (c) শীল রক্ষিত (d) নাগভট্ট
8. গোপালের মৃত্যুর পর কে সিংহাসনে বসেন?
(a) দেবপাল (b) প্রথম মহীপাল (c) দ্বিতীয় মহীপাল (d) ধর্মপাল
9. ধর্মপাল কত খ্রিস্টাব্দে সিংহাসনে বসেন?
(a) 730 খ্রিস্টাব্দে (b) 750 খ্রিস্টাব্দে (c) 770 খ্রিস্টাব্দে (d) 780 খ্রিস্টাব্দে
10. পাল বংশের প্রকৃত স্থপতি কে?
(a) দেবপাল (b) গোপাল (c) প্রথম মহীপাল (d) ধর্মপাল
11. কোন পাল রাজার আমলে বাংলা উত্তর ভারতে শ্রেষ্ঠ শক্তিতে পরিণত হয়?
(a) দেবপাল (b) গোপাল (c) ধর্মপাল (d) প্রথম মহীপাল
12. কোন পাল রাজা 'উত্তরাপথ স্বামীন' নামে খ্যাত?
(a) দেবপাল (b) ধর্মপাল (c) গোপাল (d) প্রথম মহীপাল
13. ধর্মপালের রাজধানী কোথায় ছিল?
(a) মগধ (b) গৌড় (c) পাটলিপুত্র (d) মালদা
14. বিক্রমশীলা মহাবিহার কোন পাল রাজা নির্মাণ করেন?
(a) গোপাল (b) দেবপাল (c) ধর্মপাল (d) মদনপাল
15. 'পরমেশ্বর', 'পরমভট্টারক' 'মহারাজাধিরাজ' কোন পাল রাজার উপাধি ছিল?
(a) প্রথম মহীপাল (b) দ্বিতীয় মহীপাল (c) দেবপাল (d) ধর্মপাল
16. বিখ্যাত বৌদ্ধ দার্শনিক হরিভদ্র কোন পালরাজার পৃষ্ঠপোষকতা লাভ করেন?
(a) গোপাল (b) দেবপাল (c) প্রথম মহীপাল (d) ধর্মপাল
17. সোমপুরী বিহার কে নির্মাণ করেন?
(a) বল্লাল সেন (b) দেবপাল (c) ধর্মপাল (d) গোপাল
18. কোন পাল রাজার গর্গ নামে এক হিন্দু ব্রাহ্মণ প্রধানমন্ত্রী ছিলেন?
(a) দেবপাল (b) ধর্মপাল (c) গোপাল (d) প্রথম মহীপাল
19. কোন পালরাজা বিক্রমশীল উপাধি গ্রহণ করেন?
(a) প্রথম মহীপাল (b) দেবপাল (c) ধর্মপাল (d) মদনপাল
20. কোন পাল রাজা 'রক্ত ও লৌহনীতি' (Blood and Iron Policy) প্রয়োগ করে বিশাল সাম্রাজ্য গঠন করেছিলেন?
(a) ধর্মপাল (b) গোপাল (c) দেবপাল (d) দ্বিতীয় মহীপাল
21. দর্ভপাণি ও কেদার মিশ্র কোন পাল রাজার মন্ত্রী ছিলেন?
(a) গোপাল (b) রামপাল (c) দ্বিতীয় মহীপাল (d) দেবপাল
22. আরব পর্যটক সুলেমান কোন পাল রাজার সেনাবাহিনীর ভূয়সী প্রশংসা করেন?
(a) কুমারপাল (b) রামপাল (c) দেবপাল (d) ধর্মপাল
23. শৈলেন্দ্র বংশীয় রাজা বলপুত্রদেব নালন্দায় বৌদ্ধধর্ম প্রতিষ্ঠার জন্য কোন পাল রাজার কাছে পাঁচটি গ্রাম ভিক্ষা চান?
(a) দেবপাল (b) ধর্মপাল (c) প্রথম মহীপাল (d) দ্বিতীয় মহীপাল
24. দেবপালের রাজধানী কোথায় ছিল?
(a) মগধ (b) মুঙ্গের (c) পাটলিপুত্র (d) গৌড়

এরপর বারোর পাতায়

www.banglajobguide.tk

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পলিটেকনিকে ভর্তির পরীক্ষা
## জেক্সপো-২০১৮

দশের পাতার পর

**পদার্থবিদ্যা ও রসায়ন**

1. একটি সাধারণ তুলাযন্ত্রের তুলাদণ্ডদ্বয়ের দৈর্ঘ্য অসমান। ঐ তুলাযন্ত্রের উভয় তুলাপাত্রে একটি বস্তুকে ওজন করে বস্তুর ভর যথাক্রমে M ও m হয়। বস্তুর প্রকৃত ভর:
(a) $\frac{M+m}{2}$ (b) $\sqrt{Mm}$ (c) Mm (d) কোনটিই নয়
2. 20 cm ফোকাস দূরত্বের একটি উত্তল লেন্স থেকে কতদূরে একটি বস্তু রাখলে তার দ্বিগুণ আকারের অসদবিম্ব পাওয়া যাবে?
(a) 10 cm (b) 20 cm (c) 30 cm (d) 40 cm
3. ঘরে উপস্থিত বিভিন্ন সুরগুলির মধ্যে নিম্নতম কম্পাঙ্কযুক্ত সুরকে বলে:
(a) খাদ (b) সমমেল (c) উপসুর (d) মূলসুর
4. পৃথিবীপৃষ্ঠে একজন ব্যক্তি 5 ft লাফাতে পারলে চাঁদে লাফাতে পারবে:
(a) 5 ft (b) 15 ft (c) 30 ft (d) 25 ft
5. প্রথম শ্রেণির লিভারের যান্ত্রিক সুবিধা:
(a) 1 (b) 1 অপেক্ষা কম (c) 1 অপেক্ষা বেশি (d) 1-এর বেশি, 1-এর সমান বা 1-এর কম হতে পারে
6. দুটি 4 ohm-এর রোধ সমান্তরাল সমবায়ে যুক্ত করে একে 2 ohm রোধ, 2 volt emf এবং নগণ্য অভ্যন্তরীণ রোধের কোনও বিদ্যুৎ উৎসের সাথে যোগ করলে প্রবাহমাত্রা (amp এককে):
(a) 1 (b) 0.5 (c) 0.25 (d) 1.5
7. $-3^\circ C$ উষ্ণতায় কিছু পরিমাণ গ্যাসের আয়তন 750 cc; $87^\circ C$ উষ্ণতায় ঐ পরিমাণ গ্যাসের আয়তন হবে:
(a) 1500 c.c. (b) 1750 cc (c) 1800 cc (d) 1000 cc
8. STP-তে 22.4 L $CO_2$-এ অণুর সংখ্যা $6.022 \times 10^{23}$ হলে STP-তে 22.4L $O_2$-এ অণুর সংখ্যা:
(a) $3.011 \times 10^{23}$ (b) $6.022 \times 10^{23}$ (c) $6.022 \times 10^{22}$ (d) $3.011 \times 10^{22}$
9. 1000 g জল $30^\circ C$ থেকে স্ফুটনাঙ্কে পৌঁছাতে কত Joule তাপ লাগবে?
(a) $294 \times 10^3$ (b) $254 \times 10^3$ (c) $294 \times 10^2$ (d) $254 \times 10^2$
10. নীচের রশ্মিগুলির মধ্যে কোনটির ভেদনক্ষমতা সবচেয়ে বেশি?
(a) $\alpha$ (b) $\beta$ (c) $\gamma$ (d) আলোক
11. IUPAC প্রবর্তিত দীর্ঘ পর্যায় সারণি অনুযায়ী কার্বনের অবস্থান কোন শ্রেণিতে?
(a) 14 (b) 15 (c) 16 (d) 17
12. CaO একটি ——— অক্সাইড। নীচের সঠিক শব্দটি দ্বারা শূন্যস্থান পূরণ করুন।
(a) প্রশম (b) ক্ষারকীয় (c) উভধর্মী (d) আম্লিক
13. NaCl-এর ঘন জলীয় দ্রবণের তড়িৎ বিশ্লেষণে ক্যাথোডে পাওয়া যায়:
(a) Na (b) $H_2$↑ (c) Cl↑ (d) $O_2$↑
14. NaOH-এর অম্লত্বিকতা হল:
(a) 1 (b) 2 (c) 3 (d) কোনটিই নয়
15. অম্লিক দ্রবণে মিথাইল অরেঞ্জের বর্ণ হয়:
(a) লাল (b) হলুদ (c) কমলা (d) বেগুনি
16. HCHO কোন যৌগিক পদার্থের রাসায়নিক সংকেত?
(a) ফরম্যালডিহাইড (b) ফর্মিক অ্যাসিড (c) অ্যাসিটোন (d) মিথাইল অ্যালকোহল
17. বিউটিলিনের রাসায়নিক সংকেত হল:
(a) $C_2H_4$ (b) $C_3H_6$ (c) $C_4H_8$ (d) $C_5H_{10}$
18. যে ধাতু সংকরের উপাদান Cu ও Zn তা হল:
(a) ব্রোঞ্জ (b) ডুরালুমিন (c) পিতল (d) স্টেইনলেস স্টিল
19. 200g ভরের একটি বস্তুকে 10 m/s বেগে উল্লম্ব উৎক্ষিপ্ত করলে বস্তুটি সর্বোচ্চ কত উচ্চতায় যেতে পারে? [$g = 10 m/s^2$]
(a) 5m (b) 2.5m (c) 7.5m (d) 10 m
20. 100 g ভরের কোনও বস্তুর ওপর 300 dyne বল প্রয়োগ করলে স্থির অবস্থা থেকে 5s পরে তার বেগ ($cm.s^{-1}$ এককে):
(a) 5 (b) 10 (c) 15 (d) 20

### উত্তর

**অঙ্ক:** 1(a), 2(b), 3(c), 4(c), 5(d), 6(c), 7(b), 8(d), 9(a), 10(b), 11(a), 12(b), 13(c), 14(c), 15(a), 16(a), 17(c), 18(b), 19(c), 20(d).

**পদার্থবিদ্যা ও রসায়ন:** 1(a), 2(c), 3(d), 4(c), 5(d), 6(b), 7(d), 8(b), 9(a), 10(c), 11(a), 12(b), 13(b), 14(a), 15(a), 16(a), 17(c), 18(c), 19(a), 20(c).

### সমাধান

**অঙ্কের**

1(a): $x \sqrt{\frac{(\sqrt{5}+1)^2}{5-1}} = \frac{\sqrt{5}+1}{2}$

$x^2 = \frac{5+1+2\sqrt{5}}{4} = \frac{3+\sqrt{5}}{2}$, $x^2 - 1 = \frac{3+\sqrt{5}}{2} - 1 = \frac{\sqrt{5}+1}{2} = x$

$\Rightarrow x^2 - x - 1 = 0.$

2(b): $\frac{4}{3} \times \frac{22}{7} r^3 = \frac{539}{3} \Rightarrow r^3 = \left(\frac{7}{2}\right)^3 \Rightarrow r$

$= \frac{7}{2}$ m ∴ ব্যাস $= 2r = 7$m.

3(c): প্রতি মুদ্রার সংখ্যা = x হলে মোট মান $= \left(x + \frac{x}{2} + \frac{x}{4}\right)$ টাকা $= \frac{7x}{4}$ টাকা

$\frac{7x}{4} = 35 \Rightarrow x = \frac{35 \times 4}{7} = 20.$

4(c): কোণগুলি x, 3x, 5x $\Rightarrow 9x = 180^\circ$

$\Rightarrow x = 20^\circ$, বৃহত্তম কোণ $= 5x = 100^\circ$.

5(d): $\sqrt{2\sqrt{2...}} = x \Rightarrow x^2 = 2\sqrt{2\sqrt{2...}} = 2x$

$\Rightarrow x = 2$ ∵ $x \neq 0$, $\log_2 2 = 1$.

6(c): মোট তাসের সংখ্যা = 52

হরতনের সংখ্যা = 13, সম্ভাবনা $= \frac{13}{52} = \frac{1}{4}$.

7(b): $BC^2 = 6^2 + 8^2 = 100 \Rightarrow BC = 10$cm

BD = CD = 5 cm

$AD^2 = BD \times CD = 5 \times 5$

$\Rightarrow AD = 5$ cm.




8(d): সমবাহু ত্রিভুজ

∠BAC = 60°

∠BOC = 2

∠BAC = 120°.




9(a): দুধের ওপর বিমিশ্র প্রক্রিয়া

$\frac{7}{10}$     $\frac{11}{15}$

$\frac{5}{7}$

$\frac{11}{15} - \frac{5}{7} = \frac{2}{105}$     $\frac{5}{7} - \frac{7}{10} = \frac{1}{70}$

অনুপাত $= \frac{2}{105} \times \frac{70}{1} = \frac{2}{3} \times 2 = 4:3.$

10(b): $\left(\frac{3}{4}x\right)^2 - 2.\frac{3}{4}x.2 + 2^2 - 2^2 + k^2 - 12$

$\Rightarrow \left(\frac{3}{4}x - 2\right)^2 + k^2 - 16 \Rightarrow k^2 - 16 = 0 \Rightarrow k = \pm 4.$

11(a): নিরূপক $= m^2 - 4.4.1 = 0 \Rightarrow m \pm 4.$

12(b): $(x^2 - 4x + 4) + (y^2 + 4y + 4) = 0$

$(x-2)^2 + (y+2)^2 = 0$ দুটি বর্গের সমষ্টি 0 হলে প্রতিটি 0 হবে,

$(x-2)^2 = 0 \Rightarrow x = 2$ এবং $(y+2)^2 = 0 \Rightarrow y = -2$

$x + y = 2 - 2 = 0.$

13(c): 1 দিনে $A + B = \frac{1}{36}$, $B + C = \frac{1}{24}$, $C + A = \frac{1}{18}$

$2(A + B + C) = \frac{1}{36} + \frac{1}{24} + \frac{1}{18} = \frac{2+3+4}{72} = \frac{1}{8}$

$A + B + C = \frac{1}{16}$ অংশ

মোট দিনের সংখ্যা = 16.

14(c): ঘোড়া     গোরু

20%     − 10%

2%

12%     18%

মূল্যের অনুপাত = 12 : 18 = 2 : 3

ঘোড়ার মূল্য $= \left(\frac{2}{2+3}\right) \times 200 = 800$ টাকা।

15(a): $\frac{2x}{6} + \frac{3y}{6} = 1 \Rightarrow \frac{x}{8} + \frac{y}{2} = 1$

অক্ষদ্বয়ে ছেদিতাংশ = 3, 2

ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 3 \times 2 = 3$ বর্গএকক।




16(a): প্রথম ট্রেনের গতিবেগ $= \frac{100}{10} = 10$ m/s

আপেক্ষিক বেগ $= \frac{100+100}{8} = 25$ m/s

দ্বিতীয় ট্রেনের বেগ = 25 − 10 = 15 m/s

$= 15 \times \frac{18}{5} = 54$ km/h [1 m/s $= \frac{18}{5}$ km/h]

17(c): কার্পেটের প্রস্থ $= \frac{75}{100} = \frac{3}{4}$ m

কার্পেটের দৈর্ঘ্য $= \frac{\text{হলঘরের দৈর্ঘ্য} \times \text{প্রস্থ}}{\text{কার্পেটের প্রস্থ}} = \frac{20 \times 12}{3} \times 4 = 320$ m

18(b): বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = a হলে সর্ববৃহৎ অন্তর্লিখিত বৃত্তের ক্ষেত্রফল

$= \pi \times \left(\frac{a}{2}\right)^2 = \frac{22}{7} \times 7^2 = 154 \text{ cm}^2.$

19(c): বর্গক্ষেত্রের বাহু $= \sqrt{22}$ cm

পরিসীমা $= 4\sqrt{22}$ = বৃত্তের পরিসীমা

$2\pi r = 4\sqrt{22}$ cm $\Rightarrow r = \frac{2\sqrt{22}}{\pi}$

বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2 = \pi \times \frac{4 \times 22}{\pi^2} = \frac{88}{\pi} = 88 \times \frac{7}{22} = 28 \text{ cm}^2.$

20(d): $x - 2 = \sqrt{3} \Rightarrow (x-2)^3 = 3\sqrt{3}$

$\Rightarrow x^3 - 3x^2.2 + 3x.2^2 - 2^3 = 3\sqrt{3}$

$\Rightarrow x^3 - 6x^2 + 12x - 8 = 3\sqrt{3} \Rightarrow x^3 - 6x^2 + 12x = 8 + 3\sqrt{3}$

$\Rightarrow x^2 = (2 + \sqrt{3})^2 = 7 + 4\sqrt{3}$

$x^3 - 7x^2 + 13x = (x^3 - 6x^2 + 12x) - x^2 + x$

$= 8 + 3\sqrt{3} - (7 + 9\sqrt{3}) + 2 + \sqrt{3} = 3.$

**পদার্থবিদ্যা ও রসায়নের:**

2(c): $m = \frac{v}{u} = 2 \Rightarrow v = 2k.$ $\frac{1}{v} - \frac{1}{2u} - \frac{1}{u} = \frac{1}{20}$

$\frac{-1-2}{24} = \frac{-1}{20} \Rightarrow -2u = -60$, u = 30 cm.

4(c): চাঁদের $g = \frac{1}{6} \times$ পৃথিবীতে g.

6(b): $\frac{1}{R} = \frac{1}{4} + \frac{1}{4} = \frac{1}{2} \Rightarrow R = 2$ ohm

মোট রোধ = R + r = 2 + 2 = 4 ohm

$I = E/R = \frac{2}{4} = 0.5$ amp.

7(d): $V_1 = 750$ $V_2 = ?$ $T_1 = -3^\circ C = -3 + 273 = 270^\circ k$

$T_2 = 87^\circ C = 87 + 273 = 360^\circ k$

$\frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2} \Rightarrow \frac{750}{270} = \frac{V_2}{360} \Rightarrow \frac{750}{3} = \frac{V_2}{4}$

$\Rightarrow 250 = \frac{V_2}{4} \Rightarrow V_2 = 250 \times 4 = 1000$ cc.

9(a): চাপ = mst = 1 × 4200 × (100 − 30)

$= 4200 \times 70 = 294 \times 10^3$J

19(a): $H = \frac{u^2}{2g} = \frac{10^2}{2 \times 10} = 5$m.

20(c): $P = mf \Rightarrow 300 = 100f \Rightarrow f = 3$

$v = u + ft = 0 + 3 \times 5 = 15 \text{ cm.s}^{-1}.$

## ইতিহাসের প্রশ্নোত্তর
### (পাল বংশ, সেন বংশ, কুষাণ বংশ)

*এগারোর পাতার পর*

25. কোন পাল রাজাকে পাল সাম্রাজ্যের 'দ্বিতীয় প্রতিষ্ঠাতা' বলা হয়?
(a) দেবপাল (b) দ্বিতীয় মহীপাল (c) রামপাল (d) প্রথম মহীপাল
26. কোন পাল রাজার আমলে প্রথম রাজেন্দ্র চোল বাংলা আক্রমণ করেন (1021-23 খ্রিস্টাব্দে)?
(a) প্রথম মহীপাল (b) দ্বিতীয় মহীপাল (c) কুমার পাল (d) রামপাল
27. বিখ্যাত বৌদ্ধ পণ্ডিত জ্ঞানশ্রী মিত্র কোন পাল রাজার আমলের?
(a) রামপাল (b) কুমার পাল (c) প্রথম মহীপাল (d) দ্বিতীয় মহীপাল
28. কোন পাল রাজা উত্তরের রাঢ় অঞ্চল দখল করে 'গঙ্গাইকোন্ড' উপাধি নেন?
(a) মদন পাল (b) কুমার পাল (c) রামপাল (d) প্রথম মহীপাল
29. কোন পাল রাজার সময় কৈবর্ত বিদ্রোহ হয়?
(a) প্রথম মহীপাল (b) দ্বিতীয় মহীপাল (c) রাম পাল (d) কুমার পাল
30. ভীম ও দিব্য বা দিব্বক কোন বিদ্রোহের নেতা ছিলেন?
(a) ফকির বিদ্রোহ (b) বিশ্বাস বিদ্রোহ (c) সাঁওতাল বিদ্রোহ (d) কৈবর্ত বিদ্রোহ
31. কোন পাল রাজা কৈবর্ত বিদ্রোহ দমন করেন?
(a) কুমার পাল (b) দ্বিতীয় মহীপাল (c) প্রথম মহীপাল (d) রামপাল
32. সন্ধ্যাকর নন্দী কোন পাল রাজার সভাকবি ছিলেন?
(a) কুমার পাল (b) রামপাল (c) প্রথম মহীপাল (d) দেবপাল
33. সন্ধ্যাকর নন্দী রচিত 'রামচরিত' কোন পালরাজার জীবনকাহিনি মাত্র?
(a) রামপাল (b) কুমার পাল (c) রাজ্যেশ্বর পাল (d) ধর্মপাল
34. বাংলার শেষ শক্তিশালী পাল রাজা কে ছিলেন?
(a) প্রথম মহীপাল (b) কুমার পাল (c) দ্বিতীয় মহীপাল (d) রামপাল
35. পাল বংশের শেষ রাজা কে?
(a) কুমার পাল (b) রামপাল (c) তৃতীয় বিগ্রহ পাল (d) মদন পাল
36. বিজয় সেন কোন পাল রাজাকে হারিয়ে বাংলায় স্বাধীন সেন বংশের প্রতিষ্ঠা করেন?
(a) রামপাল (b) তৃতীয় বিগ্রহপাল (c) নয়পাল পাল (d) মদন পাল
37. বৌদ্ধ ধর্ম প্রসারের জন্য তিব্বতের কোন রাজার অনুরোধে দীপঙ্কর শ্রীজ্ঞান সেখানে যান?
(a) রাজা ইউ চি (b) রাজা হয়াং (c) রাজা য়ে শেষ হোড (d) রাজা হয়াং ই হোড
38. খ্রিষ্টীয় দ্বাদশ শতাব্দীতে কে বিক্রমশীলা মহাবিহার ধ্বংস করেন?
(a) তৈমুর লঙ (b) চেঙ্গিস খাঁ (c) বক্তিয়ার খিলজি (d) ইলতুৎমিস
39. হিন্দু আইনের গ্রন্থ 'দায়ভাগ' কার লেখা?
(a) মাধব (b) বল্লাল সেন (c) অশ্বঘোষ (d) জীমূতবাহন
40. কোন বংশের আমলে তাম্রলিপ্ত এবং সপ্তগ্রাম সামুদ্রিক বন্দর হিসেবে প্রসিদ্ধ ছিল?
(a) সেন বংশ (b) পাল বংশ (c) কুষাণ বংশ (d) মৌর্য বংশ
41. পাল রাজাদের আমলে বাংলায় কোন ধাতুর মুদ্রার প্রচলন দেখা যায়?
(a) স্বর্ণমুদ্রা (b) রৌপ্যমুদ্রা (c) তাম্রমুদ্রা (d) ব্রোঞ্জমুদ্রা
42. কে 'কাদম্বরী-কথাসার' নামে একটি কাব্যগ্রন্থ রচনা করেন?
(a) দর্ভপানি (b) অতীশ দীপঙ্কর (c) অভিনন্দ (d) জীমূতবাহন
43. চতুর্বেদজ্ঞ দর্ভপানি কোন বংশের সমসাময়িক ছিলেন?
(a) পাল বংশ (b) সেন বংশ (c) কুষাণ বংশ (d) মৌর্য বংশ
44. 'বজ্র-যান-সাধন' গ্রন্থের রচয়িতা কে?
(a) দর্ভপানি (b) অভিনন্দ (c) অশ্বঘোষ (d) অতীশ দীপঙ্কর
45. সেন বংশের আদি পুরুষের নাম কী?
(a) বীরবল (b) রামসেন (c) সামন্ত সেন (d) বীরসেন

এরপর তেরোর পাতায়

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ইতিহাসের প্রশ্নোত্তর

### (পাল বংশ, সেন বংশ, কুষাণ বংশ)

*বারোর পাতার পর*

46. চালুক্যরাজ ষষ্ঠ বিক্রমাদিত্য ও তৃতীয় সোমেশ্বর-এর আমলে কোন বংশ বাংলায় আসে?
(a) চালুক্য বংশ (b) পাল বংশ (c) সেন বংশ (d) কুষাণ বংশ
47. কোন যুগকে বাংলার সংস্কৃত কাব্যের 'স্বর্ণযুগ' বলা হয়?
(a) পাল যুগ (b) সেন যুগ (c) কুষাণ যুগ (d) সাতবাহন যুগ
48. বাংলার হিন্দু সমাজে তিন শ্রেণির কৌলীন্য প্রথার মধ্যে নীচের কোনটির প্রচলন হয়নি?
(a) ব্রাহ্মণ (b) কায়স্থ (c) শূদ্র (d) বৈশ্য
49. কৌলীন্য প্রথার প্রবর্তন করেন কে?
(a) লক্ষ্মণ সেন (b) বিজয় সেন (c) বল্লাল সেন (d) কেশব সেন
50. কৌলিন্য প্রথার কৌলীন্য অর্জনের জন্য ক'টি বিশেষ গুণ থাকা প্রয়োজন?
(a) 6টি (b) 8টি (c) 9টি (d) 11টি
51. সেন বংশের প্রতিষ্ঠাতা কে?
(a) বিজয় সেন (b) হেমন্ত সেন (c) সামন্ত সেন (d) কেশব সেন
52. সেন বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা কাকে বলা হয়?
(a) সামন্ত সেন (b) লক্ষ্মণ সেন (c) বল্লাল সেন (d) বিজয় সেন
53. সেন বংশের শ্রেষ্ঠ রাজা কে?
(a) লক্ষ্মণ সেন (b) বল্লাল সেন (c) বিজয় সেন (d) বিশ্বরূপ সেন
54. সেন বংশের শ্রেষ্ঠ রাজা বিজয় সেন কত বছর রাজত্ব করেন?
(a) 40 বছর (b) 50 বছর (c) 60 বছর (d) 65 বছর
55. স্বাধীন সেন বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা কে?
(a) হেমন্ত সেন (b) সামন্ত সেন (c) কেশব সেন (d) বিজয় সেন
56. দেওপাড়া প্রশস্তি বা লিপি রচনা করেন কে?
(a) নানাদেব (b) শ্রীহর্ষ (c) কলহন (d) উমাপতি ধর
57. দেওপাড়া প্রশস্তি বা লিপি থেকে কার সম্বন্ধে জানা যায়?
(a) লক্ষ্মণ সেন (b) বিজয় সেন (c) বল্লাল সেন (d) বীরসেন
58. বিজয় সেন বাংলায় ক'টি রাজধানী স্থাপন করেন?
(a) 1টি (b) 2টি (c) 3টি (d) একটিও নয়
59. কবি শ্রীহর্ষ কার সমসাময়িক ছিলেন?
(a) লক্ষ্মণ সেন (b) বল্লাল সেন (c) সামন্ত সেন (d) বিজয় সেন
60. বিজয় সেনের মৃত্যুর পর কে সিংহাসনে বসেন?
(a) লক্ষ্মণ সেন (b) কেশব সেন (c) হেমন্ত সেন (d) বল্লাল সেন
61. পশ্চিম বাংলার বিজয়পুর ও পূর্ব বাংলার বিক্রমপুরে কে মোট দু'টি রাজধানী স্থাপন করেন?
(a) লক্ষ্মণ সেন (b) বল্লাল সেন (c) বিজয় সেন (d) হেমন্ত সেন
62. কে 'বিজয় প্রশস্তি' রচনা করেন?
(a) উমাপতিধর (b) বিলহন (c) কলহন (d) শ্রীহর্ষ
63. 'পরমেশ্বর পরমভট্টারক' উপাধি কে নেন?
(a) বল্লাল সেন (b) বীরসেন (c) লক্ষ্মণ সেন (d) বিজয় সেন
64. হেমন্ত সেনের পর কে সিংহাসনে বসেন?
(a) বিশ্বরূপ সেন (b) কেশব সেন (c) বল্লাল সেন (d) বিজয় সেন
65. কে দিনাজপুরে 'বল্লাল দিঘি' ও 'বল্লাল বাড়ি' নির্মাণ করেন?
(a) বিজয় সেন (b) লক্ষ্মণ সেন (c) বল্লাল সেন (d) কেশব সেন
66. নবদ্বীপের শাসক বুদ্ধিমন্ত খাঁনের নির্দেশে কে 'বল্লাল চরিত' রচনা করেন?
(a) অনিরুদ্ধ ভট্ট (b) আনন্দ ভট্ট (c) কেশব ভট্ট (d) উমাপতি ধর
67. কে প্রয়াগ পুরী ও বারাণসীতে বিজয় স্তম্ভ স্থাপন করেছিলেন?
(a) বল্লাল সেন (b) বিজয় সেন (c) লক্ষ্মণ সেন (d) কেশব সেন
68. কোন সেন রাজার রাজধানী ছিল 'নদীয়া'?
(a) বিজয় সেন (b) লক্ষ্মণ সেন (c) বল্লাল সেন (d) বিশ্বরূপ সেন
69. 'বাঁশের নল' দিয়ে কোন যুগে জমি জরিপ করা হত?
(a) সেন যুগে (b) পাল যুগে (c) কুষাণ যুগে (d) পাল ও সেন যুগে
70. 'শূলপাণি' কোন যুগের শিল্পী ছিলেন?
(a) কুষাণ যুগ (b) সেন যুগ (c) পাল যুগ (d) এর কোনওটিই নয়
71. কবে বাংলায় সেন রাজত্বের অবসান ঘটে?
(a) 1230 খ্রিস্টাব্দে (b) 1240 খ্রিস্টাব্দে (c) 1250 খ্রিস্টাব্দে (d) 1260 খ্রিস্টাব্দে
72. মালদহের গৌড় নগরীটি কে তৈরি করেন?
(a) বল্লাল সেন (b) লক্ষ্মণ সেন (c) বিজয় সেন (d) কেশব সেন
73. অনিরুদ্ধ ভট্ট কোন সেন রাজার গুরু ছিলেন?
(a) লক্ষ্মণ সেন (b) বিজয় সেন (c) হেমন্ত সেন (d) বল্লাল সেন
74. কে 'হরলতা' ও 'পিতৃদয়িতা' নামে দু'টি গ্রন্থে হিন্দু ধর্মের নানা অনুষ্ঠানের ও নিত্যকর্মের আলোচনা করেছেন?
(a) আনন্দ ভট্ট (b) উমাপতিধর (c) অনিরুদ্ধ ভট্ট (d) বল্লাল সেন
75. লক্ষ্মণ সেনের সভা কবিদের মধ্যে শ্রেষ্ঠ কে ছিলেন?
(a) জয়দেব (b) ধোয়ী (c) উমাপতিধর (d) শ্রীহর্ষ
76. সুপ্রসিদ্ধ পণ্ডিত শাস্ত্রজ্ঞ হলায়ুধ কোন সেন রাজার আমলে ছিলেন?
(a) লক্ষ্মণ সেন (b) বিজয় সেন (c) বল্লাল সেন (d) বিশ্বরূপ সেন
77. 'গৌড়েন্দ্র-কুঞ্জরালাল স্তম্ভবাহমহীপতি' কার উপাধি ছিল?
(a) লক্ষ্মণ সেন (b) বিজয় সেন (c) বল্লাল সেন (d) কেশব সেন
78. লক্ষ্মণ সেন প্রথম জীবনে শৈব হয়েও পরে কোন ধর্মে দীক্ষিত হন?
(a) বৌদ্ধ (b) জৈন (c) বৈষ্ণব (d) পার্সি
79. 'পবনদূত' গ্রন্থটির রচয়িতা কে?
(a) উমাপতি ধর (b) শূলপাণি (c) শ্রীহর্ষ (d) ধোয়ী
80. 'পুরাণ' ও 'কপর্দক পুরাণ' আসলে কী?
(a) দু'টি গ্রন্থ (b) দু'টি শাস্ত্র (c) দু'টি মুদ্রা (d) দু'টি আইন
81. কোন সেন রাজা বৈষ্ণব ধর্মে দীক্ষিত হয়ে 'পরম বৈষ্ণব' উপাধি নেন?
(a) বিজয় সেন (b) হেমন্ত সেন (c) বল্লাল সেন (d) লক্ষ্মণ সেন
82. 'অদ্ভুত সাগর' গ্রন্থটির লেখক কে?
(a) লক্ষ্মণ সেন (b) বিজয় সেন (c) বল্লাল সেন (d) হেমন্ত সেন
83. 'লঘুভারত' গ্রন্থ থেকে কোন সেন রাজার সাম্রাজ্য বিস্তারের ইতিহাস জানা যায়?
(a) লক্ষ্মণ সেন (b) বল্লাল সেন (c) বিশ্বরূপ সেন (d) সামন্ত সেন
84. 1199 খ্রিস্টাব্দে কে ওদন্তপুরী বিহার ধ্বংস করেন?
(a) কুতুবউদ্দিন আইবক (b) নাদির শাহ (c) ইলতুৎমিস (d) বখতিয়ার খলজি
85. কোন সেন রাজা 60 বছর বয়সে সিংহাসনে বসেন?
(a) সামন্ত সেন (b) বিজয় সেন (c) বল্লাল সেন (d) লক্ষ্মণ সেন
86. 'অদ্ভুত সাগর'-এর শেষাংশ কে রচনা করেন?
(a) কেশব সেন (b) বল্লাল সেন (c) বিজয় সেন (d) লক্ষ্মণ সেন
87. জয়দেব রচিত 'গীতগোবিন্দ-র' কোন বিষয়ের বর্ণনা আছে?
(a) রামের বনবাসের কাহিনি (b) রামের সীতা উদ্ধারের কাহিনি (c) রাধাকৃষ্ণের প্রেমলীলার কাহিনি (d) কুরুক্ষেত্রের কাহিনি
88. 'ব্রাহ্মণ সর্বস্ব' ও 'মীমাংসা সর্বস্ব' গ্রন্থ দু'টি কে রচনা করেন?
(a) হলায়ুধ (b) শ্রীহর্ষ (c) ধোয়ী (d) উমাপতি ধর
89. চন্দ্রচূড় চরিত গ্রন্থের রচয়িতা কে?
(a) ধোয়ী (b) হলায়ুধ (c) উমাপতিধর (d) জয়দেব
90. লক্ষ্মণ সেনের সভাকবি জয়দেব বর্তমানের কোন জেলায় জন্মগ্রহণ করেন?
(a) বাঁকুড়া (b) বীরভূম (c) পুরুলিয়া (d) নদিয়া
91. বল্লাল সেনের সময় বাংলাদেশ ক'টি অংশে বিভক্ত ছিল?
(a) 4 (b) 5 (c) 6 (d) 7
92. বল্লাল সেন রচিত অদ্ভুত সাগরে কোন বিষয়ের কথা বলা আছে?
(a) বৈষ্ণব ধর্মের কথা (b) জৈন ধর্মের কথা (c) বৌদ্ধ ধর্মের কথা (d) হিন্দু ধর্মের আচার অনুষ্ঠানের কথা
93. 'পরমনরসিংহ' উপাধি কোন সেন রাজা নেন?
(a) বিজয় সেন (b) লক্ষ্মণ সেন (c) বল্লাল সেন (d) সামন্ত সেন
94. লক্ষ্মণ সেন কবে তুর্কি বণিকের ছদ্মবেশে বাংলার রাজধানী নবদ্বীপে প্রবেশ করেন?
(a) 1199 খ্রিস্টাব্দে (b) 1201 খ্রিস্টাব্দে (c) 1211 খ্রিস্টাব্দে (d) 1219 খ্রিস্টাব্দে
95. 'মহাবিভাষা সূত্র' ও 'বুদ্ধচরিত' গ্রন্থ থেকে কোন বংশের ইতিহাস জানা যায়?
(a) পাল বংশ (b) সেন বংশ (c) কুষাণ বংশ (d) সাতবাহন বংশ
96. 'মহাবিভাষা সূত্র' গ্রন্থের রচয়িতা কে?
(a) অশ্বঘোষ (b) বিলহন (c) কলহন (d) নাগার্জুন
97. 'বুদ্ধচরিত' গ্রন্থের রচয়িতা কে?
(a) বিলহন (b) কলহন (c) অশ্বঘোষ (d) নাগার্জুন
98. শক ও পহ্লবদের পর কোন বংশ ভারতে প্রবেশ করে?
(a) সেন বংশ (b) পাল বংশ (c) কুষাণ বংশ (d) এর কোনওটিই নয়
99. কুষাণরা কোন যাযাবর উপজাতির শাখা?
(a) হুন (b) ইউ চি (c) হিউংনু (d) কুইশুয়াং
100. কুষাণ বংশের প্রতিষ্ঠাতা কে?
(a) কুজুল কদফিসেস (b) বিম কদফিসেস (c) বাসুদেব (d) বশিষ্ক
101. কুষাণ বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা কে?
(a) কণিষ্ক (b) দ্বিতীয় কদফিসেস বা বিম কদফিসেস (c) প্রথম কদফিসেস (d) বাসুদেব
102. কুষাণ বংশের সর্বশ্রেষ্ঠ রাজা কে?
(a) বিম কদফিসেস (b) বাসুদেব (c) কণিষ্ক (d) প্রথম কদফিসেস
103. কুষাণ বংশের সর্বশ্রেষ্ঠ বিখ্যাত সম্রাট কে?
(a) বাসুদেব (b) দ্বিতীয় বাসুদেব (c) তৃতীয় কণিষ্ক (d) কণিষ্ক
104. কুষাণ বংশের সর্বশেষ সম্রাট কে?
(a) বাসুদেব (b) তৃতীয় কণিষ্ক (c) দ্বিতীয় বাসুদেব (d) তৃতীয় বাসুদেব
105. 'ওয়াং' কথার অর্থ কী?
(a) সম্রাট (b) রাজা (c) বাদশা (d) প্রধানমন্ত্রী
106. কুজুল কদফিসেস বা প্রথম কদফিসেস কত বছর রাজত্ব করেন?
(a) 35 বছর (b) 40 বছর (c) 45 বছর (d) 50 বছর
107. কুষাণ বংশের কোন সম্রাট নিজে সাম্রাজ্য শাসন না করে 'মহাসেনাপতি' উপাধিধারী প্রতিনিধির ওপর শাসনভার অর্পণ করেন?
(a) বিম কদফিসেস (b) কুজুল কদফিসেস (c) কণিষ্ক (d) বাসুদেব
108. অশ্বঘোষ কাকে বৌদ্ধ ধর্মে দীক্ষা দেন?
(a) বাসুদেব (b) প্রথম কদফিসেস (c) দ্বিতীয় কদফিসেস (d) কণিষ্ক
109. 'শকাব্দ' কবে প্রচলিত হয়?
(a) 78BC (c) 78AD (c) 98AD (d) 98BC
110. কুষাণ রাজাদের মধ্যে কে সর্বপ্রথম তামার মুদ্রা চালু করেন?
(a) দ্বিতীয় বাসুদেব (b) দ্বিতীয় কদফিসেস (c) প্রথম কদফিসেস (d) তৃতীয় কণিষ্ক
111. কুষাণ রাজাদের মধ্যে কে সর্বপ্রথম 'স্বর্ণমুদ্রা' চালু করেন?
(a) প্রথম কদফিসেস (b) কণিষ্ক (c) দ্বিতীয় কদফিসেস (d) তৃতীয় বাসুদেব
112. কণিষ্কের রাজধানীর নাম কী?
(a) পাটলিপুত্র (b) পুরুষপুর (c) পারস্য (d) প্রাচীনপুর
113. রোমান সম্রাট ট্রিজনের সঙ্গে কে দূত বিনিময় করতেন?
(a) দ্বিতীয় কদফিসেস (b) দ্বিতীয় বাসুদেব (c) দ্বিতীয় কণিষ্ক (d) কণিষ্ক
114. কোন কুষাণ সম্রাট 'সত্যধর্মস্থিত' উপাধি ধারণ করেন?
(a) প্রথম কদফিসেস (b) দ্বিতীয় কদফিসেস (c) কণিষ্ক (d) দ্বিতীয় কণিষ্ক
115. কুষাণ বংশের কোন সম্রাটের মুদ্রায় 'মহিশ্বর' নাম খোদাই এবং শিবমূর্তি, ষাঁড় এবং ত্রিশূল চিহ্ন পাওয়া যায়?
(a) প্রথম কদফিসেস (b) দ্বিতীয় কদফিসেস (c) তৃতীয় কদফিসেস (d) চতুর্থ কদফিসেস
116. কোন কুষাণ সম্রাট 'শকাব্দ' চালু করেন?
(a) প্রথম কদফিসেস (b) দ্বিতীয় কদফিসেস (c) কণিষ্ক (d) বাসুদেব
117. 78 খ্রিস্টাব্দে 'শকাব্দ' চালু হওয়ার কারণ কী?
(a) প্রথম কুষাণ বংশ প্রতিষ্ঠা (b) কুষাণ বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা বিম কদফিসেসের সিংহাসন আরোহণ (c) কণিষ্কের সিংহাসন আরোহণ (d) কণিষ্কের মৃত্যুর জন্য
118. কোন কুষাণ সম্রাটের আর এক নাম ছিল 'ইয়েনকাও চেন'?
(a) প্রথম কদফিসেস (b) বিম কদফিসেস (c) কণিষ্ক (d) বাসুদেব
119. কণিষ্কের সভায় প্রধানমন্ত্রীর পদ কে অলংকৃত করেছিলেন?
(a) পার্শ্ব (b) বসুমিত্র (c) চাণক্য (d) মাথুর
120. আয়ুর্বেদাচার্য চরক কার রাজসভায় ছিলেন?
(a) প্রথম কদফিসেস (b) দ্বিতীয় কদফিসেস (c) কণিষ্ক (d) হুবিষ্ক
121. কণিষ্ক পারসিক উপাধি হিসেবে কোন উপাধি গ্রহণ করেছিলেন?
(a) মহারাজা (b) দৈবপুত্র (c) রাজাধিরাজ (d) মহাধিপতি
122. রোমান সম্রাট ট্রিজনের সঙ্গে কোন কুষাণ সম্রাট দূত বিনিময় করতেন?
(a) কণিষ্ক (b) বাসুদেব (c) প্রথম কদফিসেস (d) বিম কদফিসেস
123. 'মহাবিভাষা' নামে বৌদ্ধ সাহিত্যের রচয়িতা কে?
(a) অশ্বঘোষ (b) বসুমিত্র (c) পার্শ্ব (d) কলহন
124. কোন কুষাণ সম্রাট 'নকশা' ও 'ওজন' পদ্ধতি প্রচলন করেন?
(a) কুজুল কদফিসেস (b) বিম কদফিসেস (c) কণিষ্ক (d) বাসুদেব
125. কোন কুষাণ সম্রাটের সময় ভারতীয় সাম্রাজ্যের পূর্বাঞ্চলে 'মহাক্ষত্রপ' ও 'ক্ষত্রপত্রন' নামে কর্মচারীরা শাসন করতেন?
(a) প্রথম কদফিসেস (b) বিম কদফিসেস (c) কণিষ্ক (d) বাসুদেব
126. কণিষ্কের সময় 'বেস্পাসি' নামে রাজকর্মচারীরা ভারতীয় সাম্রাজ্যের কোন অঞ্চল শাসন করতেন?
(a) উত্তরাঞ্চল (b) পূর্বাঞ্চল (c) পশ্চিমাঞ্চল (d) দক্ষিণাঞ্চল
127. খ্রিস্টীয় প্রথম শতাব্দীতে কোন চিন সম্রাটের আমন্ত্রণে বৌদ্ধ পণ্ডিত ধর্মরত্ন ও কাশ্যপ মাতঙ্গ চিনে গিয়ে প্রথম বৌদ্ধ মঠ নির্মাণ করেন?
(a) মিঙ (b) প্যান চাও (c) হোতি (d) হুয়ান
128. কোন যুগে বাণিজ্যপথ ধরে বৌদ্ধ ধর্ম বিশ্বধর্মে রূপান্তরিত হয়েছিল?
(a) পাল যুগে (b) সেন যুগে (c) কুষাণ যুগে (d) সাতবাহন যুগে
129. কণিষ্কের সময় পার্সিদের অগ্নিদেবতার নাম কী ছিল?
(a) মিয়োরো (b) অতস (c) মির (d) ইশো
130. কোন যুগে গান্ধার শিল্প গড়ে ওঠে?
(a) সেন যুগে (b) সাতবাহন যুগে (c) পালযুগে (d) কুষাণ যুগে
131. কুষাণ যুগে কোন ভাষার পুনরুত্থান ঘটে?
(a) পালি (b) অর্ধমাগধী (c) প্রাকৃত (d) সংস্কৃত
132. কত খ্রিস্টাব্দে কুষাণ সাম্রাজ্যের পতন ঘটে?
(a) 162 খ্রিস্টাব্দে (b) 212 খ্রিস্টাব্দে (c) 262 খ্রিস্টাব্দে (d) 362 খ্রিস্টাব্দে
133. গুপ্ত বংশ কোন বংশের অনুকরণে মুদ্রার প্রচলন করে?
(a) পাল বংশ (b) চোল বংশ (c) সাতবাহন বংশ (d) কুষাণ বংশ

#### উত্তর

1(d), 2(c), 3(c), 4(d), 5(d), 6(c), 7(c), 8(d), 9(c), 10(d), 11(c), 12(b), 13(c), 14(c), 15(d), 16(d), 17(c), 18(d), 19(b), 20(c), 21(d), 22(c), 23(a), 24(b), 25(d), 26(a), 27(c), 28(d), 29(b), 30(d), 31(d), 32(b), 33(a), 34(d), 35(d), 36(d), 37(c), 38(c), 39(d), 40(b), 41(c), 42(c), 43(a), 44(d), 45(d), 46(c), 47(b), 48(c), 49(c), 50(c), 51(c), 52(d), 53(c), 54(c), 55(d), 56(d), 57(b), 58(b), 59(d), 60(d), 61(c), 62(d), 63(d), 64(d), 65(c), 66(b), 67(c), 68(b), 69(d), 70(b), 71(d), 72(a), 73(d), 74(c), 75(a), 76(a), 77(c), 78(c), 79(d), 80(c), 81(d), 82(c), 83(b), 84(d), 85(d), 86(d), 87(c), 88(a), 89(c), 90(b), 91(b), 92(d), 93(b), 94(b), 95(c), 96(d), 97(c), 98(c), 99(b), 100(a), 101(b), 102(c), 103(d), 104(c), 105(b) 106(d), 107(a), 108(d), 109(b), 110(c), 111(c), 112(b), 113(d), 114(a), 115(b), 116(c); 117(c), 118(b), 119(d), 120(c), 121(c), 122(a), 123(b), 124(a), 125(c), 126(a), 127(a), 128(c), 129(b), 130(d), 131(d), 132(c), 133(d).

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

## জেনারেল রিজনিংয়ের প্রশ্নোত্তর

1. তন্ময় এক ব্যক্তিকে দেখিয়ে বলল, তিনি আমার একমাত্র পিসতুতো ভাইয়ের একমাত্র মামা। তন্ময়ের সঙ্গে ওই ব্যক্তির সম্পর্ক কী?
(a) কাকা (b) মামা (c) বাবা (d) এর কোনওটিই নয়
2. শ্রেণীকক্ষের মোট 47 জন ছাত্রীর মধ্যে প্রথম থেকে স্বস্তিকার স্থান 17তম। শেষের দিক থেকে স্বস্তিকার স্থান কততম?
(a) 30 (b) 31 (c) 29 (d) 28
3. পরপর মান অনুযায়ী সাজান:
1. কলেজ 2. শিশু 3. মাইনে 4. বিদ্যালয় 5. কর্মসংস্থান
(a) 1, 2, 4, 3, 5 (b) 4, 1, 3, 5, 2 (c) 2, 4, 1, 5, 3 (d) 5, 3, 2, 1, 4
নির্দেশ (4 & 5): *B, E-র তুলনায় লম্বা কিন্তু* F-এর তুলনায় বেঁটে। F-র উচ্চতা A-র থেকে কম। C, D-র তুলনায় বেঁটে, কিন্তু A-র তুলনায় লম্বা।
4. এদের মধ্যে কে সব থেকে বেঁটে?
(a) C (b) B (c) A (d) E
5. যদি ছয়জন বালককেই উচ্চতার নিম্ন ক্রমঅনুসারে পরপর দাঁড়াতে বলা হয় তাহলে সেই সারিতে তৃতীয় কে হবে?
(a) A (b) F (c) B (d) C
6. যদি '–' মানে '×', '=' মানে '+', '?' মানে '–', '+' মানে '÷' হয় তবে 5 – 9 = 7 ? 9 + 3 = 6-এর মান কত?
(a) 43 (b) 105 (c) 55 (d) 10
7. 2002 সালের 1 জানুয়ারি শুক্রবার ছিল। এই সালের পরবর্তী কোন মাস শুক্রবার দিয়ে শুরু হবে?
(a) অক্টোবর (b) মে (c) জুন (d) আগস্ট
8. কিছু উড়োজাহাজ গাড়ি। কিছু গাড়ি আবার গরুর গাড়ি হলে নীচের কোনটি ঠিক?

*এরপর চোদ্দর পাতায়*

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## জেনারেল রিজনিংয়ের প্রশ্নোত্তর

তেরোর পাতার পর

(a) সমস্ত গাড়িই উড়োজাহাজ (b) কিছু উড়োজাহাজ গাড়ি (c) কিছু উড়োজাহাজ গরুর গাড়ি (d) কোনও গরুর গাড়িই গাড়ি নয়

9. যদি a = 11(158)14 এবং b = 17(225)13 হয়। তাহলে c = 15(?)12-এর (?) স্থানে কত হবে?
(a) 180 (b) 166 (c) 184 (d) 174

10. যদি CHARCOAL-কে 45164913, MORALE-কে 296137 হিসাবে লেখা হয়। তাহলে ALLOCHRE-কে কীভাবে লেখা হবে?
(a) 19943785 (b) 13394567 (c) 16693895 (d) 13396875

11. যদি COBRA-কে BOCAR লেখা হয় তবে GROUP-কে লেখা যাবে:
(a) ORPGU (b) OGRPU (c) ORTAU (d) ORGPU

12. যদি Water-কে Food বলা হয়, Food-কে Tree, Tree-কে Sky এবং Sky-কে Well বলা হয়, তবে Fruit কোথায় হয়?
(a) Well (b) Food (c) Tree (d) Sky

13. একজন মানুষ পূর্বদিকে 2 কিলোমিটার গেল, তারপরে সে বাঁদিকে ঘুরে 2 কিলোমিটার হাঁটল এবং আবার বাঁদিকে ঘুরে সে 2 কিলোমিটার হাঁটল, এখন সে কোনদিকে মুখ করে আছে?
(a) পূর্ব (b) পশ্চিম (c) উত্তর (d) দক্ষিণ

14. চিত্রটির মধ্যে কতগুলি ত্রিভুজ আছে?



(a) 9 (b) 10 (c) 11 (d) 12

15. '5' এর বিপরীতে কোন সংখ্যা হবে?




(a) 1 (b) 2 (c) 3 (d) 6

www.banglajobguide.tk

**নির্দেশ (16 & 17):** *প্রদত্ত শব্দগুচ্ছের সঙ্গে একগুচ্ছ ভেনচিত্র দেওয়া হয়েছে। শব্দগুচ্ছটির প্রতীকস্বরূপ সঠিক চিত্রটি চিহ্নিত করুন।*




16. নৃত্যশিল্পী, অভিনেতা, অবিবাহিত।

17. খেলোয়াড়, বালক, ছাত্রছাত্রী।

18. 8 9 5 3 2 5 3 8 5 5 6 8 7 3 3 5 7 7 5 3 6 5 3 3 5 7 3 8
ওপরের সংখ্যাসারিতে কতগুলি 5 আছে, যার আগে 3 আছে কিন্তু পরে 7 নেই?
(a) 1 (b) 2 (c) 0 (d) 3

19. যদি 'Vowel'গুলি ইংরিজি বর্ণমালা থেকে বাদ দেওয়া হয় তবে শুরু থেকে 10তম বর্ণটি কী হবে?
(a) Q (b) P (c) M (d) T

20. একটি দেওয়াল ঘড়িতে 4 টে 27 মিনিট হয়েছে। ঘড়ির বিপরীতে রাখা আয়নায় কটি বাজবে?
(a) 8টা 33 মিনিট (b) 7টা 33 মিনিট (c) 6টা 27 মিনিট (d) 8টা 27 মিনিট

21. 5 3 4 8 9 7 1 6 5 3 2 9 8 4 3 5 9 5 6 3 4 8 9 5
ওপরের সংখ্যাশ্রেণীর মধ্যে কতগুলি জোড় সংখ্যা আছে। যাদের পূর্বে ও পরে জোড় সংখ্যা নেই?
(a) 2 (b) 3 (c) 1 (d) 4

22. একটি বহুভুজের বাহুসংখ্যা 9 হলে, কর্ণসংখ্যা কত?
(a) 9 (b) 27 (c) 14 (d) 20

23. একটি বিদায় সম্বর্ধনায় 50 জন ছাত্র উপস্থিত ছিল। প্রত্যেকে প্রত্যেকের সঙ্গে করমর্দন করলে, এর মোট সংখ্যা কত হবে?
(a) 2,500 (b) 100 (c) 1,225 (d) 2,000

24. কোনও ব্যক্তির ৯টি প্রতিবিম্ব পেতে হলে দুটি আয়নাকে কত কোণে রাখতে হবে?
(a) $60^0$ (b) $45^0$ (c) $40^0$ (d) $36^0$

25.

| | | |
|---|---|---|
| 4 | 6 | 9 |
| 12 | 6 | 3 |
| 6 | ? | 6 |
| 2 | 6 | 18 |

(a) 5 (b) 6 (c) 7 (d) 10

26. সোমনাথ জনপ্রিয়, কারণ:
(a) সে বেশি কথা বলে (b) সে গম্ভীর প্রকৃতির (c) সে দরিদ্র (d) সে রসিক

27. একটি আইসক্রিম কোম্পানির বিভিন্ন স্বাদের বাজার শেয়ার চিত্রের মতো:




যদি মোট শেয়ার 445 কোটি টাকা হয় তবে চকোলেট স্বাদের আইসক্রিমের শেয়ার কত?
(a) 152.5 কোটি টাকা (b) 102.35 কোটি টাকা (c) 100 কোটি টাকা (d) এর কোনওটিই নয়

28. X সম্পর্কে Y-এর বোন, আবার Y সম্পর্কে K-এর কন্যা; K সম্পর্কে L-এর স্বামী; L এক্ষেত্রে Y-এর কে হয়?
(a) পিতা (b) মাতা (c) ভ্রাতা (d) ভগিনী

29. একটি শ্রেণীতে 15 জন ছাত্রছাত্রী আছে। নববর্ষে একে-অপরকে শুভেচ্ছাপত্র বিনিময় করতে চাইলে মোট কটি শুভেচ্ছাপত্র প্রয়োজন?
(a) 225টি (b) 105টি (c) 210টি (d) 196টি

30. নীচের প্রশ্নচিত্র চিহ্নিত স্থানের সংখ্যাটি কত?




(a) 7 (b) 8 (c) 5 (d) 6

31. যদি ABCDLMN এই অক্ষরমালার সাংকেতিক রূপ ZYXWONM হয় তাহলে INDIA-র সাংকেতিক কোড কী হবে?
(a) DINIA (b) RMWRZ (c) DRWIZ (d) INDWR

32. একটি ভুল পদ সমেত একটি সংখ্যাশ্রেণী দেওয়া আছে। প্রদত্ত বিকল্পগুলির মধ্যে থেকে ভুল পদটিকে চিহ্নিত করুন:
1, 2, 6, 15, 32, 56, 92
(a) 32 (b) 42 (c) 6 (d) 1

33. CAACCAC যদি 3113313 হয়, তবে CACAACAC কত হবে?
(a) 13133131 (b) 131333313 (c) 31311313 (d) 31313113

34. যদি KAMINI-এর সংকেত হয় MAKINI এবং ANALOG-এর সংকেত হয় ANAGOL, তবে ENCODE-এর সংকেত হবে:
(a) CNEODE (b) CNEEDO (c) CNOEDE (d) ENCEDO

35. প্রত্যেক ম্যাট্রিকুলেটকে কলেজে ভর্তি করা উচিত, কারণ:
I. উচ্চশিক্ষা ছাড়া তারা সভ্য হবে না। II. উচ্চশিক্ষা ছাড়া তারা আত্মবিকাশ হারাবে।
(a) শুধুমাত্র যুক্তি I জোরালো (b) শুধুমাত্র যুক্তি II জোরালো (c) I এবং II উভয়ই জোরালো (d) I এবং II উভয়ই দুর্বল

### উত্তর

1(c), 2(b), 3(c), 4(d), 5(a), 6(c), 7(a), 8(b), 9(c), 10(b), 11(d), 12(d), 13(b), 14(d), 15(b), 16(c), 17(c), 18(c), 19(c), 20(b), 21(b), 22(b), 23(c), 24(d), 25(b), 26(d), 27(b), 28(b), 29(d), 30(d), 31(b), 32(a), 33(c), 34(b), 35(c).

### সমাধান:

1(c):




2(b): শেষ থেকে স্বস্তিকার স্থান = (47 − 17 + 1) = 31

3(c): শিশু → বিদ্যালয় → কলেজ → কর্মসংস্থান → মাহিনে
2 4 1 5 3

(4 & 5): D > C > A > F > B > E

4(d): সব থেকে বেঁটে E.

5(a): তৃতীয় স্থানে 'A'.

6(c):

| | |
|---|---|
| − ⇒ × | = ⇒ + |
| ? ⇒ − | + ⇒ ÷ |

5 − 9 = 7 ? 9 + 3 = 6 চিহ্ন পরিবর্তনের পর $5 \times 9 + 7 - 9 \div 3 + 6 = 45 + 7 - 3 + 6 = \boxed{55}$

7(a): অধিবর্ষ নয় এমন বছরগুলি একই দিনে বা বারে একই মাসে শুরু হয়;
(a) জানুয়ারি, অক্টোবর (b) ফেব্রুয়ারি, মার্চ, নভেম্বর (c) এপ্রিল ও জুলাই
* অধিবর্ষ হলে একই দিনে মাস শুরু হয়;
(a) জানুয়ারি, এপ্রিল, জুলাই (b) ফেব্রুয়ারি, আগস্ট (c) মার্চ ও নভেম্বর
2002 সালের 1 জানুয়ারি শুক্রবার হলে, 1 অক্টোবর শুক্রবার।

8(b):




9(c): $11 \times 14 + 4 = 158$, $17 \times 13 + 4 = 225$, $15 \times 12 + 4 = \boxed{184}$

10(b):

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| C | H | A | R | C | O | A | L |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 4 | 5 | 1 | 6 | 4 | 9 | 1 | 3 |
| | M | O | R | A | L | E | |
| | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | |
| | 2 | 9 | 6 | 1 | 3 | 7 | |
| A | L | L | O | C | H | R | E |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 1 | 3 | 3 | 9 | 4 | 5 | 6 | 7 |

11(d):




12(d): Fruit পাওয়া যায় Tree-তে। Tree ⇒ Sky

13(b):







14(d): একটি ঘর নিয়ে ত্রিভুজ আছে = 5টি (ABE, ADE, DEC, ECF, EBF)
দুটি ঘর নিয়ে ত্রিভুজ আছে = 4টি (ABD, ABF, ACE, ECB)
তিনটি ঘর নিয়ে ত্রিভুজ আছে = 2টি (AFC, BDC)
পাঁচটি ঘর নিয়ে ত্রিভুজ আছে = 1টি (ABC)
12টি

15(b): 2-এর পাশাপাশি 1, 3, 4, 6 আছে।
2-এর বিপরীতে '5' হবে। 5-এর বিপরীতে '2' হবে।

16(c):




17(c):




18(c):

| | | |
|---|---|---|
| 3 | 5 | 7 ছাড়া অন্য যে-কোনও সংখ্যা |

8 9 5 3 2 5 3 8 5 5 6 8 7 3 3 5 7 7 5 3 6 5 3 3 5 7 3 8 একটিও নেই।

19(c):

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| B | C | D | F | G | H | J | K | L | M |

20(b): 11টা 60 মিনিট
−4টে 27 মিনিট
7 টা 33 মিনিট

21(b):

| | | |
|---|---|---|
| বিজোড় | জোড় | বিজোড় |

5 3 4 8 9 7 [1 6 5 | 3 2 9] 8 4 3 5 9 [5 6 3] 4 8 9 5

22(b): বহুভুজের বাহুসংখ্যা n হলে কর্ণসংখ্যা $= \frac{n(n-3)}{2}$
কর্ণসংখ্যা $= \frac{9(9-3)}{2} = 9 \times 3 = 27$

23(c): ছাত্রসংখ্যা = n হলে, করমর্দনের সংখ্যা $= \frac{n(n-1)}{2}$
করমর্দনের সংখ্যা $= \frac{50(50-1)}{2} = 25 \times 49 = 1225.$

24(d): কোণের পরিমাণ $= \frac{360^0}{\text{প্রতিবিম্ব সংখ্যা} + 1}$
দুটি আয়নায় কোণের পরিমাণ $= \left(\frac{360^0}{9+1}\right) = 36^0$

25(b): $\sqrt{4 \times 9} = 6$, $\sqrt{12 \times 3} = 6$, $\sqrt{6 \times 6} = \boxed{6}$, $\sqrt{2 \times 18} = 6$.

26(d): রসিকরা জনপ্রিয় হয়। সোমনাথ রসিক। ∴ সে জনপ্রিয়।

27(b): চকোলেট $= \left(\frac{23}{100} \times 445\right) = 102.35$ কোটি টাকা।

28(b):




29(d): শুভেচ্ছাপত্র সংখ্যা $= \frac{n(n-1)}{2} = \frac{15 \times (15-1)}{2} = 105$টি।

30(d): প্রত্যেকটি চিত্র 4, 5, 6, 7 এবং 8 দ্বারা গঠিত।
শেষ চিত্রে 4, 5, 7, 8 থাকলেও 6 নেই। ? = 6.

31(b):

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 12 | 13 | 14 | 9 | 14 | 4 | 9 | 1 |
| A | B | C | D | L | M | N | I | N | D | I | A |
| Z | Y | X | W | O | N | M | R | M | W | R | Z |
| 26/27 | 25/27 | 24/27 | 23/27 | 15/27 | 14/27 | 13/27 | 18/27 | 13/27 | 23/27 | 18/27 | 26/27 |

32(a):
[31]
1 2 6 15 [32] 56 92
$+1^2$ $+2^2$ $+3^2$ $+4^2$ $+5^2$ $+6^2$

33(c):

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| C | A | A | C | C | A | C | |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | |
| 3 | 1 | 1 | 3 | 3 | 1 | 3 | |
| C | A | C | A | A | C | A | C |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 3 | 1 | 3 | 1 | 1 | 3 | 1 | 3 |

34(b):




35(c): I এবং II উভয়েই জোরালো।

প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## নৌবাহিনীতে বাদ্যযন্ত্রী

প্রথম পাতার পর

হতে হবে। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া উভয় চোখে ৬/৬০ এবং চশমা-সহ ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/১২ হতে হবে।

বয়স: জন্মতারিখ হতে হবে ১-১০-১৯৯৩ থেকে ৩০-৯-২০০১-এর মধ্যে।

প্রার্থী বাছাই করা হবে মিউজিশিয়ান ক্লিয়ারিং বোর্ড এবং ফাইনাল ক্লিয়ারিং বোর্ডের পরীক্ষার মাধ্যমে। মিউজিশিয়ান ক্লিয়ারিং বোর্ডের পরীক্ষায় প্রথম পর্যায়ে প্রার্থীর বাদ্যযন্ত্র বাজানোর দক্ষতা যাচাই করা হবে। দ্বিতীয় পর্যায়ে থাকবে দৈহিক সক্ষমতা যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশন। মিউজিশিয়ান ক্লিয়ারিং বোর্ড ৬ থেকে ১৬ জুলাই। বিশাখাপত্তনমের পরীক্ষাকেন্দ্রে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (উঠ-বোস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। চূড়ান্ত বাছাই প্রক্রিয়া চলবে ২০ থেকে ২৫ আগস্ট পর্যন্ত।

ট্রেনিং শুরু হবে অক্টোবরে আই এন এস চিল্কায়। প্রথমে ১৪ সপ্তাহের বেসিক ট্রেনিং। এর পর ২৬ সপ্তাহের প্রফেশনালভিত্তিক ট্রেনিং হবে মুম্বইয়ে। প্রশিক্ষণে সফল হলে নিয়োগ করা হবে নাবিক (বাদ্যযন্ত্রী) পদে।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড প্রতি মাসে ১৪,৬০০ টাকা। সফল ট্রেনিং শেষে নিয়োগের পর বেতনক্রম ২১,৭০০-৬৯,১০০ টাকা। মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ সুবিধা। ধাপে ধাপে মাস্টার চিফ পেটি অফিসার পদের র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন বেতনক্রম ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। মিলিটারি সার্ভিস পে ৫,২০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২৭ মে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (অবশ্যই নীল রঙের ব্যাকগ্রাউন্ড থাকতে হবে) আপলোড করতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## আই আই টি কানপুরে চাকরি

প্রথম পাতার পর

(সাধারণ ২, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ প্যাথোলজি বা ক্লিনিক্যাল প্যাথোলজিতে এম এ, সঙ্গে কোনও ডায়াগনস্টিক ল্যাব বা মেডিক্যাল কলেজ কেয়ার ক্লিনিকে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৪৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: সপ্তম বেতন কমিশনের প্রস্তাব অনুযায়ী লেভেল ১০ অনুসারে।

অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: ৫৫ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি বা সমতুল। মাধ্যমিক থেকে স্নাতকোত্তর স্তর পর্যন্ত ধারাবাহিকভাবে ভাল ফল করে থাকতে হবে। বয়স: ৪৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: সপ্তম বেতন কমিশনের প্রস্তাব অনুযায়ী লেভেল ১০ অনুসারে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iitk.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৯ জুন। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ দরখাস্তের প্রিন্ট আউট স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Recruitment Section, Room No.224, Faculty Building, IIT Kanpur-208 016 (U.P.) দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ২৬ জুন।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ৩৫০ জুনিয়র অ্যাকাউন্টস ক্লার্ক

প্রথম পাতার পর

ওয়েবসাইটের মাধ্যমে: www.bsphcl.bih.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩১ মে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (৫০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ১,৫০০ টাকা। ফি জমা দেওয়া যাবে ক্রেডিট বা ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা দরখাস্ত এবং রেজিস্ট্রেশন স্লিপের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ই-মেল করতে পারেন এই ঠিকানায়: employment@bsphcl.co.in

## প্যারামেডিক্যাল টেকনোলজির ডিপ্লোমা কোর্সে ভর্তির পরীক্ষা ৮ জুলাই

প্রথম পাতার পর

দিয়ে থাকলে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনের প্রিন্ট আউট ১১ জুনের মধ্যে সাধারণ ডাক বা স্পিড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Post Bag No.781, Circus Avenue Post Office, Kolkata-700 001.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রেল সুরক্ষা বাহিনীতে ১১২০ সাব-ইনস্পেক্টর

প্রথম পাতার পর

তফসিলি উপজাতি ৯, ও বি সি ৯)।

**গ্রুপ বি:** মধ্য রেল, পশ্চিম রেল, পশ্চিম-মধ্য রেল, দক্ষিণ-পূর্ব-মধ্য রেল: পুরুষদের জন্য শূন্যপদ: ১৯৪টি (সাধারণ ৫৯, তফসিলি জাতি ২৪, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ৪৮)। মহিলাদের জন্য শূন্যপদ: ৫৯টি (সাধারণ ২২, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮)।

**গ্রুপ সি:** পূর্ব রেল, পূর্ব-মধ্য রেল, দক্ষিণ-পূর্ব রেল, ইস্টকোস্ট রেল: পুরুষদের জন্য শূন্যপদ: ২৮৭টি (সাধারণ ১৪৯, তফসিলি জাতি ৪৯, তফসিলি উপজাতি ২১, ও বি সি ৬৬)। মহিলাদের জন্য শূন্যপদ: ১১২টি (সাধারণ ৫৯, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৯, ও বি সি ২৬)।

**গ্রুপ ডি:** উত্তর রেল, উত্তর-পূর্ব রেল, উত্তর-পশ্চিম রেল, উত্তর-মধ্য রেল: পুরুষদের জন্য শূন্যপদ: ১৭৩টি (সাধারণ ৯৬, তফসিলি জাতি ৩৬, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৩১)। মহিলাদের জন্য শূন্যপদ: ৬৯টি (সাধারণ ৩৯, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১২)।

**গ্রুপ ই:** উত্তর সীমান্ত রেল: পুরুষদের জন্য শূন্যপদ: ৩০টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। মহিলাদের জন্য শূন্যপদ: ১২টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)।

**গ্রুপ এফ:** আর পি এস এফের মোট শূন্যপদ: শুধুমাত্র পুরুষদের জন্য শূন্যপদ: ৫৯টি (সাধারণ ৫৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১)।

মোট শূন্যপদের ১০ শতাংশ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখার গ্র্যাজুয়েট। এ বছর যারা ফাইনাল ইয়ারের পরীক্ষা দিয়েছেন, তারা রেজাল্ট হাতে পেলে তবেই আবেদন করতে পারবেন।

**বয়স:** ১-৭-২০১৮ তারিখে ২০ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বয়সে তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, বিবাহবিচ্ছিন্না এবং আইনত স্বামীবিচ্ছিন্না মহিলারা পুনরায় বিবাহ না করে থাকলে ২ (তফসিলিরা ৭, ও বি সি-রা ৫) বছরের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে অন্তত ১৬৫ সেমি (তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি, গোর্খাদের ক্ষেত্রে ১৬৩ সেমি)। বুকের ছাতি: না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (শুধু তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬.২ ও ৮১.২ সেমি)। মহিলাদের ক্ষেত্রে– উচ্চতা অন্তত ১৫৭ সেমি (তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ১৫২ সেমি, গোর্খাদের ক্ষেত্রে ১৫৫ সেমি)।

**বেতন:** সপ্তম সেন্ট্রাল পে কমিশনের লেভেল-সিক্স অনুসারে বেতনক্রম নির্ধারিত হবে। শুরুতে বিভিন্ন ভাতা-সহ মোট বেতন ৩৫,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই ও দৈহিক সক্ষমতার পরীক্ষা, মেডিক্যাল টেস্ট ও নথিপত্র যাচাইয়ের মাধ্যমে। কম্পিউটারভিত্তিক পরীক্ষা আয়োজিত হবে সেপ্টেম্বর-অক্টোবর মাস নাগাদ। সবক'টি গ্রুপের রেলের পরীক্ষা একই সঙ্গে আয়োজিত হবে। ফলে যে-কোনও একটি গ্রুপের শূন্যপদে আবেদন করবেন। শুধু তফসিলি প্রার্থীরা পরীক্ষাকেন্দ্রে যাতায়াতের জন্য রেলের পাস পাবেন। এ জন্য দরখাস্তের সময়ই তাঁদেরকে আবেদন করতে হবে।

কম্পিউটারভিত্তিক পরীক্ষা দেড় ঘণ্টার। মোট ১২০টি অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে– জেনারেল অ্যাওয়ারনেস (৫০ নম্বর), পাটিগণিত (৩৫ নম্বর), জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (৩৫ নম্বর)। মাত্রক মানের প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য অতিরিক্ত এক-তৃতীয়াংশ নম্বর কাটা যাবে। পশ্চিমবঙ্গের প্রার্থীরা বাংলা ভাষায় পরীক্ষা দিতে পারবেন। সে ক্ষেত্রে অনলাইন দরখাস্তে ভাষার উল্লেখ করে দিতে হবে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে, পুরুষদের ক্ষেত্রে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়, ১২ ফুট লং জাম্প ও ৩.৯ ফুট হাই জাম্প। মহিলাদের ক্ষেত্রে থাকবে ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়, ৯ ফুট লং জাম্প ও ৩ ফুট হাই জাম্প।

অনলাইন দরখাস্ত করতে হবে। ১ জুন থেকে ৩০ জুন পর্যন্ত দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্তের লিঙ্ক পাওয়া যাবে এই ওয়েবসাইটে: http://www.indianrailways.gov.in/railwayboard/ প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। প্রার্থীকে অনলাইন দরখাস্তের জন্য পছন্দের একটি গ্রুপ বেছে নিতে হবে। ই এবং এফ গ্রুপ ছাড়া অন্য যে-কোনও গ্রুপের ক্ষেত্রে পছন্দের ক্রমানুসারে রেল বেছে নেওয়া যাবে। অনলাইন দরখাস্তের শুরুতে নাম, জন্মতারিখ, বাবা-মায়ের নাম, আধার নম্বর (থাকলে), রাজ্যের নাম, মাধ্যমিকের রোল নম্বর, মাধ্যমিক পাশের বছর, মোবাইল নম্বর, ই-মেল আইডি ইত্যাদি উল্লেখ করে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর রেজিস্ট্রেশন নম্বর ও ওয়ান টাইম পাসওয়ার্ড পাওয়া যাবে প্রার্থীর মোবাইল নম্বর ও ই-মেলে। এই পাসওয়ার্ড ব্যবহার করে অনলাইন দরখাস্ত করবেন ও ফি জমা দেবেন। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (জে পি জি ফর্ম্যাটে ১৫ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। যেসব তফসিলি প্রার্থী পরীক্ষাকেন্দ্রে যাতায়াতের জন্য রেলের পাস চাইবেন, তাদের কাস্ট সার্টিফিকেট স্ক্যান করে (জে পি জি ফর্ম্যাটে ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (মহিলা, তফসিলি, প্রাক্তন সমরকর্মী, সংখ্যালঘু এবং অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। যেসব প্রার্থীর বার্ষিক পারিবারিক উপার্জন ৫০ হাজার টাকার নীচে, তারা অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া প্রার্থী হিসেবে গণ্য হবেন। এই প্রার্থীদের বার্ষিক পারিবারিক আয়ের সার্টিফিকেট জমা দিতে হবে নথিপত্র যাচাইয়ের সময়। সংখ্যালঘুদের ক্ষেত্রেও নথিপত্র যাচাইয়ের সময় সার্টিফিকেট জমা দিতে হবে। কম্পিউটারভিত্তিক পরীক্ষায় উপস্থিত থাকলেই সাধারণ এবং ও বি সি ক্যাটেগরির প্রার্থীরা ৪০০ টাকা এবং সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা পুরো ফি ফেরত পাবেন। সবক্ষেত্রেই ব্যাঙ্ক চার্জ বাবদ একটা অংশ কেটে নেওয়া হবে। ফি দেওয়া যাবে অনলাইন ব্যবস্থায় ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ২ জুলাই পর্যন্ত। স্টেট ব্যাঙ্কের চালানের মাধ্যমেও নগদে ফি জমা দেওয়ার ব্যবস্থা আছে। চালান ডাউনলোড করা যাবে ওয়েবসাইট থেকে। চালানের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে ৫ জুলাই পর্যন্ত।

উল্লিখিত সবক'টি রেলের ওয়েবসাইটেও এই নিয়োগ সংক্রান্ত তথ্য পাবেন। নথিপত্রের বয়ান পাবেন ভারতীয় রেলের উপরোক্ত ওয়েবসাইটে।

### কবে কোন পরীক্ষা

বিজ্ঞপ্তি নম্বর 700 P.S.C./Con.IIA. অনুসারে বোর্ড-১ ও বোর্ড-২-এর ক্ষেত্রে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত কৃষি প্রযুক্তি সহায়ক রিক্রুটমেন্ট এক্সামিনেশন, ২০১৬-র ইন্টারভিউ ১৪ মে-র পরিবর্তে নেওয়া হবে ২০ জুলাই। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.pscwbapplication.in

## মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র

প্রতি মাসে ৫,০০০ টাকারও বেশি পুরস্কার জিতুন। নিচের ১২টি প্রশ্নের উত্তর খুঁজে বের করুন, কুপনটি পূরণ করুন আর পাঠিয়ে দিন যে কোনো একটি ঠিকানায়- **Yearbook Division, Malayala Manorama, Kottayam - 686001** অথবা মালয়ালা মনোরমা, ১৮, পরাশর রোড, দ্বিতীয় তল (লেক মার্কেটের কাছে), কলকাতা - ৭০০০২৯। খামের উপর বড় বড় করে লিখুন 'মনোরমা ইয়ারবুক এক ডজন ক্যুইজ'। যাঁদের সবকটি প্রশ্নের উত্তর সঠিক হবে তাঁদের মধ্যে থেকে পাঁচ জনকে লটারির ভিত্তিতে বেছে নিয়ে প্রত্যেককে ১,০০০ টাকা এবং আরও ১০ জনকে **মনোরমা ইয়ারবুক ২০১৮** বইটি পুরস্কার দেওয়া হবে।*

দেরি করবেন না! এই বিজ্ঞাপন প্রকাশের দু'সপ্তাহের মধ্যে আপনার উত্তর আমাদের কাছে পৌঁছনো চাই। অধিকাংশ উত্তরই বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত জ্ঞানকোষ **মনোরমা ইয়ারবুক** ও **কর্মক্ষেত্র**-য় পাবেন।

### এক ডজন ক্যুইজ

1. দেশীয় প্রযুক্তিতে তৈরি ভারতের প্রথম গবেষণা - জাহাজটির নাম কী?
   A. সিন্ধু সাধনা B. সিন্ধু দর্শনী C. গঙ্গা সাধনা
2. কোন দেশের প্রথম প্রত্যক্ষ রাষ্ট্রপতি নির্বাচনে জয়ী হন রিসেপ তাইপ এরদোগান?
   A. গ্রিস B. তুরস্ক C. মোঙ্গলিয়া
3. ওষুধের উপর কোন হারের জিএসটি বসানো হয়?
   A. স্টেট জিএসটি B. সেন্ট্রাল জিএসটি C. স্টেট ও সেন্ট্রাল জিএসটি
4. সম্প্রতি এক বিশাল হিমশৈল ভেঙে পড়ে পিটারম্যান হিমবাহ থেকে। এটি কোথায় অবস্থিত?
   A. গ্রিনল্যান্ড B. অ্যান্টার্কটিকা C. সাইবেরিয়া
5. সম্প্রতি কেন্দ্রীয় ক্যাবিনেট কেন-বেতোয়া নদী সংযোগ প্রকল্প মঞ্জুর করেছে। এটি কোন দুই রাজ্যকে উপকৃত করবে?
   A. উত্তরপ্রদেশ ও রাজস্থান B. উত্তরপ্রদেশ ও মধ্যপ্রদেশ C. উত্তরপ্রদেশ ও পশ্চিমবঙ্গ
6. মাউন্ট ব্লাঁ (Mount Blanc) কোন অঞ্চলের সর্বোচ্চ শৃঙ্গ?
   A. উত্তর আমেরিকা B. অস্ট্রেলিয়া C. ইউরোপিয়ান ইউনিয়ন
7. প্রধানমন্ত্রী জন-ধন যোজনার প্রধান লক্ষ্য কী?
   A. বিনা সুদে ঋণ দান B. দেশের সমস্ত গরীব মানুষের ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা C. বিনা সুদে উপজাতি মানুষদের ঋণ দান
8. সঙ্গমো বা ছাঙ্গু হ্রদ কোথায় অবস্থিত?
   A. সিকিম B. জম্মু ও কাশ্মীর C. উত্তরাখণ্ড
9. যুব অলিম্পিক গেমসে অংশ নেওয়ার বয়সসীমা কী?
   A. ১৮-২৫ B. ১৫-২২ C. ১৪-১৮
10. ভারতের পাশাপাশি এর মধ্যে কোন দেশ ১৫ আগস্ট স্বাধীনতা দিবস পালন করে?
    A. অস্ট্রেলিয়া B. কোরিয়া C. কিউবা
11. এর মধ্যে কোন দেশটির ভৌগোলিক অঞ্চল ভারতের চেয়ে ছোট?
    A. দক্ষিণ আফ্রিকা B. ব্রাজিল C. অস্ট্রেলিয়া
12. বিশ্বের মোট ভৌগোলিক অঞ্চলের কত অংশ ভারতে?
    A. ২৪% B. ০.২৪% C. ২.৪%

**উত্তর**

সঠিক উত্তরটির পাশের বাক্সে x চিহ্ন দিন

| | | | |
|---|---|---|---|
| 1. | A☐ | B☐ | C☐ |
| 2. | A☐ | B☐ | C☐ |
| 3. | A☐ | B☐ | C☐ |
| 4. | A☐ | B☐ | C☐ |
| 5. | A☐ | B☐ | C☐ |
| 6. | A☐ | B☐ | C☐ |
| 7. | A☐ | B☐ | C☐ |
| 8. | A☐ | B☐ | C☐ |
| 9. | A☐ | B☐ | C☐ |
| 10. | A☐ | B☐ | C☐ |
| 11. | A☐ | B☐ | C☐ |
| 12. | A☐ | B☐ | C☐ |

**মনোরমা ইয়ারবুক কর্মক্ষেত্র** এক ডজন ক্যুইজ

Name: ....................................

Address: ....................................

....................................

....................................

Pin Code: ....................................

Ph./Mob. No.: ....................................

মে, ২০১৮

ফেব্রুয়ারি, ২০১৭ ক্যুইজের উত্তর: 1-B, 2-B, 3-B, 4-A, 5-A, 6-A, 7-B, 8-B, 9-B, 10-C, 11-C, 12-C

ফেব্রুয়ারি, ২০১৭ ক্যুইজে পুরস্কার জয়ী: অনাদি মাহাতো, পুরুলিয়া; দেবাশিস দত্ত, মালদা; মাধবী মণ্ডল, মালদা; নারায়ণ চন্দ্র সাহা, মালদা; টনি দাস, কলকাতা। পুরস্কার: প্রত্যেককে ১,০০০ টাকা।

* উপরের কুপনটি ছাড়া অন্য কোনোভাবে উত্তর পাঠালে তা গৃহীত হবে না। চূড়ান্ত সিদ্ধান্ত মনোরমা ইয়ারবুকের।

Visit www.banglajobguide.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# বাঁকুড়া কোর্টে স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন ক্লার্ক, প্রোসেস সার্ভার ও গ্রুপ ডি

ইংলিশ স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন ক্লার্ক, প্রোসেস সার্ভার ও গ্রুপ 'ডি' পদে ৫৫ জন কর্মী নেবে কলকাতা হাইকোর্টের অধীনস্থ বাঁকুড়া জেলা আদালত। প্রার্থী বাছাই করবে ডিস্ট্রিক্ট রিক্রুটমেন্ট কমিটি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ১।

শূন্যপদের বিবরণ: **ইংলিশ স্টেনোগ্রাফার-গ্রেড থ্রি**: ৯টি (সাধারণ ২, সাধারণ-ই সি ২, তফসিলি জাতি ১, তফসিলি জাতি-ই সি ১, ও বি সি-এ ১, ও বি সি-বি ১, ও বি সি-বি-ই সি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে কম্পিউটার ট্রেনিংয়ে সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে এবং কম্পিউটার অপারেশনে দক্ষ হতে হবে। এছাড়া ইংরেজিতে শর্টহ্যান্ডে মিনিটে ৮০টি শব্দের দ্রুততা ও ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বেতনক্রম: ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা।

**লোয়ার ডিভিশন ক্লার্ক**: ১৪টি (সাধারণ ৬, সাধারণ-ই সি ২, তফসিলি জাতি ১, তফসিলি জাতি-ই সি ২, তফসিলি উপজাতি-ই সি ১, ও বি সি-এ ১, ও বি সি-বি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে কম্পিউটার ট্রেনিংয়ে সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে এবং কম্পিউটার অপারেশনে দক্ষ হতে হবে। বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

**প্রোসেস সার্ভার**: ৬টি (সাধারণ ২, সাধারণ-ই সি ১, সাধারণ-দক্ষ খেলোয়াড় ১, তফসিলি জাতি ১, ও বি সি-বি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৩০০ টাকা।

**গ্রুপ ডি (পিওন/নাইট গার্ড/ফরাস)**: ২৬টি (সাধারণ ১১, সাধারণ-ই সি ৩, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ২, তফসিলি জাতি ২, তফসিলি জাতি-ই সি ৩, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, ও বি সি-এ ২, ও বি সি-এ-ই সি ১, ও বি সি-বি ১)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। বেতনক্রম: ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা।

**বয়স**: ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

দক্ষ খেলোয়াড়দের আন্তর্জাতিক বা জাতীয় প্রতিযোগিতা বা ইন্টার-ইউনিভার্সিটি টুর্নামেন্ট বা ন্যাশনাল স্কুল গেমস প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে। খেলোয়াড়দের নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: অ্যাথলেটিক্স (ট্রাক ও ফিল্ড ইভেন্টস-সহ), ওয়েটলিফটিং, ব্যাডমিন্টন, রেসলিং, বাস্কেটবল, বক্সিং, ক্রিকেট, সাইক্লিং, ফুটবল, জিমন্যাস্টিক্স, হকি, জুডো, সুইমিং, রাইফেল শ্যুটিং, টেবল টেনিস, কবাডি, ভলিবল, খোখো এবং টেনিস।

প্রার্থী বাছাই করা হবে স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষা (১০০ নম্বর), ডিক্টেশন অ্যান্ড ট্রান্সক্রিপশন টেস্ট (৪০০ নম্বর), কম্পিউটার টাইপ টেস্টের (১০০ নম্বর) মাধ্যমে। লিখিত পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল ইংলিশ বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা। ডিক্টেশন অ্যান্ড ট্রান্সক্রিপশন টেস্টের ক্ষেত্রে ৬ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন ১ ঘণ্টার মধ্যে লিখতে হবে। টাইপ টেস্টের ক্ষেত্রে একটি ইংরেজি পাণ্ডুলিপি থেকে মিনিটে ৩০টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে টাইপ করতে হবে। এরপর নেওয়া হবে কম্পিউটার অপারেশন এবং পার্সোন্যালিটি টেস্ট।

অন্যান্য সবকটি পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা (১০০ নম্বর) এবং পার্সোন্যালিটি টেস্টের (২০ নম্বর) মাধ্যমে। লিখিত পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে অ্যারিথমেটিক, ইংলিশ, বাংলা এবং জেনারেল নলেজ বিষয়ে। প্রতিটি প্রশ্নের মান ১। সময়সীমা ২ ঘণ্টা। সব ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://ecourts.gov.in/Bankura অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ জুন। আবেদনপত্র পূরণ করবেন যথাযথ ভাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো এবং সই (উভয়ই ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইন ব্যবস্থায় ফি বাবদ দিতে হবে গ্রুপ ডি-র ক্ষেত্রে ২০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১৫০ টাকা) এবং বাকি পদগুলির ক্ষেত্রে ৩০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২০০ টাকা)। ফি দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা ই-চালানের মাধ্যমে। অনলাইনে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.calcuttahighcourt.nic.in প্রয়োজনে ই-মেল করতে হবে এই ঠিকানায়: rectt2018bankuracourt@gmail.com

# ট্রেনিং দিয়ে কোস্টগার্ডে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট

*প্রথম পাতার পর*

উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। সঙ্গে ডিরেক্টর জেনারেল অব সিভিল অ্যাভিয়েশন কর্তৃক স্বীকৃত বৈধ কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকতে হবে। আগে যাঁরা কম্পিউটারাইজড পাইলট সিলেকশন সিস্টেমে ব্যর্থ হয়েছেন বা এয়ারফোর্স অ্যাকাডেমির ফ্লাইং ট্রেনিং থেকে বহিষ্কৃত হয়েছেন, তাঁরা আর আবেদন করবেন না।

সব ক্ষেত্রেই তফসিলি, এন সি সি 'সি' সার্টিফিকেট ('এ' গ্রেড)-ধারীরা, জাতীয় স্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণকারী খেলোয়াড়রা এবং কোস্টগার্ডে কর্মরত অবস্থায় মৃত সৈনিকের সন্তানেরা স্নাতকস্তরের নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। উচ্চমাধ্যমিকের নম্বরে কোনও ছাড় পাওয়া যাবে না।

**জন্মতারিখ**: জেনারেল ডিউটির ক্ষেত্রে ১-৭-১৯৯৪ থেকে ৩০-৬-১৯৯৮-এর মধ্যে এবং জেনারেল ডিউটি (পাইলট) ও কমার্শিয়াল পাইলট এন্ট্রির ক্ষেত্রে ১-৭-১৯৯৪ থেকে ৩০-৬-২০০০-এর মধ্যে।

তফসিলি এবং ও বি সিরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক**: উচ্চতা: অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (জেনারেল ডিউটি) শাখার ক্ষেত্রে ১৫৭ সেমি (পার্বত্য ও উপজাতি এলাকার প্রার্থীরা সরকারি নিয়মানুসারে ছাড় পাবেন)। অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (পাইলট) এবং কমার্শিয়াল পাইলট লাইসেন্স (এস এস এ) শাখার ক্ষেত্রে ১৬২.৫ সেমি। পায়ের দৈর্ঘ্য অন্তত ৯৯ সেমি হতে হবে। সব ক্ষেত্রেই বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।

**দৃষ্টিশক্তি**: অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (জেনারেল ডিউটি) শাখার ক্ষেত্রে চশমা ছাড়া ৬/৬ ও ৬/৯, চশমা-সহ উভয় চোখে ৬/৬। অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (পাইলট) এবং কমার্শিয়াল পাইলট লাইসেন্স (এস এস এ) শাখার ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য।

প্রাথমিকভাবে মেধার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। তালিকাভুক্ত প্রার্থীরা প্রিলিমিনারি সিলেকশনের জন্য ডাক পাবেন। প্রথম পর্যায়ের পরীক্ষায় থাকবে মেন্টাল এবিলিটি টেস্ট বা কগনিটিভ অ্যাপ্টিটিউড টেস্ট, পিকচার পারসেপশন ও ডিসকাশন টেস্ট। ফাইনাল পর্যায়ে থাকবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও পার্সোন্যালিটি টেস্ট। সবশেষে মেডিক্যাল টেস্ট। কেবল জি ডি (পাইলট) পদের ক্ষেত্রে দেরাদুন বা মাইসোরে কম্পিউটারাইজড পাইলট সিলেকশন সিস্টেম (সি পি এস এস) পরীক্ষা নেওয়া হবে। প্রার্থী বাছাই প্রক্রিয়া শুরু হবে জুন মাসের তৃতীয় সপ্তাহ থেকে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

**বেতন**: ৫৬, ১০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৯ মে থেকে ১ জুন পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (১০ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) এবং সই (১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। যথাযথভাবে ফর্ম পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর অ্যাপ্লিকেশন বা রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। এই নম্বরের সাহায্যে অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে ৮ জুন থেকে ২৪ জুনের মধ্যে। অ্যাডমিট কার্ডের ২ কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এই দুটি প্রিন্ট আউটের নির্দিষ্ট জায়গায় ফটো সেঁটে সই করবেন। দুটি কপিই পরীক্ষাকেন্দ্রে নিয়ে যেতে হবে। একটি প্রিন্ট আউটের সঙ্গে যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল গেঁথে দেবেন। মূল নথিগুলিও সঙ্গে রাখবেন। অপর প্রিন্ট আউটটি নিজের কাছে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।




কাজের খবরে
১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক
পঠিত কর্মপত্রিকা
সপ্তাহে দু'দিন:
শুক্রবার - কর্মক্ষেত্র
সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ
Source - Average Issue Readership IRS 2017

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১, ভিস্টা প্রিন্ট প্রাঃ লিঃ, পরিবহন নগর, মাটিগাড়া, শিলিগুড়ি, দার্জিলিং থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২০২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in

www.banglajobguide.tk